




আমেরিকান মদে ১৫০
শতাংশ শুল্ক আরোপ
করেছে ভারত পৃষ্ঠা ২২

প্রথম আলো

Prothom Alo North America
Thursday, 13 March 2025, 8th Year, Issue 417, 40 Pages



ট্রুডোর বিদায়,
কানির শপথ
পৃষ্ঠা ২৪

বৃহস্পতিবার, ১৩ মার্চ ২০২৫, ২৪ ফাল্গুন ১৪৩১, ১৩ রমজান ১৪৪৬, ৮ম বর্ষ, সংখ্যা ৪১৭, পৃষ্ঠা ৪০

৫০ দিনে বিশ্বকে যেভাবে কাঁপিয়ে দিলেন ট্রাম্প

ট্রাম্পের দ্বিতীয় মেয়াদ

গত ৫০ দিনে ট্রাম্প এমন অনেক কাজ করেছেন, যা যুক্তরাষ্ট্রের ইতিহাসে আর কোনো প্রেসিডেন্ট করেননি।

ডেস্ক রিপোর্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ক্ষমতা গ্রহণ করেন ২০ জানুয়ারি। গত ১১ মার্চ ছিল তার ক্ষমতা গ্রহণের ৫০ দিন। এই সময়ের মধ্যে এমন অনেক কাজ করেছেন, যা যুক্তরাষ্ট্রের ইতিহাসে আর কোনো প্রেসিডেন্ট করেননি। তার এসব কাজ আন্তর্জাতিক ব্যবস্থার ভিত্তি আমূল পরিবর্তন করেছে। অথচ দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিজয়ের পর খুব কষ্টে ওয়াশিংটনই এসব ভিত্তি তৈরি করেছিল।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ নিয়ে যুক্তরাষ্ট্র যে অবস্থানে ছিল, ট্রাম্প ক্ষমতা গ্রহণের পর কোনো ধরনের আনুষ্ঠানিকতা বা বিকল্প কৌশলগত রূপরেখা ঘোষণা না করেই কিয়েভকে ছুড়ে ফেলছেন। রাশিয়ার হামলার নিন্দা জানিয়ে সম্প্রতি জাতিসংঘের সাধারণ



■ পুরোনো ব্যবস্থাকে ভেঙে দিতে চাইলেও নিজেকে কী গড়তে চাইছেন, তা নিয়ে ট্রাম্প স্পষ্ট করে কিছু বলছেন না। তবে মনে হচ্ছে, উনবিংশ শতাব্দীর বৃহৎ শক্তির রাজনীতির জগৎই তার পছন্দ।

পরিষদে রাশিয়াকে আত্মসনকারী দেশ উল্লেখ করে একটি প্রস্তাব এনেছিল ইউক্রেন ও তার ইউরোপীয় মিত্ররা।

এ প্রস্তাবের বিপক্ষে ভোটদানের নির্দেশ

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

ভারতীয় মার্কিনদের গভীর উদ্বেগ

যুক্তরাষ্ট্র

ডেস্ক রিপোর্ট

ভারতীয় মার্কিনেরা ভারতের ভবিষ্যৎ নিয়ে আশাবাদী হলেও ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে যুক্তরাষ্ট্র-ভারত সম্পর্ক

নিয়ে তাঁদের মধ্যে গভীর উদ্বেগ রয়েছে। কানিগি এনডাওমেন্ট ফর ইন্টারন্যাশনাল পিস ও ইউগান্ডার যৌথভাবে পরিচালিত ‘২০২৪ ভারতীয় মার্কিন জরিপ’ এমনটাই ইঙ্গিত দিচ্ছে। যুক্তরাষ্ট্রের ৫ মিলিয়নেরও বেশি

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

চার দিনের সফরে ঢাকায় গুতেরেস, যাবেন কক্সবাজারে

ঢাকা ডেস্ক

চারদিনের সফরে বৃহস্পতিবার ঢাকায় পৌঁছেছেন জাতিসংঘের মহাসচিব আন্তনিও গুতেরেস।



সফরকালে আন্তনিও গুতেরেস কক্সবাজারে অবস্থিত রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করবেন তিনি। পরিদর্শনকালে আগামী শুক্রবার বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

মাগুরার শিশুটি মারা গেছে

ঢাকা ডেস্ক

ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন মাগুরায় ধর্ষণের শিকার শিশুটি মারা গেছে। বৃহস্পতিবার আন্তর্জাতিক জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) থেকে পাঠানো এক বার্তায় এ তথ্য জানানো হয়েছে।

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

হাসিনা-ইমরানসহ ৫ জনের বিরুদ্ধে থেংগারি পরোয়ানা

শাপলা চত্বরে গণহত্যা

ঢাকা ডেস্ক

২০১৩ সালের ৫ ও ৬ই মে রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরসহ সারা দেশে হেফাজতে ইসলামের সমাবেশকে কেন্দ্র করে তাদের নেতাকর্মীদের হত্যা-নির্যাতনসহ মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মামলা হয়েছে। এ মামলায় পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও গণজাগরণ মঞ্চের মুখপাত্র ইমরান এইচ সরকারসহ ৯ জনকে আসামি করা



শেখ হাসিনা

ইমরান সরকার

হয়েছে। এই ৯ জন আসামির মধ্যে চারজন বিভিন্ন মামলায় থেংগারি আছেন। তাদের হাজির করার নির্দেশ দিয়েছেন ট্রাইব্যুনাল। বাকি পাঁচজন আসামির

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৩

ষড়যন্ত্র মোকাবিলা করবে বিএনপি

কর্মশালায় মির্জা আব্বাস

ঢাকা ডেস্ক

আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে কোনো ষড়যন্ত্র হলে তা মাঠে থেকেই মোকাবিলা করার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। দলটি মনে করছে, জাতীয় নির্বাচন নিয়ে অন্তর্বর্তী সরকারের মধ্যে গড়িমসির বিষয়টি স্পষ্ট। গণপরিষদ নির্বাচন, সেকেন্ড

রিপাবলিক ও স্থানীয় সরকারের দাবি তুলে নির্বাচনকে প্রলম্বিত করার চেষ্টা চলছে। যার পেছনে সরকারের একাধিক উপদেষ্টার ‘মদদ’ রয়েছে। সরকার বিএনপিকে নয়, তরুণদের নতুন দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ও বৈষম্যবিরোধী ছাত্রদের শক্তি ভাবে। তারা সহজে ক্ষমতা ছাড়বে কিংবা নির্বাচন দেবে বলে মনে হচ্ছে না।

গত সোমবার রাতে বিএনপির

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

Taxes, Immigration, Bookkeeping & more
All Under One Roof!

Dynamic Tax & Accounting
(646) 295-3811
www.dynamicsrv.com

Abdul Wahab Chowdhury
Co-Founder / Managing Partner
আমরা দীর্ঘ ২৫ বছরেরও বেশি সময় ধরে অত্যন্ত সফলতার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি

আপনি যদি অসুস্থ ও শারীরিকভাবে অক্ষম হয়ে থাকেন, তাহলে আপনি আপনার সেবার জন্য বাসায় সেবাদানকারী পেতে পারেন

এসেনসিয়াল হোম কেয়ার
ESSENTIAL HOME CARE
MOHAMMAD HOSSAIN ISTIAQUE, CEO

Jamaica Office
170-10 Hillside Ave
Jamaica, NY 11432
Tel: 917-300-6463, 516-744-7544
Fax: 517-744-7111
E-mail: support@essentialcareny.com

Jackson Heights Office
37-18, 73 Street, Suite # 202
Jackson Heights, NY 11373
Phone: 516-744-7544, 516-605-8123, 917-300-6463, Fax: 516-744-7111
E-mail: support@essentialcareny.com

Bronx Office
2165 Starling Ave
Bronx, NY 10462
Tel: 917-970-0056
Fax: 917-970-0058
E-mail: support@essentialcareny.com

CDPAP Transition

Community Outreach Partner

● Bangla ● Hindi ● Urdu ● Spanish

+1 347 571 1804

CHISHTI CPA PC
GROW YOUR BUSINESS WITH US

ইনকাম ট্যাক্স আমাদের সেবাসমূহ

- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- শুল্ক বিসনেস ট্যাক্স রিটার্ন
- সেফ এমপ্লয়মেন্ট ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

Call/email/make appointment at www.chishtiaccounting.com
T: 917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com
73-19 Broadway, Jackson Heights NY11372

চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Trusted Accounting and Tax Services
Over 13 Years of Accounting and Taxation Experience

ইনকাম ট্যাক্স

- INDIVIDUAL TAX RETURN
- CORPORATE TAX RETURN
- SMALL BUSINESSES TAX RETURN
- SELF-EMPLOYED (UBER/LYFT/CAD DRIVER)

একাউন্টিং ও বুককিপিং

- PAYROLL
- W2S, 1099S
- FINANCIAL STATEMENT
- SALES TAX QUARTERLY AND YEAR END FILINGS

LIBERTY TRAVELS & TECH
AIR TICKET, WORLDWIDE MONEY TRANSFER

Our Other Services:

- PHOTOCOPY
- E-MAIL PRINT
- BANNER
- MONEY TRANSFER
- BUSINESS CARDS
- CUSTOM T-SHIRT
- FLYER
- A-SIGN
- CARGO
- FEDEX/UPS
- CELL PHONE
- MUG PRINTING

Mohammad K. Chishti, CPA
72-30 Roosevelt Ave, Jackson Hts, NY 11372. Cell: 347-448-6092, 518-699-2499



Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিন্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন ক্লিন ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমুদ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুডু
- ▶ দাবা
- ▶ ধাঁধা
- ▶ অধ্যয়ন



For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



Tribune Training Academy

SECURITY GUARD & OSHA TRAINING

সিকিউরিটি গার্ড ও
ওশা লাইসেন্স ট্রেনিং

Get Your License Today!

Contact Us

Phone: 718-790-2664
Email: tribunest@gmail.com
40-38 75th Street, Elmhurst, NY 11373
www.tribunest.com



PEOPLE N TECH

A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005

EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS. 100% JOB PLACEMENT RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleN Tech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:
NYC Consumer and Worker Protection

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

জ্যামাইকার সার্টিফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি



মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যন্ত্রসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকোজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, চিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
- আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।



আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এডজমা (হাঁপানি), বাতের ব্যাধি, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715



Gehil Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999
TEL: 718-577-0711
TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটোর *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ারসি ভিসা প্রসেসিং

Do you want apply for a green card? Are you being deported?
Are you having credit card problems? Are you unable to pay your debts?
Has your bank account been sealed? Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সক্ষ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

WE ARE OPEN 7 DAYS a week

আমরা বাংলায় কথা বলি

সুরাইয়া রহমান

সমালোচনা করতে গিয়ে মুখ্য বিষয় যেন গোঁণ হয়ে না যায়

ভার্চুয়ালি তারেক রহমান

মঙ্গলবার রাজধানীর গুলশানে শুটিং ক্লাবে এক ইফতার মাহফিলে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন।

ঢাকা ডেস্ক

দেশ ও জাতির প্রয়োজনে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের তাগিদ দিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এ ক্ষেত্রে পরস্পরের মধ্যে অহেতুক সমালোচনা থেকে বিরত থাকারও আহ্বান জানিয়েছেন তিনি।

মঙ্গলবার রাজধানীর গুলশানে শুটিং ক্লাবে এক ইফতার মাহফিলে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন। রাজনৈতিক দলগুলোর সম্মানে জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন (এনডিএম) এই ইফতারের আয়োজন করে।

তারেক রহমান বলেন, ‘আমরা বাস্তবধর্মী সমালোচনা অবশ্যই করব- একজন আরেকজনের। কিন্তু সমালোচনা করতে গিয়ে এমন পরিস্থিতিতে যেন আমরা না দাঁড়াই, যেখানে আমরা জনগণের এই (গুরুত্বপূর্ণ) ইস্যুগুলোকে, দেশের ইস্যুগুলোকে আমরা অ্যাড্রেস করতে ভুলে যাব। আমাদের কাছে অন্য কিছু মুখ্য হয়ে যাবে, এগুলো গোঁণ হয়ে যাবে। এটি যদি হয়, এ দেশের সম্ভাবনা তাহলে শেষ হয়ে যাবে, নষ্ট হয়ে যেতে পারে।’

চলমান সংস্কার উদ্যোগ প্রসঙ্গে বলতে গিয়ে রাজনৈতিক দলগুলোর দৃষ্টি আকর্ষণ করে তারেক রহমান বলেন, ‘স্বাভাবিকভাবে প্রত্যেকটি দলের আদর্শ তো একদম এক হবে না। অবশ্যই আলাদা আলাদা কিছু আছে। তবে অবশ্যই আমি মনে করি, বিশ্বাস করি, মূল বিষয়টি এক জায়গায় এবং সেটি হচ্ছে গণতন্ত্র বা ডেমোক্রেসি। সেটি হচ্ছে একটি মানবিক বাংলাদেশ, সেটি হচ্ছে একটি বাংলাদেশ,



তারেক রহমান

যেখানে মানুষের কথা বলার অধিকার থাকবে।’

বিএনপির এ শীর্ষ নেতা বলেন, ‘শুধু একজন ব্যক্তি পর পর দুই বারের বেশি প্রধানমন্ত্রী হবে না-এটা আইন করে রোধ করাটাই শুধু সংস্কার? শুধুমাত্র জাতীয় নির্বাচনের সময় তত্ত্বাবধায়ক সরকার করতে হবে-সেটাই কি শুধু সংস্কার? বাজার ব্যবস্থা, চিকিৎসা ব্যবস্থা কি সংস্কার নয়?’

তারেক রহমান বলেন, ‘মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য আমরা আন্দোলন করেছি। আড়াই বছর আগে আমরা রাষ্ট্র সংস্কারে ৩১ দফা সুপারিশ করেছি। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ে কষ্টে আছে মানুষ। আমরা রাজনৈতিক দলগুলো এটা নিয়ে কিছু বলছি না।’

দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, ‘জনগণের সামনে আমাদের তুলে ধরতে হবে যে, আমি যদি সমর্থন পাই, আমি চিকিৎসার জন্য এই করতে চাই, যাতে জনগণের ন্যূনতম চিকিৎসা পাওয়া সম্ভব হয়।’

‘সংস্কারের আরেকটি বিষয় আছে’ উল্লেখ করে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, ‘২০ কোটি মানুষের দেশে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম আছে। আমরা যদি আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য সঠিক শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে সক্ষম না হই, তাহলে কি করে সম্ভব দেশকে সামনে এগিয়ে নিয়ে যাব। এ বিষয়ে প্রত্যেকটি দলের পক্ষ থেকে একটি কর্ম পরিকল্পনা থাকা উচিত।’

মডেল মসজিদ নির্মাণে অনেক অনিয়ম হয়েছে

ঢাকা ডেস্ক

প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, ৫৬০টি মডেল মসজিদ নির্মাণে অনেক অনিয়ম হয়েছে। এক বিলিয়নের এই প্রকল্পে সৌদি আরবের কোনো ফান্ড ছিল না। প্রতিটি মসজিদ নির্মাণে ১৭/১৮ কোটি টাকা করে খরচ করা হয়েছে। দুর্নীতি না হলে ৭/৮ কোটি টাকায় করা যেত।

বৃহস্পতিবার দুপুরে ফরেন সার্ভিস একাডেমির মিলনায়তনে এক ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

শফিকুল আলম বলেন, পতিত স্বেচ্ছাচার ৫৬০টি মসজিদ নির্মাণ করেছিল। খরচ হয়েছিল ১ বিলিয়ন ডলার। স্বেচ্ছাচারের সমর্থকরা বলেছিল এটা সৌদির আরবের ফান্ডের। সৌদি আরব এখানে একটা টাকাও দেয়নি। এই মসজিদের অনেক অনিয়মের কথা উঠে এসেছে। অনেক ধরনের অনিয়ম। সেটা নিয়ে কেবিনেট মিটিংয়ে আলাপ হয়েছে। ধর্ম মন্ত্রণালয় তদন্ত করার জন্য একটা কমিটি করে দিয়েছে।

‘প্রধান উপদেষ্টা কেবিনেট সচিবকে বলেছেন, সরকারি সংস্থাগুলোতে দ্রুত প্রচুর জনবল নিয়োগ করতে। যেসব ভেবেছিল আছে। কেবিনেট সচিব আগামী মিটিংয়ে এটা উপস্থাপন করবেন যে, কোথায় কোথায় দ্রুত নিয়োগ প্রক্রিয়া শুরু করা যাবে। খুব দ্রুত করা হবে।’

প্রেস সচিব বলেন, যেসব কোম্পানি বাংলাদেশের কাছে পাওনা ছিল আজকে একটি পর্যালোচনা করা হয়েছে। আমরা আশা করছি খুব দ্রুত এই ডিওগুলো ক্লিয়ার হবে। গ্রীষ্মকালে নেপাল থেকে আমাদের বিদ্যুৎ দিয়ে থাকেন। শীতকালে নেপালের বিদ্যুতের প্রচুর চাহিদা। তখন তখন আমাদের কিন্তু বিদ্যুৎ কম প্রয়োজন হয়। শীতকালে আমাদের অতিরিক্ত বিদ্যুৎ নেপালে কীভাবে পাঠানো যায় সে বিষয়ে আলোচনা হয়েছে।

তিনি বলেন, বর্ষাকালে চট্টগ্রামের জলাবদ্ধতা হয়। চট্টগ্রামের মানুষ খুবই ভোগান্তিতে পড়েন। এটা নিয়ে আজকে কেবিনেটে অনেক আলোচনা হয়েছে। জলাবদ্ধতা দূর করার জন্য যেসব প্রজেক্ট নেওয়ার ছিল সেই বিষয়গুলো আজকে একটা রিভিউ হয়। মিটিংয়ে জানানো হয়, অনেকগুলো প্রজেক্ট এরই সন্তোষজনক। আমরা আশা করছি চট্টগ্রামের জলাবদ্ধতা আগামী বর্ষায় কমবে। পুরোপুরি যাবে কি না এ বিষয়ে আমরা এখনই বলতে পারছি না।

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
**নির্ভরযোগ্য
নিশ্চয়তা**
প্রদান করি



আমাদের সার্ভিস সমূহ

এয়ার টিকেটিং

ইজ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

হোটেল বুকিং

ভিসা প্রোসেসিং

ওয়েরাহ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

✓ বিশেষজ্ঞ দল

✓ প্রিমিয়াম সহায়তা

✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট

✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

এয়ার লাইন সমূহ

SAUDIA

QATAR

Emirates

TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mallah Tower,
Shop no: 08 (4th Floor), Progoti Shironi
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com | zamzamtravelus@gmail.com




Welcome to **CENTERLIGHT Healthcare PACE**

**CENTERLIGHT PACE-এ,
বয়স কেবল একটি সংখ্যা
হতে পারে।**

**আপনার হৃদয়কে তরুণ রাখতে
আমাদের সাহায্য করতে দিন।**

**আপনার PACE®-এর
সাথে তাল মিলিয়ে চলা
1-877-286-PACE
CenterLightHealthcare.org**





জটিল আইটি সমস্যার সমাধান আমাদের কাছেই আমাদের সেবা সমূহ



- বিজনেস ইমেইল এবং ওয়েবসাইট ডেভেলপমেন্ট
- আপনার তথ্য হ্যাকার এর কাছ থেকে সুরক্ষিত রাখা
- ক্লাউডের মাধ্যমে আপনার ফাইল ব্যাকআপ রাখা
- ওয়্যারলেস/নেটওয়ার্ক এবং সার্ভার সেটআপ
- আপনার টেক কনসালটেন্ট
- সিকিউরিটি ক্যামেরা সেটআপ
- ক্যাবলিং এবং ওয়্যারিং (লো ভোল্টেজ)
- বিজনেস ফোন সেটআপ
- অডিও/ভিডিও সরঞ্জাম সেটআপ
- লাইভ স্ট্রিমিং সেটআপ

আমরা আপনাকে কিভাবে সাহায্য করতে পারি সেজন্য আজ আমাদের সাথে যোগাযোগ করুন!
যোগাযোগ মাধ্যমঃ

516-853-0476 hello@interlinked360.com www.interlinked360.com



কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS **CPA & Enrolled Agent** এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quarterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status



ENROLLED AGENT



Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File

Phone: 718-205-6040

718-205-6010

Fax : 718-424-0313



Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting

IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
Admitted to Practice before the IRS

Office Hours:
Monday - Saturday
10 am - 9 pm
Sunday 7 pm

Tax Preparation fee pay by Credit card

karnafulltax@yahoo.com, www.karnafulltax.com

Please subscribe to our YouTube Channel KARNAFULLY TAX to get the latest updates.

37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

সম্পাদকীয়

ঈদের বাজার: মধ্যবিত্তের জন্য যেন হাপিত্যেশের না হয়ে উঠে

ঈদ মানেই আনন্দ, উৎসব, পরিবার-পরিজনের সঙ্গে খুশি ভাগাভাগি করার দিন। মুসলিম ধর্মাবলম্বীদের জন্য এটি সবচেয়ে বড় ধর্মীয় উৎসব। সারা মাস সিয়াম সাধনার পর যখন ঈদের চাঁদ আকাশে ওঠে, তখন শুধু শিশুরাই নয়—প্রত্যেক মানুষের মনেই আনন্দের ঢেউ খেলে যায়। কিন্তু সেই আনন্দের আবহে যখন বাজারের আঙুনঝরা দাম, লাগামহীন ব্যয় আর অসহনীয় চাপ এসে ভর করে, তখন মধ্যবিত্ত শ্রেণির মানুষের কাছে ঈদের উৎসব ক্রমেই এক হাপিত্যেশের কারণ হয়ে দাঁড়ায়।

মধ্যবিত্ত পরিবারগুলোর কাছে ঈদের প্রস্তুতি মানেই সূক্ষ্ম হিসাব-নিকাশ। সীমিত আয়ের মধ্যেই ঈদের পোশাক, ইফতার-সেহরির বিশেষ আয়োজন, অতিথি আপ্যায়নের খরচ—সবকিছু সামলাতে হয়। শিশুদের আবদার মেটানো, পরিবারের সবার জন্য নতুন জামাকাপড় কেনা, আত্মীয়-স্বজনের জন্য উপহার কেনা—এসবের পেছনে খরচ করতে গিয়ে প্রতিটি মধ্যবিত্ত পরিবারকে প্রতি মুহূর্তে হিসাব মেলাতে হয়। কিন্তু বর্তমানে বাজারে নিতাপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি সেই হিসাবের খাতা ভারী করে তোলে।

এখন বাজারে ঢুকলেই দেখা যায় প্রতিটি পণ্যের আকাশছোঁয়া দাম। গরুর মাংস, মুরগি, ডাল, চিনি, দুধসহ সব খাদ্যপণ্যের দাম আগের তুলনায় বহুগুণ বেড়ে গেছে। ঈদের সময় পোশাকের দোকানগুলোতেও চলে অস্বাভাবিক দাম বাড়ানোর প্রতিযোগিতা। সাধারণ একটি পোশাকের দামও এমন পর্যায়ে চলে যায় যে মধ্যবিত্ত ক্রেতারা শুধু তাকিয়ে দেখে, কিন্তু কেনার সাহস পান না।

বড় সমস্যা হলো, মধ্যবিত্তরা কারও কাছে গিয়ে নিজেদের

প্রতি বছরই ঈদের আগে বাজারে অস্থিরতা তৈরি হয়। সিভিকেট করে দাম বাড়ানো, কৃত্রিম সংকট তৈরি করা—এসব যেন নিয়মে পরিণত হয়েছে। সরকারের মনিটরিং দল বাজারে নামলেও সেটি অনেক ক্ষেত্রেই কার্যকর হয় না। ফলে সাধারণ মানুষ, বিশেষ করে মধ্যবিত্ত শ্রেণি, এসব অরাজকতার শিকার হন।

দূরবস্থার কথা বলতে পারেন না। নিম্নবিভরা যেভাবে ত্রাণ পায়, সহায়তা পায়—মধ্যবিত্তরা সেটাও পান না, আবার কষ্ট গোপন রাখার এক অলিখিত নিয়ম মেনে চলেন। তারা হাত পাততে চান না, লজ্জায় অনেক সুযোগ-সুবিধা নিতেও সংকোচ করেন। অথচ দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি তাদের জীবনে এক অদৃশ্য দেয়াল তুলে দেয়, যার ফলে ঈদের বাজার করতে গিয়ে তারা নিজেদের চাহিদা

ও সাধ্যের মধ্যে দূরত্ব টের পান।

এই সংকটের পেছনে অন্যতম কারণ হলো বাজার নিয়ন্ত্রণের অভাব। প্রতি বছরই ঈদের আগে বাজারে অস্থিরতা তৈরি হয়। সিভিকেট করে দাম বাড়ানো, কৃত্রিম সংকট তৈরি করা—এসব যেন নিয়মে পরিণত হয়েছে। সরকারের মনিটরিং দল বাজারে নামলেও সেটি অনেক ক্ষেত্রেই কার্যকর হয় না। ফলে সাধারণ মানুষ, বিশেষ করে মধ্যবিত্ত শ্রেণি, এসব অরাজকতার শিকার হন।

এ সমস্যা থেকে বের হতে হলে প্রথমেই প্রয়োজন বাজার ব্যবস্থাপনায় স্বচ্ছতা এবং কঠোর নজরদারি। সিভিকেট ভাঙতে হবে, বাজারে পণ্যের সরবরাহ নিশ্চিত করতে হবে এবং অসাপ্ত ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। পাশাপাশি ভোক্তা অধিকার সংরক্ষণ আইন যেন কেবল কাগজে সীমাবদ্ধ না থাকে, তার বাস্তবায়নও জরুরি।

এ ছাড়া বেসরকারি খাতকেও এগিয়ে আসতে হবে। অনেক বড় করপোরেট প্রতিষ্ঠান কিংবা বিত্তবান ব্যক্তিরা যদি ঈদের আগে মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত শ্রেণির জন্য সাশ্রয়ী মূল্যের বাজারের ব্যবস্থা করেন, তাহলে সেটি এই শ্রেণির মানুষদের কিছুটা স্বস্তি দেবে।

সবচেয়ে বড় কথা, উৎসবের আনন্দ যেন সবার হয়। শুধুমাত্র বিত্তবানদের জন্য ঈদ নয়। মধ্যবিত্তদেরও ঈদের আনন্দ ভাগ করে নেওয়ার অধিকার আছে। সমাজের প্রতিটি স্তরের মানুষের জন্য বাজারের দরজা উন্মুক্ত করতে হবে। ঈদের বাজার যেন মধ্যবিত্তের জন্য এক হাপিত্যেশের কারণ না হয়ে, বরং সত্যিকারের আনন্দ আর উৎসবের প্রতিফলন ঘটায়—এটাই সকলের কাম্য।

সম্পর্ক টেকসই করতে হলে নয়াদিল্লিকে সরাসরি ঢাকার সাথেই কথা বলতে হবে

শামীম এ. জাহেদী

বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে মন্তব্য এবং বাংলাদেশ পরিসিহতি নিয়ে যুক্তরাষ্ট্রের সাথে ভারতের ‘আলোচনা’ ঢাকা-নয়াদিল্লির টেকসই সম্পর্ক তৈরির ক্ষেত্রে কোনো ইতিবাচক ভূমিকা রাখবে না। বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনৈতিক পরিস্থিতি নিয়ে ভারতের এই কৌশল শুরু হয়েছে ২০২৪ সালের ৫ আগস্টে, যখন গণঅভ্যুত্থানের মুখে শেখ হাসিনার স্বৈরাচারী শাসনের পতন হয় এবং তিনি নয়াদিল্লিতে পালিয়ে যান। এখানে বলে রাখা ভালো, শেখ হাসিনা ভারতের অকৃত্রিম মিত্র এবং এই সখ্যাতা কখনোই বিচ্ছিন্ন হয়নি।

ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি গত ১৪ ফেব্রুয়ারি এক সংবাদ ব্রিফিংয়ে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকের সময় বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে ভারতের “উদ্বেগ” জানিয়েছেন। ওয়াশিটন ডিসিতে আলোচনা শেষে সংবাদমাধ্যমের উদ্দেশ্যে মিশ্রি অবশ্য বলেন যে, ভারত এখনো ঢাকার অন্তর্বর্তী সরকারের সঙ্গে “গঠনমূলক” সম্পর্ক বজায় রাখতে চায়। তবে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বাংলাদেশের বিষয়ে কোনো মন্তব্য করা হয়নি।

গত বছরের আগস্টে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিজেই একটি টুইট করেছিলেন, যেখানে তিনি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সাথে তার বাংলাদেশ নিয়ে আলোচনার কথা উল্লেখ করেন। মোদি টুইটে বলেছিলেন যে, তারা ইউক্রেন প্রসঙ্গে আলোচনা করেছেন এবং ‘বাংলাদেশ পরিস্থিতি নিয়েও কথা বলেছেন। বাংলাদেশে স্বাভাবিক পরিস্থিতি দ্রুত পুনরুদ্ধার এবং বিশেষ করে হিন্দুদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার প্রয়োজনীয়তার ওপর জোর দেওয়া হয়।’ তবে, হোয়াইট হাউসের বিবৃতিতে বাংলাদেশের বিষয়ে কোনো উল্লেখ ছিল না।

ট্রাম্প-মোদি যৌথ সংবাদ সম্মেলনে এক সাংবাদিক বাংলাদেশ নিয়ে কৌশলে একটি প্রশ্ন ছুঁড়ে দেন। সাংবাদিকের ইংরেজি উচ্চারণের ধরণ শুনে ভারতীয় বলেই মনে হয়। প্রশ্নটির উদ্দেশ্যে ছিল মার্কিন প্রশাসনের কাছ থেকে বাংলাদেশ বিষয়ে নেতিবাচক মন্তব্য বের করা। তিনি বলেন, ‘মিস্টার প্রেসিডেন্ট, বাংলাদেশের বিষয়ে আপনার কী মতামত? কারণ আমরা দেখেছি, সে দেশের সরকার পরিবর্তনে বাইডেন প্রশাসনের মার্কিন ডিপ স্টেট কীভাবে যুক্ত ছিল... এটি স্পষ্ট। এবং তারপর মুহাম্মদ ইউনুস সাক্ষাৎ করেছেন জুনিয়র সোরোসের সঙ্গে। সুতরাং, বাংলাদেশের বিষয়ে আপনার মত কী?’

সাংবাদিকের প্রশ্নটি ইচ্ছাকৃতভাবে বাংলাদেশের জুলাই গণঅভ্যুত্থানকে খাটো করে দেখার চেষ্টা বলেই মনে হয়। ছাত্র-জনতার মিলিত অভ্যুত্থানের মাধ্যমেই দেশের ১৫ বছরের ফ্যাসিস্টাী শাসনের অবসান ঘটেছিল। প্রশ্নটি অবশ্য ভারতের এক শ্রেণির গণমাধ্যমের বাংলাদেশের প্রতি নেতিবাচক মনোভাবেরই প্রতিফলন। ওইসব সংবাদমাধ্যম বাংলাদেশ সম্পর্কে মিথ্যা প্রচারের মাধ্যমে বিভ্রান্তি ছড়াতে সময় নষ্ট করেছে না।

ভারতীয় গণমাধ্যমের একাংশের এই নেতিবাচক ভূমিকার বিষয়ে নিশ্চিত হওয়া যায় স্বাধীন ফ্যাক্ট-চেকিং প্রতিষ্ঠান রিউমর স্ক্যানারের এক বিশ্লেষণে। ওই বিশ্লেষণ বলছে যে, ২০২৪ সালে ভারতীয় ৭২টি সংবাদমাধ্যম বাংলাদেশের ৩২টি বিষয় নিয়ে অন্তত ১৩৭টি মিথ্যা প্রতিবেদন প্রচার করেছে।

এছাড়া প্রায়ের একটি অংশ মার্কিন প্রেসিডেন্টকে ব্যক্তিগত পর্যায়ে প্ররোচিত করার উদ্দেশ্যে করা হয়েছিল মনে হয়।এ বিষয়ে আমেরিকান বিনিয়োগকারী ও সমাজসেবক জর্জ সোরোসের প্রসঙ্গ টেনে আনা হয়েছিল। ট্রাম্প অনেক আগে অভিযোগ করেছিলেন যে জর্জ সোরোস ম্যানহাটন ডিস্ট্রিট অ্যাটর্নি অ্যালভিন ব্র্যাগকে এক মিলিয়ন বা ১০ লাখ ডলার দিয়েছিলেন। ট্রাম্পের ২০১৬ সালের নির্বাচনী প্রচারের সময় কথিত ‘হাশ মানি’ পেমেন্ট নিয়ে তদন্তে ওই অর্থ ব্যবহৃত হওয়ার অভিযোগ করা হয়েছিল।

তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রতিক্রিয়ায় ফল হলো উল্টো। ট্রাম্প বলেন, “আমাদের ডিপ স্টেটের ভূমিকা ছিল না। এটি এমন একটি বিষয়, যা (ভারতের) প্রধানমন্ত্রী দীর্ঘদিন ধরে কাজ করে আসছেন... এবং তিনি শত শত বছর ধরে এটি নিয়ে কাজ করছেন। তাই বিষয়টি নিয়ে আমি ভারতের প্রধানমন্ত্রীকেই বলতে বলবো।” তিনি পাশে বসে থাকা নরেন্দ্র মোদির দিকে ইঙ্গিত করে এই উত্তর দেন। মার্কিন প্রেসিডেন্টের মন্তব্যের জবাবে, মোদি কোনো উত্তর দেননি এবং পরিবর্তে ইউক্রেন প্রসঙ্গে কথা বলা শুরু করেন।



এদিকে, ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে ৩২ নম্বর ধানমন্ডিতে শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক বাসভবন ভাঙচুরের ঘটনায় নিন্দা জানায় ভারত। শত শত বিক্ষোভকারী বাড়িতে হামলা চালায় এবং সেটি ভাঙচুর করে।এই ভাঙচুরের সময় শেখ হাসিনার একটি অনলাইন অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার কথা ছিল। এ বিষয়ে ভারত বিবৃতিতে বলে, ‘এটি দুঃখজনক যে শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক বাসভবন ৫ ফেব্রুয়ারি ২০২৫ সালে ধ্বংস করা হলো। এই বাড়ি দখলদার ও নিপীড়নের বিরুদ্ধে বাংলাদেশের জনগণের বীরত্বপূর্ণ প্রতিরোধের প্রতীক।’

ধানমন্ডি-৩২ বাসভবন ভাঙচুরের বিষয়ে ভারতের মন্তব্যের প্রতিক্রিয়ায় বাংলাদেশ এই বক্তব্যকে “অপ্রত্যাশিত ও অযাচিত” বলে অভিহিত করে। পররাষ্ট্রি মন্ত্রণালয়ের মুখপাত্র মোহাম্মদ রফিকুল আলম বলেন, বাংলাদেশ যদিও ভারতের অনেক সহিংসমূলক ঘটনা পর্যবেক্ষণ করেছে, কিন্তু অন্য রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে মন্তব্য থেকে বিরত থেকেছে এবং প্রতিদান স্বরূপ একই আচরণ প্রত্যাশা করে।

অন্তর্বর্তীকালীন সরকার ধানমন্ডি-৩২-এ ভাঙচুরের ঘটনাকে “দুঃখজনক ও অপ্রত্যাশিত” বলে অভিহিত করে এবং এটি শেখ হাসিনার “প্ররোচনামূলক মন্তব্যের” ফলে জনরোষে সৃষ্ট বলে উল্লেখ করে। সরকার ভারতকে আহ্বান জানায়, তাদের ভূখণ্ড যেন বাংলাদেশকে অস্থিতিশীল করতে ব্যবহৃত না হয় এবং শেখ হাসিনা যেন আর কোনো মন্তব্য না করেন।

শেখ হাসিনা ভারতে পালানোর আগে ভারতের নীতির পরিবর্তনটি লক্ষ্য করে। কারণ তখন পর্যন্ত নয়াদিল্লি ধারাবাহিকভাবে বাংলাদেশের রাজনৈতিক বিষয়গুলোকে অভ্যন্তরীণ বিষয় হিসেবে বিবেচনা করত। ২০২৪ সালের ৭ জানুয়ারির নির্বাচন নিয়ে বিরোধী দলগুলোর অংশগ্রহণ না করার বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হলে, ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেছিলেন, “বাংলাদেশের নির্বাচন—এবং আমরা এটা ধারাবাহিকভাবে বলে আসছি—বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়।” অনেক বাংলাদেশিই মনে করেন, শেখ হাসিনার সময় ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক প্রতিষ্ঠা হয়েছে জাতীয় স্বার্থের বিনিময়ে। ভারতকে ট্রান্সশিপমেন্ট সুবিধা এবং সহজে বাজার প্রবেশাধিকার দেওয়া সত্ত্বেও, পানি বন্টন এবং সীমান্ত হত্যার মতো অমীমাংসিত বিষয়গুলো নিয়ে বাংলাদেশ থেকে জোরালো কোনো প্রতিবাদ দেখা যায়নি।

সাবেক পররাষ্ট্রমন্ত্রী এ কে মোামেনের জনসমক্ষে দেওয়া এক বক্তব্যে নতজানু নীতির এই ধারণাকে আরও জোরালো করেছিল। তিনি বলেছিলেন, ‘আমি ভারতে গিয়ে বলেছি, শেখ হাসিনাকে ক্ষমতায় থাকতে হবে। তাহলেই দেশ উন্নতি করবে এবং প্রকৃত অর্থে একটি অসাম্প্রদায়িক রাষ্ট্রে পরিণত হবে। আমি তাদের অনুরোধ করেছি, এটি নিশ্চিত করতে যা যা প্রয়োজন, তা করতে।’

পঞ্চাশত্তরে, নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন বাংলাদেশের নতুন সরকার স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে যে, দুই দেশের মধ্যে সম্পর্ক অবশ্যই সমতা ও পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে হবে, এর কম কিছু নয়।

ছয় মাস পরে ভারতীয় কর্তৃপক্ষ সম্ভবত বুঝতে শুরু করেছে যে, দীর্ঘস্থায়ী সম্পর্ক গড়ে তোলার জন্য জনগণের সঙ্গে জনগণের সম্পর্কের প্রয়োজন, যা উভয় দেশের জন্য উপকারী। সম্প্রতি কংগ্রেস নেতা শশী থারুর বলেছেন, ভারতের উচিত কোনো রাজনৈতিক দল নয়, বরং বাংলাদেশের জনগণকে অগ্রাধিকার দেওয়া। তিনি আরও বলেন, তিনি মনে করেন না যে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার শত্রুভাবাপন্ন। ‘বন্ধুত্বপূর্ণ

প্রতিবেশী হিসেবে, প্রতিটি স্তরে এই বার্তা দেওয়া উচিত যে আমাদের সম্পর্ক বাংলাদেশের জনগণের কল্যাণে, কোনো নির্দিষ্ট রাজনৈতিক দল বা সম্প্রদায়ের জন্য নয়”, বলেন ভারতের সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী থারুর।

হাসিনার সাম্প্রতিক মন্তব্য পরিস্থিতিকে “জটিল” করে তুলেছে বলে স্বীকার করেন এই প্রাক্তন আন্তর্জাতিক কূটনীতিক। থারুর আরও বলেন, ভারতের এমন কিছু করা উচিত না, যা স্পষ্ট বা গোপনে বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের ইঙ্গিত দেয়।

ভারত যাকে আশ্রয় দিয়েছে সেই শেখ হাসিনার বিরুদ্ধে গণহত্যার অভিযোগে আদালতে মামলা দায়ের হয়েছে, তিনি বাংলাদেশে নির্বাচনী ব্যবস্থা ভেঙে দিয়েছেন, তার বিরুদ্ধে নিরাপত্তা বাহিনী ও গোয়েন্দা সংস্থাকে অপব্যবহার করার ভিন্নমতালম্বীদের গুম করার অভিযোগ রয়েছে। এছাড়াও, তার বিরুদ্ধে সহযোগীদের সহায়তায় অর্থপাচারের অভিযোগ তো রয়েছেই।

জাতিসংঘ মানবাধিকার দপ্তরের সাম্প্রতিক এক অনুসন্ধানী প্রতিবেদনে বলা হয়েছে, জুলাই মাসের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের সময় শেখ হাসিনা ব্যক্তিগতভাবে ছাত্র ও প্রতিবাদকারীদের হত্যার নির্দেশ দিয়েছিলেন। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, এই নিপীড়নগুলোকে “মানবতাবিরোধী অপরাধ” হিসেবে গণ্য করা যেতে পারে।

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের দপ্তরের মূল্যায়নের পরিপ্রেক্ষিতে আশা করা যেতে পারে বাংলাদেশ নিয়ে যদি নয়াদিল্লির কোনো উদ্বেগ থাকে, তাহলে তাদের উচিত ঢাকার সাথেই সরাসরি আলোচনা করা, যুক্তরাষ্ট্র বা অন্য কোনো দেশের সাথে নয়।

ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর ১৬ ফেব্রুয়ারি ওমানের মাসকাটে অনুষ্ঠিত ৮ম ইন্ডিয়ান ওশান কনফারেন্স (আইওসি)-এর সাইডলাইনে বাংলাদেশের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা মো. তোহিদ হোসেনের সঙ্গে সাক্ষাৎ করেন। দুই নেতা তাদের দ্বিপাক্ষিক সম্পর্কের চ্যালেঞ্জগুলো স্বীকার করেন এবং সেগুলো সমাধানের জন্য একসঙ্গে কাজ করার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

তবে মাসকাটের এই বৈঠকের পরপরই দুই দেশের সম্পর্কে আবার নতুন মোড় নেয়। ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর ২৩ ফেব্রুয়ারি বলেন, ঢাকার ঠিক করা উচিত, তারা নয়াদিল্লির সঙ্গে কী ধরনের সম্পর্ক চায়। ‘যদি অন্তর্বর্তীকালীন সরকারের কেউ প্রতিদিন ভারতের বিরুদ্ধে সবকিছুর জন্য দোষারোপ করে... তাহলে আপনি একদিকে বলতে পারেন না যে এখন আমি আপনার সঙ্গে ভালো সম্পর্ক চাই,’ দিল্লি বিশ্ববিদ্যালয় সাহিত্য উৎসবে বক্তব্য দেওয়ার সময় এ কথা বলেন জয়শঙ্কর।

এস জয়শঙ্করের মন্তব্যের প্রতিক্রিয়ায় বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা তোহিদ হোসেন ২৪ ফেব্রুয়ারি ঢাকায় এক সংবাদ ব্রিফিংয়ে বলেন, বাংলাদেশ যেমন দিগ্ভ্রান্ত নেবে ভারতের সঙ্গে কী ধরনের সম্পর্ক চায়, ডেমনি নয়াদিল্লিরও একইভাবে ভাবতে হবে তারা কী চায়। তিনি আরও বলেন, উভয় দেশের বিভিন্ন নীতিনির্ধারকদের কাছ থেকে আসা ভিন্ন ভিন্ন বক্তব্য নিয়ে বলার কিছু নেই।

উল্লেখ্য, বাংলাদেশ ও ভারতের মধ্যে চার হাজার কিলোমিটারেরও বেশি স্থলসীমান্ত রয়েছে। অনেক মানুষের সীমান্তের দুইপাশে আত্মীয়-স্বজনও রয়েছে।

সব মিলিয়ে যল এখন নয়াদিল্লির কোর্টে। তারা কী ধরনের সম্পর্ক চায়, তা তাদেরকেই কাজের মাধ্যমে নির্ধারণ করতে হবে। তারা কি তা করবে?

আন্তর্জাতিক নারী দিবস

তামান্না হাসনাত চৌধুরী

একটি কোমলমতি, তুলতুলে নরম শিশু জন্মের পর ধীরে ধীরে শক্তি, সাহস ও সংগ্রামের পথ বেয়ে একটা সময় হয়ে ওঠেন পরিপূর্ণ নারীত্বের প্রতীক। তার জীবনের প্রতিটি ধাপ শৈশব থেকে কৈশোর, তরুণ্য থেকে মাতৃত্ব, দায়িত্বশীল অভিভাবক থেকে সমাজের গুরুত্বপূর্ণ অংশ সবটাই যেন এক অভূতহীন পথচলার গল্প, যেখানে প্রতিটি বাঁকে রয়েছে পরীক্ষা, প্রতিকূলতা এবং জয়।

একটি নিম্পাপ কন্যাশিশুর পৃথিবীর আলো দেখার মধ্য দিয়ে যে জীবন শুরু হয়, তা কখনোই সহজ পথচলা নয়। প্রতিনিয়ত, প্রতিটি মুহূর্ত তাকে প্রমাণ করতে হয় নিজেকে। সামাজিক রীতিনীতি, পারিবারিক দায়িত্ব, পেশাগত চ্যালেঞ্জ, সবকিছুর ভার কাঁধে নিয়ে

তাকে এগিয়ে যেতে হয় নিরন্তর সংগ্রামে। ধীরে ধীরে সে উপলব্ধি করে, এই জীবন তার জন্য শুধু স্বপ্ন দেখা নয়, বরং সেই স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়ার জন্য কঠোর পরিশ্রম করা, বাধা পেরিয়ে সামনে এগিয়ে যাওয়া। সময় বদলায়, বয়সের সাথে সাথে নারীর জীবনও নেয় নতুন নতুন রূপ। একসময় তিনি কারও ঘরের দীপশিখা, সংসারের অবিচ্ছেদ্য অংশ। তারপর মমতাময়ী মা, দায়িত্বশীল অভিভাবক। এরপরও থেমে থাকে না তার ভূমিকা, তিনি কর্মজীবনে এক সফল যোদ্ধা, সংসারে এক বলিষ্ঠ ভিত্তি, সমাজে এক অনুপ্রেরণার প্রতীক।

জীবন চলার পথে প্রতিটি নারীকে শিখতে হয় ত্যাগের অর্থ, কীভাবে প্রতিকূল পরিস্থিতিতে নিজেকে মানিয়ে নিতে হয়, কীভাবে সংগ্রাম করে নিজের অস্তিত্ব টিকিয়ে রাখতে হয়। সংসার, সমাজ, ক্যারিয়ার, আত্মসম্মান সবকিছুর ভার নিজের কাঁধে নিয়ে তিনি লড়াই করে যান প্রতিনিয়ত।

নিজের স্বপ্ন বিসর্জন দিয়ে, শত প্রতিকূলতার মুখোমুখি দাঁড়িয়ে নিজের শক্তি প্রমাণ করা সহজ কাজ নয়। কিন্তু একজন নারী তার মহিমায় সেটি সম্ভব করে দেখান। কারণ নারী মানেই এক অপার সত্তাবনার নাম। তিনি যেন এক মহামূল্যবান পাত্র, যেখানে যত দায়িত্ব, ত্যাগ আর ভালোবাসা ঢালা হোক না কেন, তিনি তা ধারণ করতে জানেন, পালন করতে পারেন। দিনমজুর নারী থেকে উচ্চশিক্ষিত পেশাজীবী নারী যিনি কর্মজীবী নন, কেবল সংসার সামলান প্রত্যেকেই সমানভাবে সম্মানের অধিকারী। কারণ প্রত্যেক নারীর পথচলা সহজ ছিল না, সহজ হয় না। প্রতিকূলতার কঠিন পথ পাড়ি দিয়ে তারা নিজ মহিমায় স্থান দাঁড় করে নেন, হয়ে ওঠেন উজ্জ্বল নক্ষত্রের মতো নীল। লক্ষ্যে পৌঁছানোর জন্য তারা লড়াই করেন সমাজের নানা প্রতিবন্ধকতার সঙ্গে, ভাঙেন অগণিত বাধার দেয়াল।

দেশে গেলে, পথের ধারে পথকলি শিশুদের হাতে ফুল বিক্রি করতে দেখলে মনে হয়, এই

ছোট্ট মেয়েগুলোর জীবনসংগ্রাম তো কেবল শুরু হলো! সংসারে দু’টো পয়সা যোগ করার জন্য তারা এখনই বন্ধপরিকর। অনিশ্চিত ভবিষ্যতের অন্ধকারকে উপেক্ষা করে, তারা জীবনকে আপন শক্তিতে গড়ে তুলতে এখন থেকেই শিখছে।

আমার বাবার বাড়ীর আমাদের শেফালী, আমার মায়ের সাহায্যকারী, যে নিজে পরিশ্রম করে তিনটি কন্যাকে আলোর পথ দেখাচ্ছে। তার দু’জন মেয়ে স্কুলগামী, একজন কলেজে পড়ে। যখন দেখি, একজন সাধারণ গৃহকর্মী মা আগাধ ভালোবাসা আর দৃঢ় সংকল্প নিয়ে সন্তানদের সুন্দর ভবিষ্যতের স্বপ্ন বুনছেন, তখন তার প্রতি আমার শ্রদ্ধায় মাথা নত হয়।একজন মা, একজন নারী মানেই শক্তি, আর সীমাহীন আত্মত্যাগ।

নারীর সংগ্রামের গল্প শুধু আমার দেশের গণ্ডিতেই সীমাবদ্ধ নয়। সদ্য ভিয়েতনাম থেকে ফিরেছি, আর সেই দেশটিও আমাকে গভীরভাবে মুগ্ধ করেছে। দেখেছি, এক মা তার ছোট শিশুকে বুকের সাথে বেঁধে সাইকেল চালিয়ে ফল বিক্রি করছেন। আরেকজন বয়স্ক

নারী ভারী ঝুলি কাঁধে নিয়ে রাস্তায় রাস্তায় তাজা ফল বিক্রি করছেন। পথের ধারে, বাজারের কোণায়, খোলা রাস্তায়, প্রতিটি জায়গায় নারীরা দাপটের সঙ্গে কাজ করছেন, হাসিমুখে জীবনযুদ্ধকে বরণ করে নিচ্ছেন।

নারীর শক্তি, সহনশীলতা ও আত্মবিশ্বাসই একটি সুসংগঠিত সমাজের মূল ভিত্তি। একজন নারী কেবল নিজেকে আলোকিত করেন না, তিনি আলোকিত করেন পরিবার, সমাজ, এবং সমগ্র জাতিকে। আজকের এই বিশেষ দিনে, আন্তর্জাতিক নারী দিবসে, সেই সকল নারীদের প্রতি গভীর শ্রদ্ধা জানাই, যারা নিরলস পরিশ্রম করে পরিবার, সমাজ এবং দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তাদের অদম্য ইচ্ছাশক্তি, ধৈর্য ও আত্মবিশ্বাসের কারণেই এই পৃথিবী প্রতিনিয়ত আলোকিত, প্রতিনিয়ত সমৃদ্ধ।

তোমরাই পৃথিবীর আশার আলো, তোমরাই শক্তির প্রতীক, তোমরাই নতুন দিনের নির্মাতা!



KARNAFULLY HOME CARE

[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]



WE CARE
YOUR FAMILY
LIKE OURS

সততা এবং
বিশ্বস্ততাই
আমাদের
বৈশিষ্ট্য

NYS
Department of
Health CDPAP



Mohammed Hasem, MBA
President and CEO

মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন

হোম কেয়ার সার্ভিস
নিলে আপনিও পেতে পারেন
প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ
সর্বোচ্চ \$৮০০ | আজই আসুন

Main Office

167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432

Jackson Heights Branch

37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372

Buffalo Branch

1114 Walden Avenue
Buffalo, NY, 14211

📞 **347-621-6640**

📠 Fax: 347-338-6799

✉ karnafullyhc@gmail.com

✉ hasem@lovetocarehhc.com

✉ info@lovetocarehhc.com

www.lovetocarehhc.com



দেশীয় স্বাদ নবান্নেই

- আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
- পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
- আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।

- সুসজ্জিত হলে বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।



www.nabannorestaurant.com

Nabanno Restaurant

37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone: 718 734 6000



LIBERTY BROKERAGE

GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)

Our Services



TLC Insurance



DMV & TLC Service



TLC Car & Plate Rent



Auto, Home & Business Ins.



TLC Base (Black & Green Cab)



ARIF SHAHRIAR
PRESIDENT & CEO

NYC Office:

41-05 69th Street
Woodside, NY 11377

Buffalo Office:

170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211

Phone: 718-567-5600

info@libertybkg.com, www.libertybkg.com

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদের সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompert, Esq.
Attorney at Law



গাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
স্লিপ এন্ড ফল
হাসপাতালে ভুল চিকিৎসা
লেড পয়জনিং

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইনভেস্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এন্ট্রেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্রাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member

H1B

L1A VISA

EB5

E2 VISA

POLITICAL ASYLUM

হটলাইন : +1 ২০১ ৪৫৬ ৩১০৩

সপ্তাহে ৭ দিনই খোলা

হাসিনাকে ফেরত
চাওয়া চিঠির জবাব
এখনো দেয়নি
ভারত : মুখপাত্র

ঢাকা ডেস্ক

হাট-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে
ভারতে পালিয়ে যাওয়া সাবেক প্রধানমন্ত্রী
শেখ হাসিনাকে প্রত্যাগা চুক্তির আওতায়
ফেরত চেয়ে কূটনৈতিক পত্র দিয়েছিল
বাংলাদেশ। প্রায় তিন মাস কেটে গেলেও
এখনো তার জবাব দেয়নি ভারত।

বৃহস্পতিবার (১৩ মার্চ) নিয়ামত
সাপ্তাহিক ব্রিফিংয়ে পররাষ্ট্র
মন্ত্রণালয়ে জনকুটনীতি অনুবিভাগের
মহাপরিচালক ও মুখপাত্র মোহাম্মদ
রফিকুল আলম এক প্রশ্নের জবাবে এসব
কথা বলেন।

সম্প্রতি অন্তর্বর্তী সরকারের প্রধান
উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস আন্তর্জাতিক
একটি গণমাধ্যমকে দেওয়া এক
সাক্ষাৎকারে বলেছেন, ভারতে অবস্থান
করে শেখ হাসিনার দেওয়া বক্তব্য দেশের
জন্য বিপদজনক।

এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বক্তব্য কি? জবাবে মুখপাত্র বলেন, প্রধান উপদেষ্টার বক্তব্য দেওয়ার পর আমাদের বক্তব্য দেওয়ার সমযোগ থাকে না।

শেখ হাসিনা প্রত্যাবর্তনে ভারত-বাংলাদেশের কূটনৈতিক পত্রের জবাব দিয়েছে। এতে এলা এবং না দিয়ে থাকলে পরবর্তী পদক্ষেপ কী হবে, এমন প্রশ্নের জবাবে রফিকুল আলম বলেন, এটার বিষয়েও প্রধান উপদেষ্টা স্পষ্টত একটা সাক্ষাৎকারে জবাব দিয়েছেন। তারপরও আমরা বলছি, আমরা ভারতের কাছ থেকে কোনো জবাব পাইনি। পরবর্তী কার্যক্রম নিয়ে প্রধান উপদেষ্টা পাবলিককলি একটা দিক নির্দেশনা দিয়েছেন।

প্রত্যর্পণ চুক্তির আওতায় শেখ হাসিনাকে ফেরত চেয়ে গত বছরের ডিসেম্বরে দিল্লির বাংলাদেশ হাইকমিশন থেকে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ে কূটনৈতিক পত্র পাঠানো হয়।

চিঠির দেওয়ার পর থেকে পররাষ্ট্র মন্ত্রণালয় বলে আসছে, শেখ হাসিনাকে ফেরত পেতে ভারতের চিঠির জন্য অপেক্ষা করবে বাংলাদেশ। ভারতের কাছ চিঠির জবাব পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

উল্লেখ্য, গত বছরের ৫ আগস্ট
ভারতে পালিয়ে যাওয়ার পর এখন পর্যন্ত
সে দেশেই অবস্থান করছেন শেখ হাসিনা।



প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে উপদেষ্টা পরিষদের সভা

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যালের
নাম বদলে বাংলাদেশ
মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

ঢাকা ডেস্ক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নাম পরিবর্তন করে ‘বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়’ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সেই লক্ষ্যে ‘বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (সংশোধন) অধ্যাদেশ, ২০১৪’-এর খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ।

বৃহস্পতিবার (১৩ মার্চ) সকালে তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে উপদেষ্টা পরিষদের সভা অনুষ্ঠিত হয়। বৈঠকে খুলনার 'শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়' এবং সিলেটের 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের' নামও পরিবর্তনের চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগ জানায়, লেজিসলেটিভ ও সংসদ-বিশয়ক বিভাগের ভেটিং-সাপোর্টে ‘বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫’-এর খসড়া উপদেষ্টা পরিষদ চূড়ান্ত অনুমোদন দিয়েছে। এ অধ্যাদেশের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তিত হয়ে ‘বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়’ হবে।

এছাড়া ভেটিং-সাপেক্ষে ‘শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫’-এর

খসড়া চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। এ অধ্যাদেশের মাধ্যমে ‘শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়’, খুলনা-এর নাম পরিবর্তিত হয়ে ‘খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়’ হবে এবং ‘বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, সিলেট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫’-এর খসড়া চূড়ান্ত অনুমোদন করায় ‘বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়’, সিলেট-এর নাম পরিবর্তিত হয়ে ‘সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয়’ হবে।

এছাড়া উপদেষ্টা পরিষদের সভায়, জাতীয় যুব দিবস (১ নভেম্বর) ও আন্তর্জাতিক যুব দিবস (১২ আগস্ট) একসঙ্গে ১২ আগস্ট তারিখে উদযাপনের প্রস্তাব অনুমোদন করেছে। প্রতিবছর ১ নভেম্বর তারিখে দেশব্যাপী বর্ণীয়া আয়োজনে জাতীয় যুব দিবস উদযাপন করা হয়। ১৯৯৯ সালের ১৭ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের সিদ্ধান্তে প্রতি বছর ১২ আগস্ট আন্তর্জাতিক যুব দিবস উদযাপনের সূচনা হয়।

এদিকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ইউনেস্কোর মাধ্যমে বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে নৌকা, জামদানি শাড়ি ও টাঙ্গাইলের তাঁতের শাড়িকে বিশ্বব্যাপী পরিচিত করার উদ্যোগ গ্রহণ করবে—উদ্দেশ্যে পরিষদের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্রথম পৃষ্ঠার পর

এ ঘটনায় শোক জানিয়েছে বাংলাদেশ সেনাবাহিনী।

আইএসপিআর জানিয়েছে, অত্যন্ত দুঃখভারাক্রান্ত হৃদয়ে জানানো যাচ্ছে যে, মাগুরার নীরাতি শিশুটি আজ বৃহস্পতিবার দুপুর ১টায় সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকায় শেষ নিশ্বাস ত্যাগ করেছে। (হোম লিগাইফ ওয়া ইলাইফি রাজউন) সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) সর্বাধুনিক চিকিৎসাব্যবস্থা প্রয়োগ এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের সর্বোচ্চ চেষ্টা সত্ত্বেও তাকে বাঁচানো সম্ভব হয়নি।

আরও জানানো হয়, শিশুটির আজ বৃহস্পতিবার সকালে তিনবার কার্ডিয়াক অ্যারেস্ট হয়েছে, দুবার স্থিতিশীল করা গেলেও তৃতীয়বার আর হৃৎস্পন্দন ফিরে আসেনি।

বাংলাদেশ সেনাবাহিনী শিশুটির শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছে এবং যেকোনো প্রয়োজনে তাদের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেছে। বাংলাদেশ সেনাবাহিনী শিশুটির বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেছে।

এর আগে মাগুরা পৌর এলাকায়

মাগুরার শিশুটি মারা গেছে

বানের (মুন্সুর) বাড়িতে বেড়াতে গিয়ে
গত বৃষাবার (৫ মার্চ) দিবাগত রাতে
শিশুটি ধর্ষণের শিকার হয় বলে পরিচয়
জানায়। বৃহস্পতিবার অচেতন অবস্থায়
তাকে হাসপাতালে নেওয়া হয়। এরপর
ডাক্তার মেডিকেল কলেজ হাসপাতাল ঘুরে
উন্নত চিকিৎসার জন্য সর্বশেষ রাজধানীর
সম্মিলিত সামরিক হাসপাতালে
(সিএমএইচসি) চিকিৎসাধীন ছিল। এ
ঘটনায় শিশুটির মা বাসী হয়ে নারী ও
শিশু নির্যাতন দমন আইনে মামলা সপ
থানায় মামলা করেন। মামলায় শিশুর
বোনকে স্বামী, মুন্সুর, শাড়ি ও ভান্ডরকে
আসামি করে হয়। চার আসামিকেই
গোঁড়ার করোছে পুলিশ।

ঢাকার সিএমইউএচ থেকে
সেবাবাহিনীর হেলিকপ্টারে করে শিশুটির
মরদেহ প্রথমে সন্ধ্যা উটার দিকে নেওয়া
হয় মাগুরা স্টেডিয়ামে। সেখান থেকে
আয়তুলসে করে নেওয়া হয় নোমানী
ময়দানে। সন্ধ্যা ৬টার দিকে সেখানে
প্রথম জনাজা শেষে নেওয়া হয় গ্রামের
বাড়িতে। গ্রামে দ্বিতীয় জনাজা শেষে
গ্রামের গোরস্থানে তার মরদেহ উপস্থাপন
করা হয়। সরকারের পক্ষে উপদেষ্টা
ফরিদা আবার উপস্থিত ছিলেন।

হাজারো মানুষের সঙ্গে জানাজায় অংশ
নেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি)

উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম,
দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাও
আবদুল্লাহ, বাংলাদেশ খেলাফত মজলিসের
আমির মাওলানা মামুনুল হক, মাগুরার
জেলা প্রশাসক অহিদুল ইসলাম ও পুলিশ
সুপার মিনা মাহমুদ।

‘বেঁচে থাকলে আর কথাটা একা ছাড়তাম না’ শিউরে উঠে ঘোষণার পর সিএমএইচএর বাইরে আহাজারি করছিলেন তার মা। তিনি বারবার মুর্ছা যাচ্ছিলেন। চেতনা ফিরলে বলছিলেন, কখনো কখনো তার মনে হয়েছে মেয়েটা সুস্থ হবে। এবার বেঁচে গেলে আর কখনো তাকে বাড়ি ফিরে একা ছাড়বেন না। কিন্তু আল্লাহ তাঁর ডাক শোনানো। স্বজনদের জড়িয়ে ধরে চিকার করে তিনি বলেন, শেষবারের মতো মা বলে আর ডাকল না তাকে।

মেয়েকে হারিয়ে বাকরুদ্ধ হয়ে
পড়েন শিশুটির প্রতিবন্ধী বাবা। বারবার
কান্নায় ভেঙে পড়েন।

মাগুরায় ধর্ষণের পর চিকিৎসাধীন অবস্থায় মারা যাওয়া সেই শিশুটির প্রথম জনাজার পর আসামিদের বাড়িতে আশ্রয় দিয়েছে এলাকার লোকজন। আজ সন্ধ্যা সোয়া ষাটটা দিকে পৌরসভার নিজ নান্দু আলী এলাকায় লোকজনের প্রথমে ওই বাড়িতে ভাঙচুর চালায়। এরপর ওই বাড়িতে আগুন দেয়।

ষড়যন্ত্র মোকাবিলা করবে বিএনপি

প্রথম পৃষ্ঠার পর

সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম স্থায়ী কমিটির বৈঠকে এমন আলোচনা হয়েছে বলে জানা গেছে।

বৈঠক সূত্র বলছে, বৈঠকে
একজিক নেতা বলেছেন, সরকার
একাজিও ওপর নির্ভরশীল হয়ে
পড়েছে। নির্বাচনের জন্য অন্তর্বর্তী
সরকারের ওপর চাপ সৃষ্টি করতে একটা
ধাক্কা দিতে চায় তারা। সম্ভ্রতি বিভিন্ন
জেলা-মানগণের সমাবেশ করার মধ্য
বিত্তি বিএনপির পক্ষ থেকে অবস্থান
জানান দেওয়া হয়েছে। এই ধারা
অব্যাহত রাখতে হবে। ঈদের পর
নির্বাচনের দাবিতে পরবর্তী কর্মসূচির
ব্যাপারে নতুন সিদ্ধান্ত আসবে।

সূত্র আরও জানায়, বৈঠকে
একাধিক নেতা বলেছেন, একটি গোষ্ঠী
অন্তর্বর্তী সরকারকে ব্যর্থ প্রমাণ করতে
নানা ষড়যন্ত্র অব্যাহত রেখেছে। তারা
যেকোনো মূল্যে দেশে অরাজকতা
সৃষ্টি করে এ সরকারকে ব্যর্থ প্রমাণ

করেতে চায়। সরকারের মধ্যেও এই
গোষ্ঠীর লোকজন রয়েছে। আওয়ামী
ফ্যাসিবাদী গোষ্ঠীর কিছু ব্যবসায়ী ও
তাদের প্রতিষ্ঠান এই ষড়যন্ত্রে রয়েছে।
এদের অনেক ব্যবসায়ীর নামে জুলাই-
আগস্টের হত্যা মামলা থাকলেও গোষ্ঠার
কর্তাদের হত্যা না। এমনকি সচিবালয়ে
বসেও তারা সরকারের বিরুদ্ধে নান-
া ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। আবার এদের
আওয়াজ দিয়ে দুটি দল। তারপরও
সরকারের ওপর বিএনপির অকুণ্ঠ
সমর্থন অব্যাহত থাকবে। যেকোনো
প্রয়োজনে বিএনপি সরকারের পাশে
থাকবে।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য
মির্জা আব্বাস গতকাল বুধবার একটি
কর্মশালায় বলেছেন, 'আমরা বুকের
তাজা রক্ত ঢেলে দিয়েছি গণতন্ত্রের
জন্ম, কথা বলার জন্য, ভোটারের
অধিকারের জন্য। আজকে যখন
ভোটারের সময় আসছে এখন বলেন,
এটা না করলে ভোট হবে না, ওটা না
করলে ভোট হবে না। কেন রে ভাই।

কেন? কিছু লোভী রাজনৈতিক দল আছে, যারা শুধু বিরোধিতার কারণে বিরোধিতা করে। এই দলগুলো পাকিস্তান সৃষ্টির লগ্ন থেকে ভারত বিভক্তি থেকে শুরু করে আজ পর্যন্ত শুধু বিরোধিতাই করে গেলে, দেশপ্রেমের লেশমাত্র তাদের ভেতরে নাই। ভোট ও নির্বাচনকে ভয় পান কেন?

গত সোমবার রাত সাড়ে ১০টার দিকে ভাটুরালি শুরু হয়ে চলে প্রায় দেড় ঘণ্টাব্যাপী। এতে লন্ডন থেকে ভাটুরালি যুক্ত হয়ে সভাপতিত্ব করেন বিনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তাকে রহমান। বৈঠকে ভাটুরালি আরও উপস্থিত ছিলেন বিনপির মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন, গণস্বপ্ন চন্দ্র রাণা, আবদুল মঈন খান, নজরুল ইসলাম খান, আমীর খসক মাহমুদ চৌধুরী, সালাহউদ্দিন আহমদ, ইকবাল হাসান মাহমুদ টুকু, সেলিয়া রহমান, মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ (বীর বিক্রম) ও এ জেড এম জাহিদ হোসেন।

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

এটিএম, ফোন কার্ড এবং
মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

- প্রতিদিন সর্বোচ্চ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন
প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রুকস, নিউইয়র্ক - ১০৪৬২

আছিয়াকে ধর্ষণের
ঘটনায় জড়িতদের
বাড়িতে আগুন

ঢাকা ডেস্ক

মাগুরায় ধর্ষণের পর চিকিৎসাধীন অবস্থায় মারা যাওয়া শিশুটির বোনের স্বপ্নরবাড়িতে অগ্নিসংযোগ করেছে বিক্ষুব্ধ জনতা। বৃহস্পতিবার (১৩ মার্চ) সন্ধ্যা ৭টায় শহরের নোমানী ময়দানে জানাজা শেষ হওয়ার কিছুক্ষণ পরই ধর্ষণের ঘটনায় জড়িতদের বাড়িতে অগ্নিসংযোগ করা হয়।

স্থানীয় সূত্র জানায়, শহরের নিজানন্দয়ালী চরপাড়ার ওই বাড়িতে বসবাস করতো শিশুটিকে ধর্ষণের ঘটনায় অভিযুক্ত বোনের স্বামী, স্বশ্বশ্ব-শাশুড়ি ও ভাগ্নের। বোনের স্বামীর সহায়তায় তার বাবা (স্বশ্বশ্ব) শিশুটিকে ধর্ষণ করে। বিষয়টি মেয়ের শাশুড়ি ও ভাগ্নের জানতো। তারা ঘটনা ধামাচাপা দিতে শিশুটিকে হত্যাচেষ্টা চালায়।

পুলিশ জানায়, জানাজার পরপরই স্থানীয় জনতা দোষীদের বিচারের দাবিতে বিক্ষোভ শুরু করেন। মিছিল নিয়ে শহর প্রদক্ষিণ করেন তারা। এ সময় ধর্ষকদের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দেওয়া হয়।

প্রত্যক্ষদর্শী কয়েকজন জানিয়েছেন, শহরের নোমানী ময়দানে জানাজা শেষ হওয়ার পর সন্ধ্যা ৭টা ২০ মিনিটের দিকে বিক্ষোভ মিছিল নিয়ে ওই বাড়িটি পেট্রোল ঢেলে জ্বালিয়ে দেওয়া হয়। তবে ওই পরিবারের অভিযুক্ত চার আসামি গ্রেফতার হওয়ার পর থেকেই বাড়িটি তালাবদ্ধ ছিল। ফলে কেউ হতাহত হয়নি। মাগুরা ফায়ার সার্ভিস স্টেশনের ফায়ার ফাইটার রিপন হোসেন বলেন, ‘সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জাতীয় জরুরি সেবার ৯৯৯ নম্বরের মাধ্যমে জানতে পারি হিটু শেখের বাড়িতে অগ্নিসংযোগ করা হয়েছে। আমরা অগ্নিনির্বাপণ গাড়ি নিয়ে রওনা দিলেও মাঝপথে গ্রামের বিক্ষুব্ধরা আমাদের গতিরোধ করলে ফিরে আসতে বাধ্য হয়েছি। ফলে বাড়িতে এখনও আগুন জ্বলছে।

মাগুরা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আইয়ুব আলী বলেন, ‘শিশু ধর্ষণে অভিযুক্ত হিটু শেখের বাড়িতে অগ্নিকাণ্ডের খবর পাওয়ার পর পুলিশ কয়েক দফা সেখানে যাওয়ার চেষ্টা করলেও বিক্ষুব্ধদের প্রতিরোধের মুখে সেটি সম্ভব হয়নি। তবে গ্রামের সাধারণ মানুষের জানমালের যাতে কোনও ক্ষতি না হয় সেদিকে নজর রাখছি আমরা।

থানায় থানায় নিষিদ্ধ ছাত্রলীগ
নেতাদের তালিকা হচ্ছে

ঢাকা অফিস

নিষিদ্ধঘোষিত বাংলাদেশ ছাত্রলীগের সারা দেশের নেতা-কর্মীদের খোঁজখবর রাখতে বিশেষ তৎপরতা শুরু করেছে পুলিশ। পুলিশ সদর দপ্তরের নির্দেশে প্রতিটি থানায় ছাত্রলীগ নেতাদের তালিকা করা হচ্ছে। সংগঠনটির নেতা-কর্মীদের গতিবিধি পর্যবেক্ষণ, রাজনৈতিক সম্পৃক্ততা, সামাজিক কার্যক্রম এবং সম্ভাব্য ভবিষ্যৎ পরিকল্পনা বুঝতে এই উদ্যোগ বলে জানা গেছে।

পুলিশ সদর দপ্তর, বিভিন্ন জেলার পুলিশ সুপার (এসপি) ও থানা পর্যায়ের একাধিক পুলিশ কর্মকর্তার সঙ্গে কথা বলে এই উদ্যোগের বিষয়টি জানা গেছে। পুলিশের কর্মকর্তারা বলছেন, কোনো ধরনের হয়রানি, মামলা করতে নয়; রাষ্ট্রের নিরাপত্তার স্বার্থে আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম সংগঠন ছাত্রলীগের নেতা-কর্মীদের তথ্য-উপাত্ত যাচাই করা হচ্ছে।

পুলিশের সূত্র বলেছে, নিষিদ্ধঘোষিত ছাত্রলীগের নেতা-কর্মীরা দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর অপচেষ্টা চালাতে পারেন। এ জন্য তাঁরা সংগঠিত হওয়ার চেষ্টা করছেন। সেই আশঙ্কা থেকে তাঁদের পাঠাতে বলা হয়েছে। পুলিশ সদর দপ্তর থেকে জেলা পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। সব থানা থেকে তাঁদের তালিকা সংগ্রহ করে সদর দপ্তরে পাঠাতে বলা হয়েছে। পুলিশ সদর দপ্তর বলেছে, ছাত্রলীগ নিষিদ্ধঘোষিত সংগঠন। আইন অনুযায়ী এদের সব কার্যক্রম শাস্তিমূলক অপরাধ।

জানতে চাইলে পুলিশ সদর দপ্তরের সহকারী মহাপরিদর্শক (মুখপাত্র) ইনামুল হক সাগর বলেন, মামলার আসামিদের খোঁজখবর রাখা মামলা তদারকির নিয়মিত অংশ। তবে ছাত্রলীগের তালিকার চিঠির বিষয়ে জেলা পুলিশ সুপাররা বিস্তারিত বলতে পারবেন।

ছাত্র-জনতার অভ্যুত্থানে গত বছরের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর ছাত্রলীগের নেতা-কর্মীরা আত্মগোপনে রয়েছেন। কয়েকজন গ্রেপ্তার হয়েছেন। গত বছরের ২৩ অক্টোবর বাংলাদেশ ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণা করে অন্তর্বর্তী সরকার। একই



কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সাধারণ ছাত্রছাত্রীদের ওপর হামলা ছাত্রলীগের। ১৬ জুলাই ২০২৪। ফাইল ছবি

সঙ্গে ছাত্রলীগকে নিষিদ্ধ সত্তা হিসেবে তালিকাভুক্ত করা হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে হত্যা, হত্যাচেষ্টা, হামলাসহ বিভিন্ন অভিযোগে সারা দেশে অসংখ্য মামলায় আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনগুলোর হাজার হাজার নেতা-কর্মীকে আসামি করা হয়েছে। ৩০ জনের বেশি সাবেক মন্ত্রী, সাবেক সংসদ সদস্যসহ দলটির অনেক নেতা গ্রেপ্তার হয়েছেন। কিন্তু হাতে গোনা কয়েকজন ছাত্র ছাত্রলীগের নেতারা গ্রেপ্তার হননি।

পুলিশের সূত্র বলছে, আত্মগোপনে থাকা ছাত্রলীগের নেতা-কর্মীরা সংগঠিত হয়ে দেশে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করার চেষ্টা করছেন বলে গোয়েন্দা তথ্য রয়েছে। তাই তাঁদের আইনের আওতায় আনা প্রয়োজন।

ছাত্রলীগের নেতা-কর্মীদের তালিকা তৈরিতে পুলিশ সদর দপ্তর নির্দেশনা দেওয়ার পর জেলা পুলিশ সুপারের কার্যালয় থেকে থানায় থানায় চিঠি দেওয়া হয়েছে। ফ্যাক্স ও ই-মেইলে পাঠানো এমন একটি চিঠিতে দেখা গেছে, থানা পর্যায়ে ছাত্রলীগের নেতাদের পাঁচ ধরনের তথ্য সংগ্রহ করতে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) নির্দেশ দেওয়া হয়েছে। সেখানে একটি ছকে থানা শাখা

এলডিসি থেকে উত্তরণ
আগামী বছরেই হবে

উপদেষ্টা পরিষদে সিদ্ধান্ত

ঢাকা অফিস

বাংলাদেশকে স্বল্পোন্নত দেশের (এলডিসি) কাতার থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের নির্ধারিত সময়সীমা পিছিয়ে দেওয়ার চিন্তাভাবনা থেকে সরে এসেছে সরকার। নির্ধারিত সময় অনুযায়ী আগামী বছরই এলডিসি থেকে উত্তরণের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ জন্য যেসব চ্যালেঞ্জ সামনে আসবে, তা মোকাবিলায় এখন থেকেই প্রস্তুতি নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের সভাপতিত্বে গতকাল বৃহস্পতিবার উপদেষ্টা পরিষদের সভায় ওই সিদ্ধান্ত হয়। পরে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে সংবাদ ব্রিফিংয়ে এ সিদ্ধান্তের কথা জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম।

এলডিসি থেকে বাংলাদেশের উন্নয়নশীল দেশে উত্তরণের দিন ঠিক আছে ২০২৬ সালের ২৪ নভেম্বর। তবে বিষয়টি আরও পিছিয়ে দেওয়ার ব্যাপারে চিন্তাভাবনা করছিল অন্তর্বর্তী সরকার। প্রধান উপদেষ্টার নতুন বিশেষ সহকারী (অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে) অনিসুজ্জামান চৌধুরী গত মঙ্গলবার সচিবালয়ে এক ব্রিফিংয়ে এই চিন্তাভাবনার কথা বলেছিলেন।

সংবাদ সম্মেলনে প্রেস সচিব শফিকুল আলম উপদেষ্টা পরিষদের সিদ্ধান্তের কথা তুলে ধরে জানান, ২০২৬ সালেই বাংলাদেশ এলডিসি থেকে উত্তরণ করবে। এ জন্য যে চ্যালেঞ্জগুলো আসবে, তা মোকাবিলা করার জন্য এখন থেকেই প্রস্তুতি নেওয়ার জন্য নির্দেশনা দিয়েছেন প্রধান উপদেষ্টা। এতে বাংলাদেশের মর্যাদা আরও বৃদ্ধি পাবে।

অন্তর্বর্তী সরকার গঠিত ছয়টি সংস্কার কমিশনের বেশ কিছু সুপারিশ বাস্তবায়নের জন্য রাজনৈতিক সংলাপের দরকার নেই বলে জানান প্রেস সচিব। তিনি বলেন,

‘অন্তর্বর্তী সরকার গঠিত ছয়টি সংস্কার কমিশনের বেশ কিছু সুপারিশ বাস্তবায়নের জন্য রাজনৈতিক সংলাপের দরকার নেই বলে জানান প্রেস সচিব। তিনি বলেন, ছয়টি কমিশন (সংবিধান, বিচার বিভাগ, নির্বাচন ব্যবস্থা, জনপ্রশাসন, পুলিশ ও দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশন) অনেকগুলো সুপারিশ জমা দিয়েছে। এর মধ্যে কিছু সুপারিশ আছে যেগুলো বাস্তবায়নের জন্য রাজনৈতিক সংলাপের

দরকার নেই। এটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ই বাস্তবায়ন করতে পারে। এসব প্রশাসনিক সিদ্ধান্তের জন্য টাকার তেমন সংশ্লেষ নেই। সেই সিদ্ধান্ত যাতে দ্রুত নেওয়া যায়, সে জন্য প্রধান উপদেষ্টা বলেছেন। এ বিষয়ে ৩০ পৃষ্ঠার একটি কাগজপত্র তৈরি করা হচ্ছে। এসব সিদ্ধান্তের প্রতিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে দেওয়া হবে এবং তারা তাদের মতো করে এগুলো বাস্তবায়ন করবে। এ সিদ্ধান্ত সব মন্ত্রণালয়ে পাঠানো হবে বলেও জানান প্রেস সচিব।

প্রেস সচিব বলেন, স্বৈরাচারের সময় ৫৬০টি মডেল মসজিদ করেছিল। এতে প্রায় এক বিলিয়ন ডলার খরচ হয়েছিল। এতে অনেক অনিয়মের কথা উঠেছে। দুর্নীতি না হলে অর্ধেক খরচেই এ মসজিদ করা যেত। এসব অভিযোগ তদন্ত করতে ধর্ম মন্ত্রণালয় কমিটি গঠন করেছে।

শূন্য পদে নিয়োগে প্রধান উপদেষ্টা নির্দেশনা দিয়েছেন বলে জানান প্রেস সচিব। এ বিষয়ে প্রধান উপদেষ্টা গতকাল মন্ত্রিপরিষদ সচিবকে সরকারি দপ্তরে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করার জন্য নির্দেশ দিয়েছেন। এ বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব আগামী উপদেষ্টা পরিষদের বৈঠকে কী পরিমাণ নিয়োগ করা যেতে পারে, সে বিষয়ে জানানবেন।

সংবাদ ব্রিফিংয়ে প্রেস সচিব বলেন, প্রধান উপদেষ্টা ২৬ মার্চ চার দিনের সফরে চীনে যাচ্ছেন। তাঁরা আশা করছেন সেখানে সম্মেলনে যোগদান এবং অন্যান্য কর্মসূচির পাশাপাশি চীনের প্রেসিডেন্ট সি চিন পিংয়ের সঙ্গে প্রধান উপদেষ্টার দ্বিপাক্ষীয় বৈঠক হবে।

শাহবাগ এলাকায় সভা, সমাবেশ, গণজমায়েত নিষিদ্ধের বিষয়ে জানতে চাইলে প্রেস সচিব শফিকুল আলম বলেন, ‘ইউএন মহাসচিব আসছেন, এটা আমাদের জন্য সম্মানের বিষয়। এটা গুরুত্বপূর্ণ সফর। তাঁর সঙ্গে অনেকগুলো বিষয় নিয়ে আলাপ হবে, রোহিঙ্গাদের সহমর্মিতা প্রকাশ করবেন, রোহিঙ্গা সহায়তা কমানো হয়েছে, এ নিয়ে কথা হবে। এ কারণে জমায়েত নিষিদ্ধ করা হয়েছে।’

ব্রিফিংয়ে আরও উপস্থিত ছিলেন প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব মোহাম্মদ আবুল কালাম আজাদ মজুমদার, অপূর্ব জাহাঙ্গীর, প্রধান উপদেষ্টার সিনিয়র সহকারী প্রেস সচিব ফয়েজ আহম্মদ।

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফু, হজ্জ ভ্যাকসিন দেয়া হয়

আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500

Cell- 718-864-8882

ASTORIA OFFICE:

30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:

170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com



Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:**
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:**
Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**



IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA

Admitted to Practice before the IRS

সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member:  



Tel: 718-440-6712
718-205-3460

Fax: 718-205-3475

Email: wasichoudhury@yahoo.com



ক্রেডিট কার্ড এর মাধ্যমে
ও পেমেন্ট করতে পারেন

গ্রন্থাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে
বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন
করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার
অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

Tax & Immigration Services



Tax
Immigration
Real Estate
Mortgage
Notary

MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

INCOME TAX
Income Tax Service & Direct Deposit
quick Refund & Electronic Filing

IMMIGRATION SERVICES
Citizenship & Family Application
Affidavit of Support & all forms
available

REAL ESTATE
For Buying & Selling houses
mortgage services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

NEW YORK SENIOR ADULT DAY CARE

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst CenterLight Anthem
Hamaspik MetroPlusHealth S W H




সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396

CALL US NOW!
718-516-3425

CONTACT US:
Off: 718-516-3425 FAX: 646-568-6474
newyorksadc.com intake@ny-sadc.com
116-33 Queens Blvd Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C Ozone Park, NY 11416

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ণ বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান)
GRAND RE-OPENING SALES



আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & \$1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সার্টিফিন ব্রুয়ার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস-সালাম ফার্মেসি
(সার্টিফিন ব্রুয়ার্ড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫
ফোন: ৭১৮-২৯১-০৭১৭

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার Sudhesh Srivastava MD Cardiologist	পায়ের ডাক্তার Dr. M Nayeem Podiatric Surgeon
---	--

Complete Physical & Follow up	DMV/TLC, School Physical
Flu Shots, Hajj & Umrah Vaccine	Blood, Urine Test, EKG
Immigration Physical	Podiatric Surgery
COVID Test & COVID Vaccine	All Types of Vaccine

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

নিউইয়র্কে হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির ইফতার মাহফিল

শেখ শফিকুর রহমান

পবিত্র মাহে রমজান উপলক্ষে হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইনক-এর উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত ১০ই মার্চ (সোমবার) নিউইয়র্কের ব্রক্সের পার্কেস্টার বাংলাবাজারের গোয়েন্দা প্যালেস মিলনায়তনে আয়োজিত এই ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোঃ আজমুল মিয়া তালুকদার। সাধারণ সম্পাদক মোঃ দেলোয়ার হোসেন মানিকের সঞ্চালনায় অনুষ্ঠানে

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোবাম্মদ হোসেন চৌধুরী, অ্যাডভোকেট নাসিরউদ্দীন, মোহাম্মদ এন মজুমদার, লিয়াকত আলী, শফিউদ্দীন তালুকদার, মোঃ আব্দুস শহীদ, মোঃ সামাদ মিয়া জাকারিয়া, রোকন হাকিম, শামীম আহমদ, সাক্ষির আহমদ, শেখ জামাল হোসেন, মিয়া আছকির প্রমুখ।

কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। প্রবাসী বাংলাদেশিদের উপচে পড়া ভিড়ে পুরো অনুষ্ঠানস্থল এক মিলনমেলায় পরিণত হয়। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন মোশাররফ হোসেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাংবাদিক শেখ শফিকুর রহমান, কবি আবু তাহের চৌধুরী, মোঃ বশির মিয়া, তানিম চৌধুরীসহ আরও অনেকে।

অনুষ্ঠান বাস্তবায়ন কমিটির আহ্বায়ক ছিলেন সাক্ষির হোসেন, যুগ্ম আহ্বায়ক মোঃ রোবেল মিয়া, প্রধান সমন্বয়কারী তাজুল ইসলাম, যুগ্ম সমন্বয়কারী ইমরান আলী টিপু এবং সদস্য সচিব সৈয়দ মোশাররফ হোসেন।

ইফতার মাহফিল শেষে অতিথিরা সংগঠনের কার্যক্রম এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে সংক্ষিপ্ত আলোচনায় অংশ নেন।



হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইনক-এর উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল

নিউইয়র্কে হাজারের বেশি অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার

এইচ বি রিভিউ

বছরের প্রথম দুই মাসেই নিউইয়র্ক পুলিশ বিভাগ (এনওয়াইপিডি) শহরের বিভিন্ন এলাকা থেকে এক হাজারেরও বেশি অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে। এর ফলে শহরে বন্দুক হামলার ঘটনা ১৪ দশমিক ৫ শতাংশ কমেছে বলে জানিয়েছেন মেয়র এরিক অ্যাডামস।

সোমবার (১০ মার্চ) কমিউনিটি অপ-এডে তিনি বলেন, আমরা আমাদের প্রশাসনের সময়ে উদ্ধার করা মোট অবৈধ অস্ত্রের সংখ্যা ২০ হাজার ৭শ'তে নিয়ে গেছি। এসব অস্ত্র অপসারণ করা ও হত্যাকাণ্ড কমানো আমাদের শিশু, সম্প্রদায় এবং ভবিষ্যৎ রক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

জানা গেছে, শহরের সাবওয়ে প্ল্যাটফর্ম ও ট্রেনগুলোতে পুলিশি তৎপরতা বাড়ানোর বছরের শুরু থেকে ট্রেনজিট অপরাধ ২৭ দশমিক ৯ শতাংশ কমেছে। পাশাপাশি, পাবলিক হাউজিং এলাকাগুলোতেও অপরাধের হার ১২ দশমিক ৭ শতাংশ হ্রাস পেয়েছে।

মেয়র অ্যাডামস জানান, জোন-ভিত্তিক পুলিশিং ব্যবস্থা চালুর ফলে অপরাধপ্রবণ এলাকাগুলোতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বিশেষ

করে, ২০২২ সালে চালু হওয়া সাবওয়ে নিরাপত্তা পরিকল্পনার সন্ত্রাসাচরণ অপরাধ দমনে বড় ভূমিকা রেখেছে। শিশু পুলিশি তৎপরতা নয়, সমাজের তরুণদের বন্দুক সহিংসতা থেকে দূরে রাখতে খেলাধুলা ও কমিউনিটি সেন্টারে বিনিয়োগ করা হচ্ছে বলে জানান মেয়র। তিনি বলেন, শিশু-কিশোরদের নিরাপদ পরিবেশে রাখার জন্য আরও খেলার মাঠ ও কমিউনিটি সেন্টার চালু করা হবে। পাশাপাশি, স্কুল, রাস্তাঘাট এবং সাবওয়ের নিরাপত্তায় বিনিয়োগ অব্যাহত থাকবে।

শহরে অপরাধ কমানোর এই প্রবণতা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন অ্যাডামস। পরপর তিন মাস ধরে শহরের সামগ্রিক অপরাধের হার উল্লেখযোগ্য হারে হ্রাস পাচ্ছে। সাতটি প্রধান অপরাধ বিভাগের মধ্যে ছয়টিতে কর্মতির ধারা দেখা গেছে।

তিনি বলেন, আমরা উচ্চ-অপরাধপ্রবণ এলাকাগুলোতে এনওয়াইপিডির টহল অব্যাহত রাখব। তবে আমাদের মূল লক্ষ্য অপরিবর্তিত—নিউইয়র্কবাসীদের নিরাপদ রাখা এবং অবৈধ আগ্নেয়াস্ত্রের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়া।

মেয়র অ্যাডামসের মতে, নেবারহুড সেফটি টিম, পাবলিক সেফটি টিম এবং কমিউনিটি রেসপন্স টিমের সক্রিয় ভূমিকার কারণে অপরাধের সংখ্যা কমেছে।

দৈনিক ‘যায়যায়দিন’ পত্রিকার ডিক্লোরেশন বাতিল

ঢাকা ডেস্ক

দৈনিক ‘যায়যায়দিন’ পত্রিকার ডিক্লোরেশন বাতিল করেছে সরকার। প্রকাশের ক্ষেত্রে নিয়ম লঙ্ঘনের অভিযোগে পত্রিকাটির সাবেক সম্পাদক শফিক রেহমানের আবেদনের পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত দেওয়া হয়।

বুধবার ঢাকা জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক তানভীর আহমেদের সই করা অফিস আদেশে এ তথ্য জানা যায়।

অফিস আদেশ অনুযায়ী, দৈনিক ‘যায়যায়দিন’ পত্রিকাটি প্রকাশের জন্য যে অনুমোদিত প্রেস রয়েছে সেখান থেকে ছাপা হচ্ছে না, কিন্তু প্রিন্টার্স লাইনে মিথ্যা তথ্য দেওয়া হচ্ছে মর্মে শফিক রেহমান অভিযোগ জানিয়েছেন।

এতে বলা হয়, এর পরিপ্রেক্ষিতে কারণ দর্শানোর নোটিশ দেওয়াসহ প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়ার পর এবং অভিযোগের সত্যতা পাওয়ায় পত্রিকাটি মুদ্রণের ডিক্লোরেশন বা ঘোষণাপত্র বাতিল করা হয়েছে।

আদেশ অনুযায়ী, দৈনিক ‘যায়যায়দিন’ পত্রিকা প্রকাশে ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধীকরণ) আইন, ১৯৭৩ এর ১০ ধারার লঙ্ঘন হয়েছে। এ কারণে দৈনিক ‘যায়যায়দিন’ পত্রিকার প্রকাশক ও মুদ্রাকর সাদ্দিক হোসেন চৌধুরীর নামে যে ঘোষণাপত্র ছিল তা বাতিল করা হয়েছে।



ইমিগ্রেশন আইন সংক্রান্ত বিষয়ে ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্টের সেমিনার

নিউইয়র্ক

নিজস্ব প্রতিবেদক

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে ইমিগ্রেশন আইন সংক্রান্ত বিষয়ে সেমিনার করেছে ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ।

বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) জ্যাকসন হাইটসের শেফ মহল রেস্টুরেন্টে অনুষ্ঠিত সেমিনারের উদ্দেশ্য ছিল জনমনে ছড়ানো মিথ্যা আতঙ্ক দূর করে সঠিক আইনি পরামর্শ দেওয়া। সেমিনারে যুক্তরাষ্ট্রে বসবাসরত কমিউনিটি সদস্যদের করণীয় সম্পর্কে আলোচনা করা হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন সংগঠনের ফাউন্ডার প্রেসিডেন্ট শাহ শহিদুল হক। প্রধান অতিথি ও পৃষ্ঠপোষক ছিলেন গোয়েন্দা এইজ হোম কেয়ারের সিইও শাহ নেওয়াজ। বিশেষ অতিথি ছিলেন ইমিগ্রেশন অ্যাটর্নি মাইকেল প্রিস্টন, এডওয়ার্ড স্কট স্ট্রং, এটর্নী মঈন চৌধুরী, লাগার্ডিয়া কমিউনিটি কলেজের অধ্যাপিকা সাজ হাউডি, অ্যাডভোকেট সুনিয়া সুলতানা ও মাইকেল প্রিস্টনের সহকারী লোকমান হোসেন। সেমিনার পরিচালনা করেন বাংলাদেশ সোসাইটির

কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম রুমী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন শাহ শহিদুল হক। প্রশ্ন-উত্তর পরে সাপ্তাহিক পরিচয়ের সম্পাদক নাজমুল আহসান, শাহ নেওয়াজ, শাহ শহিদুল হক, প্রাক্তন জেনারেল সেক্রেটারি আক্তার হোসেন, সাপ্তাহিক আজকালের বার্তা সম্পাদক অনিক রাজ, আই অনের যুক্তরাষ্ট্র প্রতিনিধি রিমন ইসলাম অংশ নেন।

বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, ইঞ্জিনিয়ার মোহাম্মদ আব্দুল খালেক, ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্টের সাধারণ সম্পাদক মোহাম্মদ আব্দুস সোবহান, ম্যানহাটন বিজনেস অ্যাসোসিয়েশনের সভাপতি তরিকুল ইসলাম বাদল, কমিউনিটি অ্যাক্টিভিস্ট তোফায়েল আহমেদ, বিক্রমপুর অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক নাজমুল আহসান, সেমিনারের আহ্বায়ক আহসান হাবিব, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম জয়, বরিশাল সমিতির নেতা আব্দুর রাজ্জাক ওইন্ডিয়ান কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফরিদা আকাসী সেমিনারের অংশ নেন।

সেমিনারে মূল বক্তব্যে শাহ নেওয়াজ বলেন, ‘আমাদের উদ্দেশ্য ও আদর্শ মানবকল্যাণ। আজকের সেমিনারের মাধ্যমে যদি মাত্র দুইজন

বাঙালিও উপকৃত হন, সেটাই আমাদের সাফল্য। আমরা ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীদের মাধ্যমে আপনাদের সেবায় নিয়োজিত। যারা এখনো কোনো আইনি প্রক্রিয়ার অন্তর্ভুক্ত নন, তারা দেরি না করে আইনসম্মত উপায়ে নিজেদের অবস্থান বৈধ করুন।’

তিনি আরও বলেন, ‘কিছু ব্যক্তি, যারা প্রকৃত অর্থে আইনজীবী নন, বিশেষ করে ইমিগ্রেশন অ্যাটর্নি নন, তাদের কথায় কর্ণপাত না করে প্রকৃত অভিজ্ঞ আইনজীবীদের পরামর্শ নিন। আমেরিকা ইমিগ্রেশন-বান্ধব দেশ। যদি কোন বেআইনি কার্যক্রমে যুক্ত না হন, তবে আপনাকে এ দেশ থেকে বের করে দেওয়া সম্ভব নয়। তবে ভুল পরামর্শ গ্রহণের কারণে অনেকেই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সম্মুখীন হন, যা এড়ানো উচিত।’

শাহ শহিদুল হক বলেন, ‘আমরা ইমিগ্রেশন আইনজীবী নই, তবে অভিজ্ঞতা সম্পন্ন ও সুনামধন্য প্রকৃত আইনজীবীদের নিয়ে কাজ করছি। আজকের সেমিনারের মূল উদ্দেশ্য হলো আপনাদের সঠিক দিকনির্দেশনা দেওয়া। বিভ্রান্ত না হয়ে, সব ভীতি দূর করে আমাদের পরামর্শ গ্রহণ করুন, যাতে আপনার কোনো ক্ষতি না হয়। আমরা আমাদের মানবিক কার্যক্রম অব্যাহত

MITU DISABILITY CENTER

MITU PHYSICAL THERAPY P.C.

MITU HOME CARE LLC.



RONJAN
(Disability Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

আপনি যদি অসুস্থ হন তাহলে প্রতি মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

MITU DISABILITY CENTER

- স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

MITU PHYSICAL THERAPY P.C.

আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হাঁটের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হাওয়া, কিনবিন করা, মাথা ঘরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।


Nagah A. Alaidy
(ফিজিক্যাল থেরাপিস্ট)

MITU HOME CARE LLC.

আপনি প্রতি সপ্তাহে আয় করুন

আপনার মা-বাবা, স্বতন্ত্র-শ্রমজী, আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ স্বতন্ত্র সরকার বহন করে থাকে।

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)
Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com



Md. Kamroul Hasan
President & Ceo

YOUR HOME SOLD GUARANTEED REALTY
Our Name is Our Promise

YOUR HOME SOLD GUARANTEED OR WE'LL BUY IT

আমরা বাড়ি বেচা ফেনা, ট্যাক্সি লিজিং এবং টিএলএল ইনস্যুরেন্স করে থাকি।

HASAN BROKERAGE INC.
TLC সহ সকল প্রকার ইনস্যুরেন্স করা হয়

PHONE: 718-612-8825
EMAIL: hasanbrokerage@gmail.com
ADDRESS: 2115 Starling Leasing, 2nd Floor, Bronx, NY 10462



HASAN TAXI SERVICES INC

যুদ্ধাপরাধের সহযোগী বলায় ক্ষুব্ধ জামায়াত

ঢাকা অফিস

অন্তর্বর্তীকালীন সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলমের ‘জামায়াত



মাহফুজ আলম

যুদ্ধাপরাধের সহযোগী ছিল’ মর্মে বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

বৃহস্পতিবার সন্ধ্যায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় প্রচার বিভাগের মুজিবুল আলম প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন দলটির সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেন, গত ১২ মার্চ বুধবার অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলম তার দীর্ঘ এক ফেইসবুক স্ট্যাটাসে “জামায়াত যুদ্ধাপরাধের সহযোগী ছিল’ মর্মে যে মন্তব্য করেছেন আমি তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। আমি তাঁর এ ভিত্তিহীন ও মিথ্যা বক্তব্যে বিস্মিত। জনাব মাহফুজ আলমের বক্তব্যের জবাবে আমি স্পষ্ট ভাষায় জানাতে চাই যে, তিনি জামায়াত সম্পর্কে ভিত্তিহীন ও অসত্য বক্তব্য দিয়ে একটি প্রতিবেশি দেশের গুণ্ডার কারাবন্দী শাহরিয়ার কবিরদের ভাষাতেই কথা বলেছেন।

পরওয়ার আরও বলেন, ‘মাহফুজ আলম একটি অরাজনৈতিক অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা। তাই কোনো রাজনৈতিক দলকে ট্যাগেট করে সমালোচনা ও অসত্য বক্তব্য দেওয়ার তার কোনো নৈতিক ও বিধিগত অধিকার তিনি রাখেন না। রাজনৈতিক বক্তব্য দিতে হলে রাজনীতির ময়দানে এসে বক্তব্য দেওয়া সমীচীন। তাঁর এ বক্তব্য বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের অরাজনৈতিক চরিত্রকেই প্রম্বন্ধ করেছে।’

তিনি বলেন, শেখ মুজিবের আমলে যুদ্ধাপরাধের জন্য যে তদন্ত কমিশন গঠন করা হয়েছিল তাতে যুদ্ধাপরাধের সঙ্গে জামায়াতের কারো সংশ্লিষ্টতার কোনো প্রমাণ পাওয়া যায়নি। যে কারণে শেখ মুজিব নিজেই সাধারণ ক্ষমা ঘোষণা করে

গ্রেপ্তারকৃতদের মুক্তি দিয়েছিল এবং আত্মসমর্পণকারী পাকিস্তানী সৈন্যদের পাকিস্তানে ফেরত পাঠিয়ে ওই সমস্যার সমাধান করে গিয়েছেন। জামায়াতের সাবেক আমীর অধ্যাপক গোলাম আযম সুপ্রিম কোর্টে মামলা করে নির্দেশ প্রমাণিত হয়েছে তিনি তাঁর নাগরিকত্ব ফিরে পেয়েছেন।

জামায়াত সেক্রেটারি বলেন, শাহবাগে গণজাগরণ মঞ্চ বানিয়ে বিচারপতিদের ভয় দেখিয়ে যে বিচার করা হয়েছে তা ছিল বিচারের নামে একটি প্রহসন। তাঁর প্রমাণ স্কাইপ কেলস্কারি, সাবেক বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বক্তব্য, মাওলানা সাঈদীর মামলার সাক্ষী সুখরঞ্জন বালীর বক্তব্য। এমনকি বৃটিশ সুপ্রিম কোর্টে হাসিনা সরকারের ওই বিচার গ্রহণযোগ্যতা পায়নি। এ থেকেই প্রমাণিত হয় যে, ১৯৭১ সালে জামায়াত নেতাদের যুদ্ধাপরাধের সহযোগী হওয়ার অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। জনাব মাহফুজ আলমের বক্তব্যটি সম্পূর্ণ অসত্য, ভিত্তিহীন ও অনুমান নির্ভর। তবে তাঁর এ বক্তব্য কোনো রাজনৈতিক অসং অভিপ্রায় থেকে বা কোনো অপশক্তির ইচ্ছা নে তাঁদের এজেন্ডা বাস্তবায়নের অপরিণামদর্শী আকাজ্জা থেকেও হতে পারে বলে দেশবাসী মনে করে বলে জানান তিনি।

তিনি আরও বলেন, জামায়াতে ইসলামী আহলে সুন্নত আল জামায়াতের পূর্ণ অনুসারী। জামায়াতের আকিদা ও আদর্শ নিয়ে প্রশ্ন তোলা সম্পূর্ণ অবাস্তব। জামায়াত, ফরায়েজী জামায়াত, জমিয়তে ওলামায়ে ইসলাম ও নেজামে ইসলামসহ বিভিন্ন ইসলামী দল বৃটিশ আমল থেকে শুরু করে স্বাধীন বাংলাদেশের বিভিন্ন ইস্যুতে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করে আসছে। ১৯৮৩ সালে ইন্তেহাদুল উল্লাহ গঠনের মাধ্যমে এ দেশের হক্কানী পীর ও আলেমগণ জামায়াতের সঙ্গে ঐক্যবদ্ধ হয়েছিলেন।

পরওয়ার আশা প্রকাশ করে বলেন, আমাদের বক্তব্যের পর তাঁর (মাহফুজ আলম) মনের বিভ্রান্তি দূর করবেন এবং ভিত্তিহীন ও মিথ্যা বক্তব্যের জন্য দুঃখপ্রকাশ করবেন। ভবিষ্যতে জামায়াতে ইসলামী সম্পর্কে এ ধরনের বক্তব্য দেওয়া থেকে তিনি বিরত থাকবেন।

ঢাবির সাবেক উপাচার্য আরেফিন সিদ্দিক মারা গেছেন

ঢাকা অফিস

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য আ ম স আরেফিন সিদ্দিক মারা গেছেন। বৃহস্পতিবার রাতে ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

গত কয়েকদিন ধরে এই হাসপাতালেই লাইফ সাপোর্টে ছিলেন তিনি। বৃহস্পতিবার রাত ১০ টা ১৫ মিনিটে তার লাইফ সাপোর্ট খুলে ফেলা হয়।

প্রয়াত অধ্যাপকের পরিবারের সদস্যরা জানান, গত ৬ মার্চ ঢাকা ক্লাবে দাঁড়িয়ে কথা বলার সময় হঠাৎ পড়ে যান। এরপর থেকে তিনি ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালে নিউরোসার্জন অধ্যাপক নজরুল ইসলামের তত্ত্বাবধানে চিকিৎসাধীন ছিলেন।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সাবেক এই অধ্যাপক ২০০৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৭তম উপাচার্য হিসেবে নিয়োগ পান। তিনি ২০১৭ সাল পর্যন্ত এ দায়িত্বে ছিলেন।

আটলান্টিক সিটিতে আন্তঃধর্মীয় ইফতার মাহফিল ২৩ মার্চ সুত্র চৌধুরী

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির উদ্যোগে ‘আন্তঃধর্মীয় ইফতার মাহফিল’ এর আয়োজন করা হয়েছে। আগামী ২৩ মার্চ (রোববার) আটলান্টিক সিটিতে বাংলাদেশি আমেরিকানদের দ্বারা পরিচালিত ১৬ উত্তর ফ্লোরিডা এভিনিউতে অবস্থিত ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটিতে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি মো. জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক মো. জাকিরুল ইসলাম খোকা ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আব্দুর রফিক ‘আন্তঃধর্মীয় ইফতার মাহফিল’ এ অংশগ্রহণ করার জন্য সবাইকে আমন্ত্রণ জানিয়েছেন।

রোহিঙ্গা শিশুরা তীব্র অপুষ্টিতে ভুগছে

উত্তর আমেরিকা অফিস

চরম পুষ্টিহীনতায় ভুগছে কক্সবাজারের রোহিঙ্গা শরণার্থী শিবিরে থাকা শিশুরা। সিভিয়ার অ্যাকিউট ম্যালনিউট্রিশনে (তীব্র অপুষ্টি) আক্রান্ত রোগীর সংখ্যা গত বছরের তুলনায় চলতি বছরের ফেব্রুয়ারি মাসে বেড়েছে প্রায় ২৭ গুণ। বর্তমানে রোহিঙ্গা শিবিরে ১৫ শতাংশেরও বেশি শিশু অপুষ্টিতে ভুগছে। যা ২০১৭ সালে রোহিঙ্গাদের স্থানচ্যুতি শুরু হওয়ার পর সর্বোচ্চ স্তরে পৌঁছেছে।

ইউনিসেফের এক প্রতিবেদন সূত্রে জানা গেছে, কক্সবাজারের শরণার্থী শিবিরে বর্তমানে প্রায় এক মিলিয়ন রোহিঙ্গা শরণার্থী বসবাস করছেন। যার মধ্যে ৫ লাখের বেশি শিশু রয়েছে। এই শিশুদের মধ্যে অনেকেই তীব্র অপুষ্টিতে আক্রান্ত হয়ে অত্যন্ত দুর্বল হয়ে পড়েছেন। গত বছর প্রায় ১২ হাজার শিশু তীব্র অপুষ্টিতে আক্রান্ত ছিলো। যাদের ৯২ শতাংশ সুস্থ হয়ে উঠেছে ইউনিসেফের চিকিৎসায়। তবে খাদ্য সংকট, স্যানিটেশন পরিস্থিতির অবনতি, কলেরা ও ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব, এবং স্বাস্থ্য সেবার অভাব পরিস্থিতিকে আরও ভয়াবহ করে তুলেছে।

প্রতিবেদনে বলা হয়, ২০২৫ সালের



জানুয়ারিতে তীব্র অপুষ্টিতে আক্রান্ত রোগী সংখ্যা ২৫ শতাংশ বেড়েছিল। যা ফেব্রুয়ারিতে আরও ২৭ শতাংশ বৃদ্ধি পেয়ে মোট ১ হাজার ৬২ জনে পৌঁছেছে। মূলত বর্ষা, জলবায়ু পরিবর্তন, স্যানিটেশন সংকট, খাবারের রেশন কমানো এবং নতুন শরণার্থীদের আসার কারণে এমনটা ঘটেছে। বিশেষ করে নতুন করে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শিশুরা বেশি সমস্যা পড়ছেন।

জাতিসংঘের শিশু বিষয়ক সংস্থা ইউনিসেফ বাংলাদেশের প্রতিনিধি রানা ফ্লাওয়ার্স বলেন, বর্তমানে আমরা রোহিঙ্গা

মায়াদের ও শিশুদের প্রয়োজনীয় সেবা প্রদান করতে পারছি। কিন্তু চাহিদা বৃদ্ধির সাথে তহবিল কমে যাওয়ায় এই সেবা দেওয়া কঠিন হয়ে পড়েছে।

ইউনিসেফের পূর্বাভাস অনুযায়ী, ২০২৫ সালে রোহিঙ্গা শিবিরে প্রায় ১৪ হাজার ২০০ শিশু তীব্র অপুষ্টিতে আক্রান্ত হতে পারে। এমন পরিস্থিতিতে রোহিঙ্গা শিশুদের জন্য খাদ্য, স্বাস্থ্য সেবা এবং পুষ্টি সহায়তার ধারাবাহিকতা বজায় রাখার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের সহায়তা অব্যাহত থাকা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে।

যুক্তরাষ্ট্র বঙ্গমাতা পরিষদের ইফতার

শেখ শফিকুর রহমান, নিউইয়র্ক

যুক্তরাষ্ট্র বঙ্গমাতা পরিষদের উদ্যোগে পবিত্র রমজান উপলক্ষে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১২ মার্চ) নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের বাংলাবাজারের আলআকসা পাটি হলে এ ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

সংগঠনের সভাপতি মো. ইনামুল হক সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমদ সোহাগের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা তোফায়েল আহমদ চৌধুরী, সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম বাদশা, কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মন্জুর আহমদ, কমিউনিটির লিডার আব্দুস শহীদ।

মাওলানা মিজানুর রহমানের কোরআন তেলওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়।

অনুষ্ঠানে বিপুল সংখ্যক প্রবাসী



বাংলাদেশী মহিলা অংশ নেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সোহান আহমদ টুটুল, সাংবাদিক শেখ শফিকুর রহমান, নুরে আলম জিকু, অধ্যক্ষ সানউল্লাহ, শেখ জামাল হোসেন, আবুল হোসেন, বীর মুক্তিযোদ্ধা আব্দুস সালাম,

বীরমুক্তিযোদ্ধা আব্দুর রব হাওলাদার, শ্যামল চন্দ্র চন্দ, মিয়া মোহাম্মদ দাউদ, শাহীন কামালী, সাখাওয়াত আলী, এইচএম ইকবাল, কফিল উদ্দীন চৌধুরী, তুজাম্মল হোসেন, সৈয়দ রুহুল আলী, কবি আবু তাহের চৌধুরী, রেজা আব্দুল্লাহ।

LEGAL NETWORK INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ট্রিনিশেশন/ এসাইলাম সেন্টার: গ্রিন কার্ড ও নাগরিকত্ব

অর্ধ শতাধিক ATTORNEY এবং CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL
COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫, ৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

জবাব দিতে সময় চেয়েছে বেশির ভাগ দল

ঐকমত্য কমিশনের সুপারিশ

গতকাল জাতীয় ঐকমত্য কমিশন এক বিজ্ঞপ্তিতে জানায়, সাতটি রাজনৈতিক দল মতামত দিয়েছে। ঢাকা ডেস্ক

জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশের বিষয়ে মতামত দিতে বিএনপি ও জামায়াতসহ বেশির ভাগ রাজনৈতিক দল সময় চেয়েছে। সাতটি দল কমিশনে মতামত জমা দিয়েছে। সময় চেয়ে চিঠি দিয়েছে বা যোগাযোগ করেছে ১৬টি দল। বাকি দলগুলো গতকাল পর্যন্ত কমিশনের সঙ্গে যোগাযোগ করেনি। জাতীয় ঐকমত্য কমিশন এই তথ্য জানিয়েছে। বিএনপি, জামায়াতসহ সমমনা দলগুলো মতামত দেয়ার জন্য কয়েকদিন সময় চেয়েছে। এসব দল কমিশনের পাঠানো নির্ধারিত ফরমে টিক চিহ্নে জবাব দিতে চাইছেন না। তারা বিস্তারিত মতামত দেয়ার জন্য সময় চেয়েছেন। আগামী কয়েকদিনের মধ্যেই তারা মতামত জমা দেবেন বলে জানিয়েছেন।

এ ছাড়া গণতন্ত্র মঞ্চও কয়েকদিন সময় চেয়ে বৃহস্পতিবার জাতীয় ঐকমত্য কমিশনের কাছে চিঠি দিয়েছে। মঞ্চও টিক চিহ্ন দেয়ার বিরোধিতা করেছে। বলছে, শুধুমাত্র টিক চিহ্ন চেয়ে রাজনৈতিক দলগুলোর অবমাননা করা হয়েছে।

গত ১০ই মার্চ মতামত চেয়ে ৩৭টি রাজনৈতিক দলের কাছে ‘স্ট্রেড শিট’ পাঠিয়েছে জাতীয় ঐকমত্য কমিশন। এই সুপারিশের বিষয়ে ১৩ই মার্চের মধ্যে রাজনৈতিক দল ও জোটকে মতামত জানাতে বলা হয়েছিল। এরমধ্যে বিএনপি জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজের সঙ্গে ফোনে কথা বলে কয়েকদিন সময় চেয়েছে। জামায়াতও সময় চেয়েছে। ওদিকে গণতন্ত্র মঞ্চ কয়েকদিন সময় চেয়ে গতকাল জাতীয় ঐকমত্য কমিশনকে চিঠি দিয়েছে। এই মতামত পাওয়ার পর রাজনৈতিক দলগুলোর সঙ্গে



আলাদাভাবে আলোচনা শুরু করবে কমিশন।

গতকাল জাতীয় ঐকমত্য কমিশন এক বিজ্ঞপ্তিতে জানায়, সাতটি রাজনৈতিক দল বৃহস্পতিবার পর্যন্ত মতামত দিয়েছে। ১৬টি রাজনৈতিক দল পূর্ণাঙ্গ মতামত দিতে আরও কয়েকদিন সময় চেয়েছে। বাকি ১৪টি দলের সঙ্গে কমিশন আবার যোগাযোগ করছে। গতকাল বিকাল ৪টার মধ্যে মতামত দেয়া সাতটি দল হলো-লিবারেল ডেমোক্রেটিক পার্টি-এলডিপি, খেলাফত মজলিস, জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ, জাকের পার্টি, ভাসানী অনুসারী পরিষদ, জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম ও ‘আমজনতার দল’।

এ দলগুলোকে নিয়ে আগামী মঙ্গল ও বুধবার নাগাদ আলোচনা শুরু করা হতে পারে উল্লেখ করে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয় সংসদ ভবনে দলগুলোর নেতাদের সঙ্গে আলাদাভাবে আলোচনা করা হবে।

সংবিধানসহ প্রাতিষ্ঠানিক সংস্কারে অন্তর্ভুক্তিকালীন সরকার যে ছয়টি কমিশন করেছে, তার আলোকে ছায়া কমিটি করেছে বিএনপিও। জাতীয় ঐকমত্য কমিশন যেসব সুপারিশ চেয়েছে, সেসব নিয়ে এই ছয় কমিশন কাজ করছে। পূর্ণাঙ্গ মতামত তৈরি হতে আরও কিছু সময় লাগবে। রিপোর্ট তৈরি হওয়ার পর দলটি যুগপৎ আন্দোলনের দল ও জোটের সঙ্গে কথা বলবে। এরপরে স্থায়ী কমিটির বৈঠকে চূড়ান্ত করে জাতীয়

ঐকমত্য কমিশনের কাছে রিপোর্ট জমা দেবে। আর টিক চিহ্ন বিষয়ে দলটি অনীহা প্রকাশ করেছে। এটাকে দলটি সংক্ষিপ্ত মনে করছে। কারণ দলটি সংবিধানের সংস্কারের জন্য যে প্রস্তাব তৈরি করেছে তার ইতিমধ্যে ১ হাজার পৃষ্ঠা ছাড়িয়ে গেছে। তারা পূর্ণাঙ্গ রিপোর্ট দেবে।

জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য এবং প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি এডভোকেট মতিউর রহমান আকন্দ বলেন, জাতীয় ঐকমত্য কমিশনকে মতামত দেয়ার জন্য আমরা সময় বাড়িয়ে নিয়েছি।

বিপ্লবী ওয়াকার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বলেন, আমরা এখনো মতামত দেইনি। বৃহস্পতিবার সময় চেয়ে চিঠি দিয়েছি। আর টিক চিহ্ন চেয়ে রাজনৈতিক দলগুলোকে অবমাননা করা হয়েছে। আমরা বিস্তারিত মতামত দেবো। আর যেখানে আমাদের মতামতের সঙ্গে মিল রয়েছে, সেখানে টিক চিহ্ন দেবো।

ইসলামী আন্দোলন বাংলাদেশের যুগ্ম মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান বলেন, আমরা কমিশনের কাছে সময় চেয়েছি। এখন রমজান মাস বিভিন্ন জায়গায় আমাদের ইফতার মাহফিল থাকে। অনেকে ওমরাহ'য় গিয়েছেন, কেউ কেউ গ্রামে রয়েছেন। যার কারণে আমরা সবাই একসঙ্গে বসতে পারছি না। এজন্য সময় চেয়েছি কমিশনের কাছে।

সূত্র: মানবজমিন

ফ্রিল্যান্সিংয়ের পথে এক সংগ্রামের গল্প

আজমল হোসেন

২০২০ সালের মধ্যভাগ। করোনা মহামারীর ভয়াবহ ছোবলে বিশ্ব যখন স্থবির, ঠিক তখনই শেখ আয়মান নামের একজন তরুণ সিদ্ধান্ত নিলেন থেমে না থেকে কিছু করার। চারপাশের স্থবিরতার মাঝে ঘরবন্দি সময়কে কাজে লাগানোর তীব্র ইচ্ছা তার মনে জাগ্রত হলো। প্রযুক্তির প্রতি আগ্রহ তার আগে থেকেই ছিল। অনলাইনে ঘাটাঘাটির পুরনো অভ্যাস থেকেই জানতে পারলেন, ঘরে বসেই আয়ের সুযোগ রয়েছে। কৌতূহল তাকে তড়িত করল, আর তিনি বাপিয়ে পড়লেন ফ্রিল্যান্সিং জগতে।

প্রথমদিকে অনুপ্রেরণার অভাব ছিল না শেখ আয়মানের। ইউটিউবের ভিডিও দেখা, বিভিন্ন ওয়েবসাইট পড়া—সবকিছুই তাকে ফ্রিল্যান্সিংয়ের প্রতি আগ্রহী করে তোলে। কিন্তু বাস্তবতা এতটা সহজ ছিল না। সঠিক গাইডলাইনের অভাবে দিন দিন শেখার পথ কঠিন হয়ে উঠল। বাসার দায়িত্ব, আত্মীয়স্বজনের নানা প্রশ্ন, বন্ধুদের আড্ডা থেকে নিজেকে সরিয়ে রাখা—সবমিলিয়ে পরিস্থিতি তাকে একরকম চাপে ফেলে দেয়। তবুও হাল ছাড়েননি তিনি। ছয় মাস ধরে প্রতিদিন রুটিন করে ল্যাপটপের সামনে বসে কাজ শেখা চালিয়ে যান। পরিবারের সন্দেহ, বন্ধুবান্ধবের মজা করা, আর একাকিত্বের অনুভূতিতে সঙ্গী করেছে তিনি এগিয়ে যান। অনেক কষ্টে তিনি একটি বিদেশি প্রতিষ্ঠানের কোর্স কেনেন, যা তার শেখার পথে নতুন দিগন্ত উন্মোচন করে।

আয়মানের জীবনের নতুন এ সফর এতটা মসৃণ ছিল না। অনেক পরিশ্রমের পর ফাইবারে প্রথম অ্যাকাউন্ট খোলেন তিনি। প্রতিদিন প্রোফাইল আপডেট, গিগ তৈরির কৌশল শেখা—সবকিছু করেও পাঁচ মাস পার হয়ে যায়, কোনো অর্ডার আসেনি। অবশেষে আসে সেই কাক্ষিত অর্ডার—মাত্র ৫ ডলারের। কারণে কাছে এটি খুব সামান্য মনে হতে পারে, কিন্তু তার কাছে এটি ছিল অমূল্য। এই ৫ ডলার তাকে বুঝিয়ে দিয়েছিল, ধৈর্য আর পরিশ্রমের ফল একদিন পাওয়া যায়। সেই ৫ ডলার থেকেই শুরু, আর এখন তিনি আয়ের মাইলফলক ছুঁয়েছেন ৫ হাজার ডলারেরও বেশি।

তবে এই সফলতার পেছনে রয়েছে অনেক চ্যালেঞ্জ। ফ্রিল্যান্সিংয়ের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো গিগ রাস্তাে রাখা। গিগ রাস্তা ধাকলেই নতুন অর্ডার আসে—হোক সেটা বড় বা ছোট। এছাড়া নিয়মিত



২৪ ঘণ্টা অনলাইনে থাকা, বায়ারের মেসেজ পাওয়া মাত্রই দ্রুত উত্তর দেওয়া, এমনকি বায়ারকে কথোপকথনের মাধ্যমে আকৃষ্ট করা—প্রতিটি ধাপই ছিল তার জন্য সংগ্রামের অংশ।

প্রতিযোগিতাও দিন দিন বেড়েছে। তরুণদের মাঝে ফ্রিল্যান্সিংয়ের প্রতি ব্যাপক আগ্রহ দেখা যাচ্ছে, কিন্তু সেই অনুপাত অনুযায়ী যোগ্যতার উন্নয়ন ঘটেছে না। আয়মান মনে করেন, এই প্রতিযোগিতায় টিকে থাকতে হলে শুধু কাজ শেখাই যথেষ্ট নয়, বরং প্রতিনিয়ত নিজেকে আপডেট রাখা, নতুন স্কিল শেখা এবং কঠোর পরিশ্রম করা জরুরি।

ফ্রিল্যান্সিং মুক্ত পেশা হলেও এটি রাতারাতি সফলতার গ্যারান্টি দেয় না। দীর্ঘ সময়, ধৈর্য এবং দক্ষতা ছাড়া এই পথে এগিয়ে যাওয়া কঠিন। পরিবারের সহযোগিতাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। তরুণ-তরুণীরা ফ্রিল্যান্সিংয়ের প্রতি আগ্রহী হলেও বেশিরভাগ ক্ষেত্রেই তারা প্রথম ধাক্কা সামলাতে পারেন না, যার ফলে সফলতার হার অনেক কম।

সরকারি সহযোগিতা প্রসঙ্গে আয়মান বলেন, ফ্রিল্যান্সিং খাত বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। কিন্তু সরকার থেকে ফ্রিল্যান্সারদের জন্য যথাযথ সহযোগিতা এখনো পুরোপুরি কার্যকর হয়নি। পেপাল সুবিধা চালু করা আজও ফ্রিল্যান্সারদের স্বপ্ন। ডলার উত্তোলনের প্রক্রিয়া সহজ করা এবং ব্যাংক প্রণোদনা বাড়ানো—এগুলো দ্রুত বাস্তবায়ন করা দরকার।

ইন্টারনেট সেবা নিয়েও হতাশা প্রকাশ করেন তিনি। ফ্রিল্যান্সিংয়ে ইন্টারনেট সেবা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাঝেমধ্যে ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হলে গিগ রাস্তা হারানো, বায়ারের সঙ্গে সময়মতো যোগাযোগ করতে না পারা—এসব সমস্যার সন্মুখীন হতে হয়। কয়েকবার বায়ারের সঙ্গে নির্ধারিত মিটিং

বাতিল করতে হয়েছিল, কারণ ইন্টারনেট বারবার বিচ্ছিন্ন হচ্ছিল। বায়ারদের কাছে দেশের ইন্টারনেট সমস্যার কথা বোঝানো প্রায় অসম্ভব, কারণ এতে পেশাদারিত্বের অভাব প্রকাশ পায় এবং দেশের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হয়। এছাড়াও বাংলাদেশে সরকার কোন ইস্যুতে ছটফট মোবাইল ডাটা বন্ধ করে দেয়ার প্রবণতা রয়েছে। বিগত সরকার জুলাই বিপ্লবের সময় টানা প্রায় দু সপ্তাহ ইন্টারনেট সেবা বন্ধ করে রাখে। এতে আমরা যারা ফ্রিল্যান্সার আছি তারা চরমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছি। নিয়মিত অনলাইনে থাকতে না পারায় বায়ারদের আস্থা হারানোর পাশাপাশি আয়ের ধারাবাহিকতাও ব্যাহত হয়েছিলো তখন।

তিনি মনে করেন, ইন্টারনেটভিত্তিক ব্যবসার জন্য সরকারের বিশেষ পরিকল্পনা নেওয়া জরুরি। তাছাড়া, ডাটার মূল্য নিয়েও উদ্বেগ প্রকাশ করেন আয়মান আহমেদ নাথি। ডাটার দাম অনেক বেশি হলেও ইন্টারনেটের গতি তুলনামূলকভাবে ধীর। এতে নতুন ফ্রিল্যান্সাররা আরও সমস্যা পড়ে, শেখার গতি ধীর হয়ে যায়।

বাংলাদেশে ফ্রিল্যান্সারদের সংখ্যা সম্পর্কে বলতে গিয়ে শেখ আয়মান বাংলাদেশ ফ্রিল্যান্সার ডেভেলপমেন্ট সোসাইটির তথ্য তুলে ধরেন। বর্তমানে ১৫৩টি মার্কেটপ্লেসে প্রায় ১০ লাখ বাংলাদেশি ফ্রিল্যান্সার কাজ করছেন।

সরকারি নিবন্ধিত ফ্রিল্যান্সারের সংখ্যা নিয়েও তিনি আলোকপাত করেন। চট্টগ্রামে নিবন্ধিত ফ্রিল্যান্সারের সংখ্যা ১ হাজার ৮৩১ জন হলেও, অনিবন্ধিত ফ্রিল্যান্সারের সংখ্যা আরও অনেক বেশি বলে তিনি জানান।

ফ্রিল্যান্সারদের মধ্যে পারস্পরিক যোগাযোগ সীমিত হলেও, প্রয়োজনের সময় তারা একে অপরকে সহায়তা করে থাকেন। প্রকল্পের তথ্য তুলে ধরেন। বর্তমানে সমাধানে সহমর্মিতার জায়গা থেকেই তারা সহযোগিতার হাত বাড়িয়ে দেন।

শেষে আয়মান নিজের অভিজ্ঞতা থেকে বলেন, ফ্রিল্যান্সিং মুক্ত পেশা হলেও এটি মোটেও সহজ নয়। কাজ শেখা এখন সহজ হলেও অর্ডার পাওয়া এবং বায়ারদের বিশ্বাস অর্জন করা অত্যন্ত কঠিন। অনেকেই ফ্রিল্যান্সারদের ডলার আয় দেখে ঈর্ষা করেন, কিন্তু তারা ফ্রিল্যান্সারদের লড়াই, নিঃসঙ্গতা আর দিনের পর দিন শ্রম দেওয়ার কাহিনী জানেন না। তার মতে, সফল হতে গেলে আত্মবিশ্বাসী হওয়া এবং কঠোর পরিশ্রম করা—এই দুইয়ের বিকল্প নেই।

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস

অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবী দ্বারা পরিচালিত আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.




We Specialize in Personal Injury and Negligence Cases

Call us:

718-482-7766, 917-562-1368

প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে




Free Consultation

কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:

- পাড়ী দুর্ঘটনা
- বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- কুল ল্যাবিলিটি
- খেলার মাঠে দুর্ঘটনা
- বার্ণ ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেন্স পয়জানিং
- কৃপ্তর কামড়ানো
- ডাক্তারের ভুল চিকিৎসা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali

718-482-7766

917-562-1368

alimd@surdezlaw.com

alimd1040@yahoo.com

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সত্যতা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাঙ্গিক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

32-72 Steinway Street, Suite# 401

Astoria, NY 11103

www.surdezperetzlaw.com

বাংলাদেশী মেডিসিন বিশেষজ্ঞ




ডাঃ শামসি রহমান (MD FACP)

PRIMARY CARE PHYSICIAN
Board Certified in Internal Medicine
Affiliated with Queens Hospital Center and North Shore University Hospital

মেডিসিন বিশেষজ্ঞ মহিলা ডাক্তার

ডাঃ মোঃ আব্দুল বাহিত (MD FACP)

মেডিসিন বিশেষজ্ঞ
Board Certified in Internal Medicine
Assistant Professor of Medicine
Mount Sinai School of Medicine
Queens Hospital Center

সেবা সমূহ

- প্রাইমারী কেয়ার/ মেডিসিন বিশেষজ্ঞ।
- অফিসেই রক্ত, প্রশাব পরীক্ষা ও ইকজির ব্যবস্থা আছে।
- ফ্লু, হজ্জসহ অন্যান্য ভ্যাকসিন।
- জব, স্কুল, টি.এল.সি (TLC) সম্পর্কিত শারীরিক পরীক্ষা।
- স্ট্রি ব্রাড প্রেসার ও ডায়াবেটিস চেক-আপের ব্যবস্থা।
- যাদের হেলথ ইন্সুরেন্স নাই বিশেষ চিকিৎসার সুযোগ।

জামাইকা অফিস - রোগী দেখার সময়:
সোম থেকে শুক্রবার ৯ সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
শনিবার ৯ সকাল ১০টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত।

ওজনপার্ক অফিস - বোনী দেখার সময় ৯:
মঙ্গলবার থেকে শুক্রবার ৯ বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ৯ বিকাল ৩টা থেকে ৫:৩০ মিঃ পর্যন্ত।

বাহিত মেডিকেল কেয়ার

JAMAICA OFFICE:
166-41 88th Ave,
Jamaica, NY 11432
Tel: 917-780-4510
Fax: 347-875-3911

JACKSON HEIGHTS OFFICE:
40-37 74th Street
Elmhurst, NY 11373
Tel: 917-780-4510
Fax: 347-875-3911

OZONE PARK OFFICE:
97-47 77th Street,
Ozone Park, NY 11416
Tel : 718-307-5796
Fax : 347-875-3911

ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির ইফতার মাহফিল

আনসার আহমেদ উল্লাহ

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে যুক্তরাজ্য ভিত্তিক ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির উদ্যোগে আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত ৮ মার্চ পূর্ব লন্ডনের টাওয়ার হ্যামলেটস এর ভ্যালেস রোডের পিয়র চায়ের সেমিনার হলে অনুষ্ঠিত নারী দিবসের আলোচনায় সভাপতিত্ব করেন ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি সাজিদুর রহমান।

সভা পরিচালনা করেন রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক মিজানুর রহমান মীর। আলোচনায় অংশ নেন ব্রিটেনের বিশিষ্ট নারীনেত্রী, মানবাধিকার কর্মী ও সাংবাদিক উর্মি মাজহার।

নারীদের উন্নয়ন, সমতা, অধিকার আদায়ে সহমত জানিয়ে এ আলোচনায় বক্তব্য রাখেন ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির সহ-সভাপতি সাহেদা রহমান,



আইওন টিভির হাফসা ইসলাম, রেড টাইমস এর আসমা মতিন, রাজনৈতিক ব্যক্তিত্ব আমিনা আলী, কমিউনিটি

এক্সিভিষ্ট নাসিমা বেগম, কবি মুজিবুল হক মনি, কবি সালমা বেগম, ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির সহ সভাপতি জামাল

আহমেদ খান, সহ সভাপতি জুবায়ের আহমেদ, রিপোর্টার্স ইউনিটির সহ সাধারণ সম্পাদক এস কে এম আশরাফুল

ছদা, রিপোর্টার্স ইউনিটির সহ সাধারণ সম্পাদক মিজা আবুল কাশেম, রিপোর্টার্স ইউনিটির কোষাধ্যক্ষ ড. আজিজুল আশিয়া, সাংগঠনিক ও প্রশিক্ষণ সম্পাদক সুয়েজ মিয়া, এনএল২৪ এর উপস্থাপক নুরুল নবী, জে টাইমস টিভি ও বাংলা সংলাপের রিপোর্টার ব্যারিস্টার ইকবাল ছসেন, ব্যারিস্টার আলিমুল হক, সাংবাদিক আলাউর রহমান শাহীন, ফটো জার্নালিস্ট নাহিদ জায়গিরদার, সাংবাদিক শাকিল আহমেদ সোহাগ ও শাহ শরিফ উদ্দিন প্রমুখ।

আলোচনা শেষে ইফতারের পূর্বে নারীদের সামগ্রিক উন্নয়ন ও মুসলিম উম্মাহর শান্তি কামনা করে দোয়া করা হয়। নারী দিবসের ইফতার পূর্ব এই আলোচনায় বক্তারা বলেন আন্তর্জাতিক নারী দিবস' এখন নারীদের সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিকসহ সব ধরনের অর্জন উদযাপনের একটি বৈশ্বিক দিন।

একই সঙ্গে দিবসটি লৈঙ্গিক সমতার বিষয়টিও তুলে ধরে। নারীর উন্নয়ন

অগ্রযাত্রাকে আরও এগিয়ে নিতে ইতিবাচক পরিবর্তনের ডাক দিতে সবাইকে এগিয়ে আসতে হবে, নারীদের প্রতি সম্মান দেখাতে হবে কারণ নারী একজন মা, কন্যা, জায়া বোন বা কারো স্ত্রী।

ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির প্রতি কৃতজ্ঞতা জানিয়ে মূল আলোচক সাংবাদিক উর্মি মাহহার বলেন, প্রত্যেক মানুষের মানবিক গুণাবলি থাকতে হবে। নারী দিবসে পুরুষের পাশাপাশি নারীদের অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। নারীরা মা হবেন বা যারা হয়েছেন, একটা জিনিস মনে রাখতে হবে যেন নিজেদের সম্ভানদের ছেলে বা মেয়ে হিসেবে চিন্তা না করে মানুষ হিসেবে গড়ে তুলি। ছেলে যদি মানুষের মতো মানুষ হয় নারীদের প্রতি সম্মান করবে এবং একজন মেয়ে বা নারী যদি সত্যিকার অর্থে মানুষ হয় তখন পুরুষদের প্রতি ভালোবাসা, সম্মান দেখিয়ে হাতে হাত মিলিয়ে কাজ করবে, একটি সুন্দর শান্তির উন্নয়নমুখী সমাজ গঠন করবে। তখন আর হানাহানি, খুন, ধর্ষণ, অশ্রীতিকর ঘটনা ঘটবে না।

Foot Specialist
ALAM PODIATRY

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

70-17 37 Ave. Jackson Heights, NY 11372
166-05 Highland Ave. Suite L1, Jamaica, NY 11432

OUR SERVICES

Diabetic Foot Exam
Heel Injection
Ingrown Toenail
Fungal Toenails
Fracture Management

Diabetic Shoes
Foot Surgery
Vascular and nerve Testing
On-site X-ray Availabe

We Accept all Major insurance Plan

Dr. Sadi Alam, DPM

নিউ ইয়র্কে বাংলাদেশি চিকিৎসকের পরামর্শ নিন




CONTACT US
347-509-4470
www.alampodiatry.com

Accepting New Patients

AGRA PALACE RESTAURANT & PARTY HALL

আগ্রা প্যালেস রেষ্টুরেন্ট এণ্ড পার্টি হল

বিয়ে, জন্মদিন, বেবী শাওয়ার, গ্রাজুয়েশন, অভিষেক, সভা-সেমিনারসহ সকল ধরনের অনুষ্ঠানের জন্য একটি অভিজাত রেষ্টুরেন্ট ও পার্টি হল।



- সুন্দর ও মনোহর পরিবেশ।
- সু-সজ্জিত বিশাল পার্টি হল।
- অভিজ্ঞ ও দক্ষ শেফ এর তত্ত্বাবধানে তৈরী হ্যাণ্ডাল খাবার পরিবেশনা।
- ছোট বড় সকল ধরনের অনুষ্ঠানের জন্য আসন সংখ্যা ৫০ থেকে ৪৫০।

INDOOR & OUTDOOR CATERING AVAILABLE

বুকিং ও কিস্তিরিত জানতে যোগাযোগ করুন

Agra Palace

Restaurant & Party Hall




ADDRESS: 116-33 Queens Blvd, Forest Hills, New York, NY 11375

Contact : (917) 362-1336, 929-521-2019 , 718-261-8880



Immigrant Elder Home Care LLC.

হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী
বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের
সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



Giash Ahmed

Chairman/CEO

917-744-7308

giashahmed123@gmail.com

CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

JAMAICA OFFICE

87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

LONG ISLAND OFFICE:

1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

BRONX OFFICE:

2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

OZONE PARK OFFICE:

175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

BUFFALO OFFICE:

859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308

আমরা সর্বোচ্চ পেমেট করে থাকি

Contact with us
718-874-0047
Email: info@yourdreamhomecare.com

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ-এর (CDPAP) প্রোগ্রামের অধীনে কোনো HHA সার্টিফিকেশন ছাড়াই হোম কেয়ারের মাধ্যমে যার বাসে আপনার পিতা-মাতা, স্বতন্ত্র-পার্বত্য, আত্মীয়-স্বজন, প্রতিবেশী ও পরিজনদের সেবা দিয়ে আপনি প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন এবং সেবা প্রদানকারীকে নির্বাচন করতে পারেন।

YOUR DREAM HOME CARE

Get paid to take care of your loved ones

আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী

37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372

718-874-0047
Email: info@yourdreamhomecare.com
www.yourdreamhomecare.com



MAZIZ
CEO & President
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA



প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইড ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।

পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন

Head Office
37-18, 73 Street, Suite # 402
Jackson Heights, NY 11372
(718) 874-0047, 917-560-0129

Jamaica Office:
168-47 Hillside Ave, 2nd Floor
Jamaica, NY 11432
(929) 400-4785, (718) 874-0047

Sutphin Branch
Mohammad Khair(Director)
97-01 Sutphin, Blvd
Jamaica NY 11435
(929)-225-0746, (718) 755-0153
(718) 718-874-0047

Ozone Park Office
7721-101 Ave. Ozone Park
New York 11416
(718) 874-0047, 347-771-0115

Ozone Park Office
720 Liberty Ave, Brooklyn NY 11208
(646) 500-1657, (718) 874-0047

1088 Liberty Avenue,
Brooklyn NY 11208
(929) 283-8432

Fulton Office:
584 Nostrand Ave. NY 11216
(646) 5001657

Bronx Office
2140 Starling Ave.
Bronx, NY 10462
917-391-4841, 718-874-0047 (Office)
Fax 718-874-0069

Bangladesh Plaza
3105 Bally Ave. Buffalo NY 14215
(347) 357-4252, (347) 520-9699

Buffalo Office:
1155 Broadway Buffalo, NY 14212
(347) 335-3617, (718) 874-0047

1299 Harlam Road
Buffalo, NY 14094
(716) 400 1446

Albany Office
114 Quail St. Albany, NY 12203
518-379-5496, 518-243-9096
718-864-2061

এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।

- আমরা কোনো ফি নেই না।
- আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইড বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।
- কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।

জ্যাকসন হাইটসের প্রাণ কোল্ডে

সবধরনের ইমিগ্রেশন সমস্যা

KHAIRUL BASHAR LAW OFFICES

দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন এটর্নি

আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি

- ফ্যামিলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
- এসআইল্যাম ও ডিপোর্টেশন ডিফেন্স
- ওয়েভারস (1-601, 1-601A & 1-212)
- বর্ডারে স্ট্রেফতার, ডিটেনশন ও বন্ড
- আপিল ও রিট অব ম্যান্ডামাস
- U ভিসা, VAWA & SIJS
- EB-1 EB-2 NIW & EB-3
- বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
- কন্সুলার প্রসেসিং ও 221(g) ভিসা রিফিউজাল



KHAIRUL BASHAR, MBA, LL.M.
ATTORNEY AT LAW

CALL NOW

(718) 775-8509 - (212) 464-8620

আমাদের সাথে যোগাযোগ করুন

7232 Broadway, Suite 301-302
Jackson Heights, NY 11372
Khairul@basharlaw.com

1629 K Street NW, Suite 300
Washington, D.C. 20006
(888) 771-4529



KHAIRUL BASHAR
LAW OFFICES

#Khairul Basharlaw
www.basharlaw.com
+1 (202) 983- 5504

Admitted in Washington, D.C., and Alabama State Bar | Practice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট



Nurul Azim

Your Any Question Contact Here
+1 516 451 3748





- ✓ প্রাইভেট অকশনের বাড়ি
- ✓ পাবলিক অকশনের বাড়ি
- ✓ ব্যাংক মালিকানা বাড়ি
- ✓ শর্ট-সেল ও REO প্রপার্টি

Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

সম্মানিত বাড়ির
মালিকগণ আমরা
নিউইয়র্ক স্টেটের বিশেষ
অনুদানে (৭০% পর্যন্ত)
আপনার বাড়িতে
অত্যাধুনিক হিটিং ও
এয়ারকন্ডিশন
লাগিয়ে দিতে
চাই

**নিউইয়র্ক ও লংআইল্যান্ড স্টেটের
অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও
এয়ারকন্ডিশন লাগাতে চান?**

**১০
হাজার
ডলারের
রিভেট**

লংআইল্যান্ডের
ব্যবসার মালিকগণ
এ সুযোগ গ্রহণ
করতে পারেন



নতুন বছর
উপলক্ষে
৫০%
সেল

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম
সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল
প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



তোফায়েল চৌধুরী



GREE MECHANICAL
YONKERS

আমাদের কল করুন

914-222-9477 or 914-989-0089

Gree Mechanical Yonkers

1900 Central Park Ave, Yonkers NY 10710

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর
অনুমোদিত **FACILATOR** হিসেবে CDPAP সার্ভিস
TRANSFER এ সহযোগিতা দিতে পারি।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - **(516) 731-7808**

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স
পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার
প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP**
থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব
সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার
মান যেন অক্ষুণ্ণ থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।



Syed Alamin

Administrator

Email: cdpap@bestcare.com

Bestcare
Corporate

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 W 36th ST Suit 400, New York, NY 10018	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210

বাংলাদেশ সোসাইটির কোরআন তিলাওয়াত প্রতিযোগিতা ও ইফতারের ১ম আসর সম্পন্ন

উত্তর আমেরিকা অফিস

পবিত্র মাহে রমজান উপলক্ষে প্রতি বছরের মতো এবারও বাংলাদেশ সোসাইটির পবিত্র কোরআন তিলাওয়াত প্রতিযোগিতা, দোয়া ও ইফতার মাহফিলের প্রথম আসর অনুষ্ঠিত হয়েছে। রোববার নিউইয়র্কের রিগো পার্কের জয়া হলে ৯ম পবিত্র কোরআন তিলাওয়াত প্রতিযোগিতার ও আসর সম্পন্ন হয়। প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের ছেলেমেয়েরা ও আয়োজনে অংশ নিয়ে সুমধুর কণ্ঠে কুরআন তিলাওয়াত করে।

বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর নেতৃত্বে এ আয়োজনে কনসাল জেনারেল নাজমুল হুদাসহ আয়োজক উপ কমিটির নেতৃবৃন্দ, সোসাইটির কার্যকরী কমিটির নেতৃবৃন্দ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, প্রতিবছরের মতো এবারও বাংলাদেশ সোসাইটির এই



আয়োজন প্রবাসী বাংলাদেশিদের মাঝে উৎসাহ এবং সম্প্রীতির বার্তা পৌঁছে দিয়েছে। আগামী দিনগুলোতে আরও বড় পরিসরে এ ধরনের আয়োজনের প্রত্যাশাও ব্যক্ত করেন তারা।

কুরআন তিলাওয়াত প্রতিযোগিতা

শেষে প্রবাসে এবং দেশে বসবাসরত সকলের শান্তি, সমৃদ্ধি এবং কল্যাণ কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। মোনাজাত শেষে অংশগ্রহণকারীদের মাঝে ইফতার পরিবেশন করা হয়।

হ্যামট্রাম্যাক সিটির মেয়র আমীর গালিবকে রাষ্ট্রদূত করলেন ট্রাম্প

পার্থ সারথী দেব, মিশিগান

যুক্তরাষ্ট্রের মিশিগান রাজ্যের হ্যামট্রাম্যাক সিটির মেয়র আমীর গালিবকে শুক্রবার (৭ মার্চ) কুয়েতে মার্কিন রাষ্ট্রদূত হিসাবে নির্বাচন করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

আমীর গালিব গত প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্পের সমর্থনে মিশিগানে বিভিন্ন প্রচারণায় অংশ নেন। এ সময় দুইজনকে খুব কাছাকাছি দেখা যায়।

ইয়েমেনী বংশোদ্ভূত গালিব ২০২১ সালের মেয়র নির্বাচনে হ্যামট্রাম্যাক সিটির প্রথম মুসলিম মেয়র হিসাবে নির্বাচিত হন।

হ্যামট্রাম্যাক শহরের অধিকাংশ মানুষই অভিবাসী ও যুক্তরাষ্ট্রের প্রথম মুসলিম সংখ্যা গরিষ্ঠ শহর। এ শহরের সিটি কাউন্সিলের মেম্বর সবাই মুসলিম এ সংবাদ ইতিমধ্যেই সংবাদ শিরোনাম হয়েছে।

গাজায় ইসরায়েলের যুদ্ধের কট্টর সমালোচক ছিলেন গালিব। গালিবের মনোনয়নের ব্যাপারে ডোনাল্ড ট্রাম্প



বিবৃতিতে লিখেছেন, ‘আমি আনন্দের সাথে ঘোষণা করছি যে, আমীর গালিব কুয়েতে পরবর্তী মার্কিন রাষ্ট্রদূত হবেন। মিশিগান রাজ্যের হ্যামট্রাম্যাক সিটির মেয়র আমীর গালিব মিশিগানে আমাদের ঐতিহাসিক বিজয় নিশ্চিত করতে কঠোর পরিশ্রম করেছেন। আমীর রস ইউনিভার্সিটি স্কুল অব মেডিসিন থেকে এমডি ডিগ্রী অর্জন করে একজন গর্বিত

স্বাস্থ্যসেবা পেশাদার হিসাবে সেবা করে যাচ্ছেন। আমি জানি, তিনি তার নতুন ভূমিকায় আমাদের দেশকে আরো গর্বিত করবেন। অভিনন্দন আমীর।’

তবে আমীর গালিব নতুন নিয়োগের ব্যাপারে এখনো কোনো বিবৃতি দেননি। তবে তার এই নতুন নিয়োগের খবরে হ্যামট্রাম্যাক শহরে তার অনুসারীদের মধ্যে আনন্দের বন্যা বইছে।

হোয়াইট হাউস ক্যারোলিন লেভিট আমেরিকান মদে ১৫০ শতাংশ শুল্ক আরোপ করেছে ভারত

উত্তর আমেরিকা ডেস্ক

ভারত আমেরিকান মদে ১৫০ শতাংশ শুল্ক আরোপ করেছে বলে জানিয়েছেন হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট। শুধু মদ নয়, আমেরিকান বিভিন্ন কৃষিপণ্যের ওপরও ভারত ১০০ শতাংশ শুল্ক আরোপ করেছে বলে অভিযোগ করেন লেভিট। স্থানীয় সময় মঙ্গলবার হোয়াইট হাউসে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।



ক্যারোলিন লেভিট

সংবাদ সম্মেলনে লেভিট বলেন, ‘প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পারম্পরিক ন্যায্য বাণিজ্যনীতিতে বিশ্বাস করেন এবং তিনি চান, আন্তর্জাতিক বাণিজ্য ব্যবস্থায় ভারসাম্য আসুক। শুধু ভারত নয়, জাপানও আমাদের কৃষিপণ্যের ওপর উচ্চ হারে শুল্ক আরোপ করেছে, যেমন জাপান মার্কিন চালের ওপর ৭০০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করেছে। কিন্তু আপনারা চিন্তা করবেন না। মার্কিন ব্যবসায়ী ও শ্রমিকদের স্বার্থরক্ষার জন্য আমাদের একজন প্রেসিডেন্ট রয়েছেন।’

শুধু ভারত নয়, কানাডার বিরুদ্ধেও গুরুতর অভিযোগ তুলেছেন লেভিট। তিনি বলেন, ‘কানাডা বছ বছর ধরে আমেরিকাকে শোষণ করেছে। তারা আমাদের দুগ্ধজাত পণ্যের ওপর প্রায় ৩০০ শতাংশ শুল্ক আরোপ করেছে, যা অন্যায্য।’

ট্রাম্প প্রশাসনের মতে, কানাডা, মেক্সিকো ও চীন দীর্ঘদিন ধরে শুল্কনীতির মাধ্যমে মার্কিন অর্থনীতি ও ব্যবসায়ীদের বিপাকে ফেলেছে। ফলে ট্রাম্প সরকার এসব দেশের ওপর নতুন শুল্ক আরোপের সিদ্ধান্ত নিয়েছে।

সম্প্রতি এক ভাষণে ট্রাম্প দাবি করেছেন, উচ্চ শুল্কের কারণে ভারতে কিছুই বিক্রি করা যায় না। তবে তিনি বলেন, ভারত এখন শুল্ক কমানোর প্রতিশ্রুতি দিয়েছে। কারণ, ট্রাম্প প্রশাসন প্রথমবারের মতো এ ইস্যুতে বন্ধ মোদির বিরুদ্ধে কড়া অবস্থান নিয়েছে।

ট্রাম্প ইতিমধ্যে কানাডা ও মেক্সিকোর ওপর নতুন শুল্ক আরোপের ঝঁপিয়ায় দিয়েছেন। তিনি বলেছেন, ভবিষ্যতে এই শুল্ক আরও বাড়তে পারে। তাঁর মতে, ‘বছ বছর ধরে বৈশ্বিক শক্তিগুলো আমেরিকাকে শোষণ করেছে, কিন্তু এখন সেই ক্ষতি পুষিয়ে নেওয়ার সময় এসেছে।’

বিশ্লেষকেরা বলছেন, ট্রাম্প প্রশাসনের নতুন বাণিজ্যনীতি মার্কিন ব্যবসায়ীদের জন্য কিছুটা স্বস্তির হলেও আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্ক আরও জটিল হয়ে উঠতে পারে। এই ইস্যুর ফলে ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক ও অর্থনৈতিক সম্পর্ক ভিন্ন দিকে মোড় নিতে পারে।

করোনা সহায়তা তহবিল থেকে প্রতারণা

পিপিপি লোন আত্মসাতের দায়ে মার্ক এন্ড্রু দোষী সাব্যস্ত

ইনভিয়ারক রুপ

পেনসিলভানিয়া কোর্ট মিশিগানের মার্ক এন্ড্রু মার্টিন (৪৬) কে করোনা মহামারিকালে পে চেক প্রটেকশন প্রোগ্রাম (পিপিপি) লোন স্কিমের মাধ্যমে ভুল তথ্য দিয়ে ১৪.৫ মিলিয়ন ডলার আত্মসাতের অভিযোগে দোষী সাব্যস্ত করেছে।

কোর্টের তথ্য অনুসন্ধান এবং দাখিল করা দলিল অনুযায়ী, মার্টিন এবং তার সহযোগী ম্যাথু পার্কার ২০২০ সালের মার্চ থেকে ২০২১ সালের আগস্ট পর্যন্ত অবৈধভাবে এই বিপুল অঙ্কের অর্থ উত্তোলন করেন।

মিশিগানে কর্মরত সিপিও পার্কার মিশিগান ও পিটসবার্গ এলাকার ২২৬ জন ক্ষুদ্র ব্যবসায়ীর নামে পিপিপি লোনের আবেদন জমা দেন, যা পরে কর্তৃপক্ষ অনুমোদন করে। এরই সুযোগ নিয়ে অভিযুক্ত মার্ক এন্ড্রু মার্টিন ও ম্যাথু পার্কার প্রায় সাড়ে চৌদ্দ মিলিয়ন ডলার অবৈধভাবে পকেটস্থ করেন।

পেনসিলভেনিয়া রাজ্যের পশ্চিমাঞ্চলে এটিই সর্বোচ্চ আর্থিক প্রতারণার একটি মামলা বলে জানিয়েছে আদালত।

আদালত আগামী মাসে তাদের সাজা ঘোষণা করবেন। এই মামলার যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ প্রতারণার বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণ করেছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।



ফাস্ট এইড হোম কেয়ার

WE PAY HIGHEST RATE

CDPAP Service

HHA/PCA Service

Skilled NURSING

We help for Medicaid, Medicare, Food Stamp & House Rent.

Dr. Gee Cee Pat
Vice President

Dr. Shajadi Parvin
CEO/ President

Earn Money by Taking Care of Senior

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে বাবা-মা, শ্বশুর-শাশুড়ি এবং আত্মীয় স্বজনদের সেবা দানের মাধ্যমে অর্থ উপার্জন করুন।

917-745-0949, 347-919-5256, 347-919-5254

Corporate Office: 37-18 73rd Street, Suite 401, Jackson Heights, NY 11372



LAW OFFICES OF CHANDA THAPA PLLC

260 W 35th Street, Floor 11
New York, NY 10001



ATTORNEY CHANDA THAPA

INJURED

CALL

929-707-8656

FREE
CONSULTATION
24/7

১৫ বছরেরও বেশি সময় ধরে কমিউনিটি এর মধ্যে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য নাম
আপনার টাকা না পাওয়া পর্যন্ত কোন ফি নেই



Attorney Eitan Magendzo

ইনজুরি মামলায় ১১ বছরেরও বেশি অভিজ্ঞতা

একটি একসিডেন্ট মামলায় ১.৫ মিলিয়ন ডলার উদ্ধার

নির্মাণ সাইট বা রেস্টোরাঁয়
কাজ করতে গিয়ে আহত?

উবার বা লিফট পরিচালনা করার সময় আহত?

নিজ বা মালিকের গাড়ি চালানোর সময় আহত

সুপারমার্কেট বা দোকানে কাজ করতে গিয়ে আহত?

যেকোনো আঘাত, পড়ে যাওয়া বা দুর্ঘটনা
আমাদের কল করুন



Mohammad Zahid Hossain
LLM, USA

আমরা বাংলায় কথা বলি

মনে রাখবেন যে অতীতের ফলাফলগুলি ভবিষ্যতের ফলাফলের গ্যারান্টি দেয় না।
এটি একটি বিজ্ঞাপন। আপনার যদি আইনি পরামর্শের প্রয়োজন হয় তবে আমাদের অফিসে যোগাযোগ করুন

ঝুঁকি নেবেন না, আমাদের সাথে যোগাযোগ করুন

Call: 929-707-8656 or Email: info@chandalaw.com



কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো
লিবারেল পার্টির নবনির্বাচিত দলীয়
প্রধান মার্ক কার্নিকে অভিনন্দন জানান

ট্রুডোর বিদায়, কার্নির শপথ

উত্তর আমেরিকা ডেস্ক

কানাডার প্রধানমন্ত্রী হিসেবে বিদায়
নিচ্ছেন জাস্টিন ট্রুডো। আগামীকাল
শুক্রবার দেশটির নতুন প্রধানমন্ত্রী
হিসেবে শপথ নেবেন কেন্দ্রীয় ব্যাংকের
সাবেক প্রধান মার্ক কার্নি। গত বুধবার
দেশটির গভর্নর জেনারেলের অফিস সূত্র
জানায়, কার্নির সঙ্গে নতুন মন্ত্রিসভার
সদস্যরাও কাল শপথ নেবেন।

কানাডায় গত রোববার সদস্যদের
ভোটে লিবারেল পার্টির নতুন নেতা বাছাই
করা হয়। এতে মার্ক কার্নি ১ লাখ ৩১
হাজার ৬৭৪ ভোট পেয়ে নির্বাচিত হন।
গত সোমবার অটোয়ায় ট্রুডোর সঙ্গে
বৈঠকের পর তিনি বলেন, ক্ষমতা হস্তান্তর
নির্বিশেষ ও দ্রুত হবে।

মার্ক কার্নি অর্থনীতিবিদ, কানাডার
কেন্দ্রীয় ব্যাংকের সাবেক প্রধান। তিনি
ব্যাংক অব ইংল্যান্ডেরও নেতৃত্ব
দিয়েছেন। পেশায় অর্থনীতিবিদ-ব্যাংকার
কার্নি এমন একসময় সরকারপ্রধানের
দায়িত্ব নিচ্ছেন, যখন মার্কিন প্রেসিডেন্ট
ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে কানাডার
বাণিজ্যযুদ্ধে জড়িয়ে পড়ার শঙ্কা বাড়ছে।

৯ বছর ক্ষমতায় থাকার পর গত
জানুয়ারিতে পদত্যাগের ঘোষণা দেন
ট্রুডো। জনমত জরিপে দলের বাজে
অবস্থা উঠে আসার পর দায়িত্ব ছাড়তে
চাপে ছিলেন তিনি। তুলনামূলক কম
বয়সে প্রধানমন্ত্রী নির্বাচিত হয়ে
আন্তর্জাতিক সম্প্রদায়কে তাক লাগিয়ে
দেন। গড়ে তোলেন লিঙ্গসমতাভিত্তিক
মন্ত্রিসভা। নিজেকে পরিচিত করে
তোলেন একজন নারীবাদী, পরিবেশবাদী
এবং শরণার্থী ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর
অধিকারকর্মী হিসেবে। তবে জনপ্রিয়তা
ক্রমেই কমছিল তাঁর।

গত বছরের সেপ্টেম্বরে ট্রুডোর
ক্ষমতা আরও দুর্বল হয়ে পড়ে।
পদত্যাগের জন্য বিরোধীদের পাশাপাশি
নিজ দলের মধ্য থেকে চাপ বাড়তে শুরু
করে ট্রুডোর ওপর।

একই সঙ্গে কার্নির ভাবমূর্তি বাড়তে
থাকে। দলীয় নির্বাচনে জয়ী হয়ে কার্নি
বলেন, এখন কানাডার জন্য গুরুত্বপূর্ণ
সময়। তিনি যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে জয়ী
হওয়ার আত্মবিশ্বাস দেখান। তিনি বলেন,
‘আমেরিকানদের কোনো ভুল করা উচিত
নয়, হকির মতো বাণিজ্যও কানাডা
জিতবে।’ গত বুধবার কার্নি
বলেন, অর্থনৈতিক টানাপোড়েন এড়াতে
তিনি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের
সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনায়
বসতে প্রস্তুত।



Sarah Care USA

CDPAP & HOME CARE SERVICES

- ✓ CDPAP/PCA/HHA
- ✓ No Certificate Required
- ✓ Highest pay with Benefit

We Speak Bengali, Hindi, Urdu,
Punjabi, Spanish & Creole



Dr. Gee Cee Pat
Vice President



Dr. Shajadi Parvin
CEO/President

Need Job?

Call Us: 917-745-0949

- With Best Income Up to \$85,000 Annually
- LAN/RN OT/PT/DIETICIAN Medical Supply
- Work at Home

আমরা ট্রান্সফার কেইসের ক্ষেত্রে
সর্বোচ্চ রেট দিয়ে থাকি

Free Service: to Apply & Renew DOH/Medicaid/Medicare/SNAP

Corporate Office
37-18-73rd Street, Suit # 301
Jackson Heights, NY 11372

Jamaica Office
170-05 & 185-08 Hillside Ave,
Jamaica, NY 11432

Brooklyn Office
2033 Bath Ave,
Brooklyn, NY 11214

Bronx Office
2148 Starling Ave,
Bronx, NY 10482

Buffalo Office
3685 Harlem RD
Cheektowaga, NY 14215

We have offices in Queens, Brooklyn, Bronx, Manhattan, Staten Island, Syracuse, Westchester, Nassau & Suffolk Country

Email: sarah@sarahcareusa.com | Fax: 201-489-8035
Phone: 347-919-5256, 347-919-5254 | www.sarahcareusa.com

মর্টগেজ

নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem



MEADOWBROOK

FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Direct Lender

আমরা ফ্রি পরামর্শ
দিয়ে থাকি

- ★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
- ★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে
পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
- ★ যারা হোম কেয়ারে কাজ করেন তাদের বিশেষ সুবিধা

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেস্ট রেট কম
- ইনভেস্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাস্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435

Akib Hussain

ট্রাম্প-পুতিন মৈত্রীর কাছে কি হেরে যাচ্ছেন জেলেনস্কি?

উত্তর আমেরিকা ডেস্ক

ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি একসময় রাশিয়ার বিরুদ্ধে একাই যুদ্ধে নামার ঘোষণা দিয়ে বিশ্বজুড়ে বীরের মর্যাদা পেয়েছিলেন। ইউক্রেনের সার্বভৌমত্ব রক্ষায় তিনি ছিলেন অনড়। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শান্তি প্রস্তাব বারবার নাকচ করে এসেছিলেন তিনি। কারণ, ট্রাম্পের প্রস্তাব মেনে নিলে ইউক্রেনের খনিজ সম্পদের অর্ধেক চলে যেত যুক্তরাষ্ট্রের হাতে। আর রাশিয়াকে ছেড়ে দিতে হতো দখলকৃত ইউক্রেনীয় ভূমি। কিন্তু এখন সেই জেলেনস্কিই ট্রাম্পের নেতৃত্বে শান্তি প্রতিষ্ঠায় কাজ করতে আগ্রহী। কীভাবে এই পরিবর্তন এল?

জেলেনস্কির এই পরিবর্তনের পেছনে রয়েছে ট্রাম্পের চাপ এবং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ট্রাম্পের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। সম্প্রতি হোয়াইট হাউজে ট্রাম্পের কাছে জেলেনস্কি রীতিমতো নাজেহাল হন। এমনকি সফরের বাকি অংশ বাতিল করে তাকে হোয়াইট হাউজ থেকে বের করে দেওয়া হয়। এই ঘটনা জেলেনস্কির অবস্থানকে আরও দুর্বল করে দিয়েছে।

জেলেনস্কি দীর্ঘদিন ধরে নিজের অবস্থানে অনড় ছিলেন। কিন্তু এখন তিনি ট্রাম্পের শান্তি প্রস্তাবের প্রতি আগ্রহ দেখাচ্ছেন। বিশেষজ্ঞদের মতে, জেলেনস্কির এই পরিবর্তনের পেছনে রয়েছে তার রাজনৈতিক অভিজ্ঞতার অভাব। তিনি মূলত একজন কৌতুক অভিনেতা, যিনি রাজনীতিতে এসেছেন তৃতীয় পক্ষের স্বার্থ হাসিলের মাধ্যম হিসেবে। কিন্তু যখন সেই নেপথ্যের চরিত্র পালটে যায়, তখন সামনের পুতুলের চলার পথও বদলে যায়।

জেলেনস্কির সমালোচকদের মতে, তিনি অন্যের ইচ্ছাধীন পুতুল। তিনি ইমরান খান, ম্যানি প্যাকিয়াও বা আর্নল্ড শোয়ার্জেনগারের মতো নন, যারা অন্য ক্ষেত্রে সফলতা অর্জন করে রাজনীতিতে এসেছেন। জেলেনস্কির রাজনৈতিক অভিজ্ঞতা নেই, নেই কোনও সুস্পষ্ট ভিশন। ফলে তিনি এখন অকূল পাথারে পড়েছেন।

জেলেনস্কি বাইডেন প্রশাসনের



পরামর্শে ন্যাটোতে যোগদানের তোড়জোড় শুরু করেছিলেন। কিন্তু পুতিন এই উদ্যোগের ঘোর বিরোধী ছিলেন। তিনি চান না পশ্চিমা সামরিক জোট তার সীমানার কাছে ঘাটি গাড়ুক। এই উত্তেজনার ফলেই ইউক্রেন-রাশিয়া যুদ্ধের সূত্রপাত হয়, যা প্রায় তিন বছর ধরে চলছে।

রাশিয়ার হামলার পেছনে দীর্ঘদিনের নিরাপত্তাজনিত ইস্যু, কৃষ্ণসাগরে অ্যাক্সেস এবং সাবেক সোভিয়েত গৌরব পুনরুদ্ধারের বাসনা কাজ করেছে। বিশেষজ্ঞদের মতে, ইউক্রেন যদি ন্যাটোর সঙ্গে জোট বাঁধার চেষ্টা না করত, তাহলে পুতিন হামলা চালাতেন না।

ট্রাম্প প্রথম থেকেই বলে আসছেন, ক্ষমতায় এলে তিনি যুদ্ধ বন্ধ করে দেবেন। তিনি ইউক্রেনের হাতে ধরিয়ে দিয়েছেন তিন বছরের বিল। দায় শোধ করতে না পারলে ইউক্রেনের খনিজসম্পদের অর্ধেক দাবি করেছেন। এ ছাড়া ন্যাটোর সদস্যপদের আকাঙ্ক্ষা বাদ দেওয়া এবং রাশিয়াকে দখলকৃত ভূমির অধিকার ছেড়ে দেওয়ার শর্তও রয়েছে তার প্রস্তাবে।

প্রথমে জেলেনস্কি ট্রাম্পের শর্তগুলো উড়িয়ে দিয়েছিলেন। কিন্তু এখন তিনি বলছেন, নিরাপত্তা নিশ্চয়তা পেলে খনিজসম্পদের অর্ধেক দেওয়ার বিনিময়ে চুক্তিতে রাজি আছেন। হোয়াইট হাউজে নাজেহাল হওয়ার পর তিনি এখন ট্রাম্পের নেতৃত্বে শান্তি প্রতিষ্ঠায় কাজ করতে প্রস্তুত।

ইউক্রেনের আগের সরকারও

রাশিয়ার চাপে নতি স্বীকার করেছিল। তারা ইউরোপীয় ইউনিয়নে যোগদানের প্রচেষ্টা থেকে সরে এসেছিল। জেলেনস্কি ক্ষমতায় এসেছিলেন জনগণের প্রত্যাশা নিয়ে। কিন্তু তার নিজস্ব কোনও ভিশন নেই, নেই শক্তিশালী প্রতিবেশীর সঙ্গে দাপট দেখানোর ক্ষমতা। ফলে তিনি এখন অন্যের শক্তির ওপর নির্ভরশীল।

জেলেনস্কির পশ্চিমা মিত্রদের একমাত্র লক্ষ্য ছিল রাশিয়া ও পুতিনকে শাস্যেতা করা। যুদ্ধের সুযোগে তারা রাশিয়ার ওপর শত শত নিষেধাজ্ঞা আরোপ করেছে, তাদের অর্থনীতিতে ধস নামিয়েছে। কিন্তু জেলেনস্কির ভাগ্য খারাপ, মাঝপথে এলেন ট্রাম্প, যিনি পুতিনকে নিজের বন্ধু মনে করেন।

ট্রাম্প একজন ব্যবসায়ী। তার কাছে ইউক্রেনে আরেকটি আফগানিস্তান তৈরি করার আগ্রহ নেই, যেখানে ড্রিলিংন ডলার ব্যয় হবে কোনও যথাযথ ফলাফল ছাড়া। ফলে, জেলেনস্কি এখন সব সমর্থন হারিয়ে বেকায়দায় পড়েছেন। তার নিজের কোনও ভিশন নেই, যার জন্য লড়াই করবেন। ফলাফল, তিনি এখন ট্রাম্পের কাছেই সাহায্য চাইতে বাধ্য হচ্ছেন।

জেলেনস্কির এই অবস্থান পরিবর্তন ইউক্রেনের ভবিষ্যৎ নিয়ে নতুন প্রশ্ন তুলেছে। ট্রাম্প-পুতিন মৈত্রীর কাছে কি হেরে যাচ্ছেন জেলেনস্কি? নাকি তিনি শান্তি প্রতিষ্ঠার জন্য বাস্তবসম্মত সিদ্ধান্ত নিচ্ছেন? সময়ই এর উত্তর দেবে। তবে এটা স্পষ্ট, ইউক্রেনের ভাগ্য এখন অন্যের হাতে।

রমজান ও যাকাত

আফতাব চৌধুরী

রমজান মাস সিয়াম সাধনার মাস। এক বছরে মানুষের শরীরে যে বাড়তি মেদ বা বিযাক্ত পদার্থ জমে ওঠে, রমজানের ১ মাসে সারাদিন উপবাস থাকার কারণে তা পুড়ে গিয়ে শরীরকে রক্ষা করে। রমজানের রোজা মনের কু প্রবৃত্তি গুলোকে নিবৃত্ত করে মনে ও প্রাণে পবিত্রতার ভাব এনে দেয়।

সিয়াম বা রোজা হচ্ছে আধ্যাত্মিক জেহাদ। এ রমজান মাস বিশ্ব মানবের জন্য একটি গুরুত্বপূর্ণ মাস। কারণ প্রায় সকল আসমানী কিতাব এ মাসে নাজিল হয়েছে। যেমন হযরত ইব্রাহীম (আঃ) এর উপর ১০ই রমজান নাজিল হয় “হুহিফা”, হযরত দাউদ (আঃ) এর উপর ১৮ই রমজান নাজিল হয় “যবুর”, হযরত মুসা (আঃ) এর উপর ৬ই রমজান নাজিল হয় “তোরাৎ”, হযরত দ্বিসা (আঃ) এর উপর ১৩ই রমজান নাজিল হয় ইঞ্জিল এবং রমজানের ২৭ তারিখ রাতে হযরত মুহাম্মদ (স.) এর উপর নাজিল হয় পৃথিবীর সর্বশ্রেষ্ঠ গ্রন্থ আল কুরআন।

এছাড়া এ মাসে রয়েছে “লাইলাতুল কদর” অর্থাৎ এ রাতের এবাদত হাজার মাসের এবাদত হতে উত্তম। পবিত্র হাদিসে আছে, “রোজা চাল স্বরূপ।” আল্লাহ পাক রোজা পালনের জন্য মোমিন মুসলমানদের বার বার তাগিদ দিয়েছেন। তাই মাহে রমজান আত্মশুদ্ধি, আল্লাহ পাকের অসীম করুণা ও শুভ প্রতিফল লাভের এক অতুলনীয় সুযোগ।

রোজা রাখার অনেকটা হৃদয়ঘটিত ব্যাপার অর্থাৎ তাকওয়া রোজার ভিত্তি। কিন্তু পরিতাপের বিষয় আজকাল অনেক পূর্ণবয়স্ক পুরুষ-মহিলা নানা অজুহাতে রোজা পালন থেকে বিরত থাকে। ইসলাম এমন এক ধর্ম যার প্রতিটি কর্ম, প্রতিটি এবাদত বন্দেগীর মধ্যে সার্বজনীন কল্যাণ নিহিত।

আধুনিক বিজ্ঞানের যুগে নানা পরীক্ষা-নিরীক্ষা দ্বারা রোজার গুরুত্ব যে কত ব্যাপক তা প্রমাণিত হয়েছে। যারা গ্যাষ্ট্রিক বা আলসারের কারণে রোজা থেকে বিরত থাকেন, বর্তমানে চিকিৎসা বিজ্ঞান কিন্তু তার বিপরীতে মতামত ব্যক্ত করেছে। ডাক্তার ও অভিজ্ঞদের মত, পেপটিক আলসার রোজার উপবাসের কারণে তাড়াতাড়ি ভাল



হওয়ার সম্ভাবনা থাকে। রোজার উপবাসের কারণে লিভারে গ্লীহা, কিডনী, মূত্রথলি পূর্ণ বিশ্রাম পায়। রক্ত গ্লীহা প্রবাহ, মায়ু, রক্ত সঞ্চালন ও দেহের গ্রন্থি সমূহের উপর রোজার সুফল ও প্রতিক্রিয়া সর্বাধিক। ডায়াবেটিস নিরাময়ে রোজার গুরুত্ব অপরিসীম, অতুলনীয়।

এদিকে রোজার সাথে ওতপ্রোতভাবে জড়িত তারাবীর নামাজ খাদ্য হজম করার পক্ষে বেশ সহায়ক। তেমনিভাবে সেহরীর খাবারের পর তাহাজ্জোদ ও ফজরের নামাজ আদায় করা খাদ্য দ্রব্য হজম করার পক্ষে সহায়ক ভূমিকা পালন করে। এভাবে রোজা ও নামাজ দুই-ই একে অপরকে পরিপূর্ণতা দান করেছে। তাই আল্লাহপাক প্রত্যেক গৃহবাসী নরনারীর জন্য রোজা ফরজ বা অবশ্য পালনীয় করেছেন।

এদিকে ইসলামের পঞ্চম ভিত্তির অন্যতম হলো যাকাত। যাকাত আদায় করা প্রত্যেক বিত্তশালী মুসলমানের জন্য অবশ্য ফরজ করা হয়েছে। ইসলামের মৌলিক নীতিতে আছে ধন সম্পদ সঞ্চয় করে রাখা হারাম। এ প্রসঙ্গে কুরআন শরীফে আছে যারা খোদা প্রদত্ত অনুগ্রহে কৃপণতা করে তারা যেন তাদের এ কাজ তাদের জন্য অত্যন্ত মঙ্গলজনক মনে না করে বরং তা তাদের জন্য খুব খারাপ। ইসলামের মৌলিক নীতিতে আছে অর্থ বিনিয়োগের নির্দেশ। এছাড়া তাদের ধন সম্পত্তিতে সকল প্রাণী ও অত্যাধী লোকদের অধিকার রয়েছে। এ কথা পবিত্র কোরআনে উল্লেখ আছে। ইসলামে কিন্তু ধন উপার্জনে কোন বাধা নেই তবে তা কৃষ্ণগত করে রাখার কোন উপায় নেই। ইসলামী জীবন

বিদানে এটি একটি অবাস্তব ব্যাপার। এদিকে ধন সম্পদ বৃদ্ধির লোভে মালামাল মজুদ করে সাময়িক অভাব সৃষ্টি করা ইসলামে হারাম। ধনীদেব দান ছদকা করা এবং যাকাত আদায় করার ফলে অতিরিক্ত টাকা তাদের হাত হতে জনসাধারণের মধ্যে চলে আসে। এতে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বাড়ি ব্যবসাকে তাই বার্ণা ও বৃষ্টি ধারার সঙ্গে তুলনা করা চলে।

সাগরের পানি বৃষ্টি রূপে নেমে যেমন মৃত প্রায় ধরণীতে আনে নূতন জীবন, ঠিক তেমনি ধনীদেব জাকাতের টাকা পয়সা গরীবদের মধ্যে নিয়ে আসে নূতন জীবন, সজীবতা। আনে তাদের পরিবারে ষচ্ছলতা। তাদের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পায়। ফলে ধনীর উৎপন্ন দ্রব্য বিক্রিত হয়ে পুণরায় সে টাকা ধনীর তহবিলে ফিরে আসে। এতে সাগর বা নদীর পানি বা বিলের মাছের মতো এ হাত থেকে ও হাতে ধনী হতে গরীব আবার গরীব হতে ধনীর হাতে ফিরে যায়। এক হাতে জমা থাকে না। এতে অর্থনৈতিক ক্ষেত্রে স্থবিরতা কেটে গিয়ে সচলতা আসে, গতিশীলতা বাড়ায়।

যাকাত প্রদানের ফলে ধন সম্পদ প্রত্যেক ব্যক্তি পর্যন্ত পৌঁছে। এর ফলে ব্যক্তি পর্যায়ে সকলের ক্রয় ক্ষমতা বাড়ি, শিল্পোৎপাদন বৃদ্ধি পায়, ক্ষেত খামার শস্য শ্যামলায় ভরে উঠে, যেমন খাল-বিল-নালা মাছে থাকে পরিপূর্ণ। ব্যবসা বাণিজ্যে অভূতপূর্ব উন্নতি সাধিত হয়। ইসলামের এক একটি বিধান কি ভাবে না মানব কল্যাণ নিহিত, তা পর্যালোচনা করলে স্পষ্ট হয়ে উঠে। তাই অকপটে বলা যায় ইসলামী নির্দেশ চিন্তা চেতনাগুলো অর্থনৈতিক, রাজনৈতিক বিশৃঙ্খলা দূরীকরণে সহায়ক। এটি সত্য এবং বাস্তব।

অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেতে পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম,
কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372

Phone: 917-566-1612

www: southeastusagroup.com

গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশন বাফেলো নিউইয়র্কের কার্যকরী কমিটির পরিচিতি সভা

উত্তর আমেরিকা অফিস

গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশন বাফেলো নিউইয়র্কের কার্যকরী কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২৬ ফেব্রুয়ারি বাফেলোর স্থানীয় এক হলে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিভিন্ন দেশ থেকে কেন্দ্রীয় কমিটির সভাপতি মুহিবুর রহমান মুহিব, সাধারণ সম্পাদক ময়নুল হক চৌধুরী হেলাল, সহ সভাপতি আবুল কালাম আজাদ ছোটন, মোহাম্মদ আব্দুল মুনিম জাহেদী ক্যারল, অলি উদ্দিন শামীম, কার্ডিলিলর ফয়জুর রহমান, সহ সম্পাদক আব্দুল ওদুদ দীপক, চীফ ট্রাজারার রফিকুল হায়দার, সাংগঠনিক সম্পাদক মিজু চৌধুরী ও বাহরাইন থেকে নজরুল ইসলাম সমাটসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ জুমের মাধ্যমে ভার্চুয়ালি অংশ নেন। পাশাপাশি বাফেলো থেকে বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ নেন।

অংশ নেন সম্মীপ এলায়েসের সভাপতি, গ্রেটার ঢাকা এসোসিয়েশন ও বাসকোর প্রধান উপদেষ্টা বাবুল সিরাজুদ্দৌলা, গ্রেটার ঢাকা এসোসিয়েশনের প্রেসিডেন্ট শিপন চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশন অব বাফেলোর



সভাপতি উজ্জ্বল আলম, সেক্রেটারি আব্দুল মান্নান তাজু, সহ সভাপতি সালেহ সিদ্দিকী, কোষাধ্যক্ষ মোহাম্মদ রহমান, আইন ও আন্তর্জাতিক সম্পাদক শেখ রাজু আহমেদ, কার্যকরী সদস্য ওবায়দুর রহমান, হবিগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের উপদেষ্টা শাহীন আহমদ, গ্লোবাল জালালাবাদ বাফেলোর সহ সভাপতি আবু সুফিয়ান, জালালাবাদ এসোসিয়েশন অব বাফেলোর প্রচার ও দপ্তর সম্পাদক সাইদ আলী,

গোলাপগঞ্জ এসোসিয়েশনের উপদেষ্টা ইকবাল আহমদ, বৃহত্তর নোয়াখালী সোসাইটি অফ বাফেলোর প্রধান নির্বাচন কমিশনার সোহেল হেলাল, ফেঞ্চুগঞ্জ এসোসিয়েশনের সভাপতি রেজাউল ইসলাম সেলিম, সুনামগঞ্জের কৃতি সন্তান ইঞ্জিনিয়ার সাজ্জাদুর রহমান, আনোয়ার হোসেন, সামসুজ্জামান কবির, জুনেদ চৌধুরী, সৈয়দ জাহাঙ্গীর, রুহুল আলম রুবেল।

অনুষ্ঠানে ময়নুল হক জুমের মাধ্যমে গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশন বাফেলো নিউইয়র্কের কার্যকরী কমিটির ঘোষণা দেন। সংগঠনের বাফেলো শাখার সভাপতি মোজাদ্দির হোসেন মিসবাহ ও সাধারণ সম্পাদক মোহাম্মদ ফারুক আহমেদ নাজমুল সংগঠনের সবাইকে নিয়ে কাজ করে যাওয়ার এবং সংগঠনকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দেন।

পথচিত্র শিল্পে ডেট্রয়েট নগরীর স্বীকৃতি

ইশতিয়াক রুপু

আমেরিকার অন্যতম জনপ্রিয় দৈনিক ইউএস টুডে'র পাঠকদের ভোটে ২০২৫ সালের সেরা পথচিত্র শিল্প প্রতিযোগিতায় ডেট্রয়েট শহরের বিভিন্ন রাস্তার চিত্রকর্ম সারা আমেরিকার মধ্যে ৯র্থ স্থান অর্জন করেছে। শহরের এই অনবদ্য শিল্পকর্মগুলি শহরের সংস্কৃতি ও ঐতিহ্যের এক নতুন পরিচয় তুলে ধরেছে, যা সারা বিশ্বের শিল্পপ্রেমীদের মনোযোগ আকর্ষণ করেছে।

ডেট্রয়েটের পথে পথে ছড়িয়ে ছিটিয়ে থাকা চিত্রকর্মগুলোর মধ্যে একটি অন্যতম আকর্ষণীয় স্থান হচ্ছে "সিটি ওয়াল ডেট্রয়েট মুরাল ম্যাপ"। এই ম্যাপটি অনলাইনে ব্রাউজ করলে, ডেট্রয়েট শহরের প্রায় ১০০টি অসাধারণ মুরাল এবং পথচিত্রের সৌন্দর্য উপভোগ করা যায়। এছাড়া, শহরের রোজা পার্ক ব্লুবার্ড এবং ওয়ারেন এভিনিউর ইন্টারসেকশনে রয়েছে চোখধাঁধানো চিত্রকর্ম, যা শহরের সৌন্দর্যকে নতুন মাত্রায় পৌঁছে দিয়েছে। এই প্রতিযোগিতায় ফিলাডেলফিয়া শহর প্রথম স্থান অধিকার করেছে।

পথচিত্র শিল্প বর্তমানে



আমেরিকার বড় বড় শহরগুলোর মধ্যে একটি জনপ্রিয় শিল্পকলার ধারায় পরিণত হয়েছে, যা শুধু চিত্রকলা নয়, বরং শহরের ইতিহাস, সংস্কৃতি এবং মানুষের জীবনযাত্রাকেও প্রভাবিত করে। এই শিল্পকলা বহু বছর ধরে আমেরিকান গানের ও নাটকের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে, এবং এটি বিপুল সংখ্যক আমেরিকান নাগরিকের কাছে একটি চিরন্তন প্রিয় শিল্পের রূপে বিবেচিত। ডেট্রয়েট শহরের এই অর্জন তার সাংস্কৃতিক বৈচিত্র্য এবং সৃজনশীলতার প্রমাণ, যা শহরের স্থায়ী ঐতিহ্য হয়ে উঠতে চলেছে।

তিউনেশিয়ার রাষ্ট্রদূত পদে নিয়োগ পেলেন ডিয়ারবন হাইটসের মেয়র বিল বাঘি

ইশতিয়াক রুপু

লেবানীজ বংশোদ্ভূত মিশিগানের ডিয়ারবন হাইটসের মেয়র বিল বাঘিকে ট্রান্স প্রশাসন তিউনেশিয়ার রাষ্ট্রদূত পদে নিযুক্ত করেছে। ৫৭ বছর বয়স্ক বিল বাজি আমেরিকার প্রধান গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান ফোর্ড প্রকৌশলী পদে প্রায় ২২ বছর সেবা প্রদান করেন। ডিয়ারবন হাইটসে বসবাসকারী ৫৬ হাজার বাসিন্দার মধ্যে প্রায় ৩২ শতাংশ বাসিন্দা লেবানীজ ও অন্যান্য আরবদেশীয়।

মঙ্গলবার (১১ মার্চ) বিল বাজি এক টুইট বার্তায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, আমি নিজেকে খুবই সম্মানিত মনে করছি প্রেসিডেন্ট আমাকে এই পদের উপযুক্ত ভেবেছেন।

বিল বাঘি প্রায় ২১ বছর আমেরিকার নৌবাহিনীর একজন সক্রিয় সদস্য পদে সফলভাবে সেবা প্রদান করেন। ফোর্ড কোম্পানিতে নিযুক্ত হওয়ার আগে বিল বাজি আমেরিকার স্নামাধন্য বোয়িং কোম্পানির কোয়ালিটি ম্যানেজার পদে চাকুরী করেন।

২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে



মেয়র বিল বাঘি

বিল রিপাবলিকান দলের পক্ষে ব্যাপকভাবে প্রচারণায় অংশ নেন। বিলির এই অংশগ্রহণকে ডোনাল্ড ট্রাম্প উল্লেখযোগ্য অবদান বলে অভিহিত করেন।

গত ৭ মার্চ আমেরিকার নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মিশিগানের ডেট্রয়েট এলাকায় বসবাসকারী বাংলাদেশি ও আরবীয় অধ্যুষিত হ্যামট্রামির নগরীর মুসলিম মেয়র ইয়েমেনী বংশোদ্ভূত আমের গালিবকে কুয়েতের রাষ্ট্রদূত পদে নিয়োগ দেন।



মেডিকেল অফিস

We offer Quality Health Care

৮৭-৩১ ১৬৮ প্লেস, জ্যামাইকা নিউইয়র্ক-১১৪৩২
87-31, 168 Place, Jamaica NY 11432

৭১৮-২৯৭-৩২২০, ৭১৮-২৯৭-৩২২৬
718-297-3220, 718-297-3226

ডা: নাহরীণ মামুন এম.ডি
Board Certified Internal Medicine & Women Health Expert
সময়: সোম, বুধ, শুক্র ও শনিবার সকাল ৯.০০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত

ডা: মো: ইউসুফ আল মামুন এম.ডি
Board Certified Geriatrics & Internal Medicine
(এসিসিটিএ প্রফেসর, কুইন হসপিটাল সেন্টার)
সময়: মঙ্গল ও বৃহস্পতিবার বিকাল ৫টা থেকে ৮টা, শনিবার দুপুর ১২টা থেকে ৫টা

ডা: আহমেদ কে আসলাম এম.ডি
হৃদরোগ বিশেষজ্ঞ (সকল প্রকার হার্ট ডিজিজের চিকিৎসা করেন)

আমাদের সেবা সমূহ:

- শারীরিক চেক আপ
- টি.এল.সি টেস্ট
- ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হাই কোলেস্টেরল

আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
যাদের ইন্স্যুরেন্স নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়
Help with insurance problems and new applications
মেডিকেইড ও ফ্যামিলি হেল্প গ্রাস পাওয়ার ব্যাপারে সাহায্য করে থাকি

All kinds of Medical Managements
PAP Smear, Blood Test, EKG Pregnancy Test, TB Test, TLC, Vaccinations
মহিলাদের সবধরনের শারীরিক চেকআপ, রক্তপরীক্ষা, ইকিজি, ব্রেকেনসী টেস্ট
বন্ডা টেস্ট, টিকা এবং হৃদ্ব ব্যাডীনের টিকা সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার

Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।

ultrap SIMPL 20 T-Mobile UNIVISION mobile Lycamobile

Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

নিউইয়র্ক সিটির রেজিস্ট্রার কাজী

MATRIMONIAL SERVICE

NYC REGISTERED

মাওলানা নজরুল ইসলাম

খতিব মসজিদ আর রাইয়ান (MUNA Center of Jamaica)

কাজী অফিস নিউইয়র্ক

MAULANA NAZRUL ISLAM
Khatib Masjid AR-Raiyyan
I Speak Bangla, Urdu, Arabic, English

Email: islam1072@gmail.com Phone: 347-251-2937
196- 43 Foothill Ave, Hollis, NY 11423

মেক্সিকোতে সড়ক দুর্ঘটনায় নিহত ২৫

উত্তর আমেরিকা ডেস্ক

মেক্সিকোতে দুটি আলাদা বাস দুর্ঘটনায় কমপক্ষে ২৫ জন নিহত হয়েছেন। স্থানীয় সময় সোমবার এ দুর্ঘটনাগুলো ঘটে। বার্তা সংস্থা এএফপির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

ডুরান্সো রাজ্য কর্তৃপক্ষ জানায়, মেক্সিকোর উত্তরে যুক্তরাষ্ট্রের টেক্সাস থেকে যাত্রী নিয়ে আসা একটি বাসের সঙ্গে ট্রাক্টরের সংঘর্ষ হয়। এতে ১৪ জন নিহত হন। বাসটিতে ২৪ জন যাত্রী ছিল বলে জানা গেছে।

পাত্র-পাত্রী চাই

15 years exprience

আপনার স্বপ্নের জীবন সঙ্গী/সঙ্গিনী খুঁজে পাওয়ার জন্য একটি নির্ভরযোগ্য ম্যাচ মেকিং সার্ভিস। বাংলাদেশ, ইউএসএ, কানাডা ও অস্ট্রেলিয়ায় বসবাসকারীদের সেবায় সদা সিয়োজিত।

যোগাযোগঃ **JIBON SONGI**
E-mail: jibonsongi2024.com
Phone: 281-912-7812
713-900-6023

টিউশন!

বাংলাদেশি স্কুলগামী শিক্ষার্থীদের জন্য অভিজ্ঞ গৃহশিক্ষক

শিক্ষাগত যোগ্যতা

- এমএস ছাত্র, নিউ ইয়র্ক ইউনিভার্সিটি
- এমবিএ ইন ফাইন্যান্স, ঢাকা বিশ্ববিদ্যালয়
- এমএস ইন ফিজিক্স, ঢাকা

দক্ষতা

- অংক ও পদার্থবিজ্ঞানের জটিল বিষয়গুলো সহজভাবে ব্যাখ্যা করা, যাতে শিক্ষার্থীরা সহজেই বুঝতে পারে
- বাংলা ও ইংরেজিতে পারদর্শী, যা শেখার প্রক্রিয়াকে আরও কার্যকর করে তোলে, বিশেষ করে যেসব ছাত্র বাংলাদেশ থেকে নতুন এসেছে এবং ভাষাগত পার্থক্যের কারণে বুঝতে কষ্ট হচ্ছে

যোগাযোগ

929-281-4654

আপনি টাকা পান আপনার জন্য প্রয়োজন এখন ব্যবসা

✔ দ্রুত এবং সহজ
✔ কোন ক্রেডিট চেক নেই
✔ কোন নুকানো ফি নেই
✔ \$4,000 - \$100,000
✔ 90% এর মধ্যে অনুমোদিত 24 ঘন্টা

বিশেষ প্রচার মাত্র \$49 থেকে শুরু চার হাজার

Mohammad
631-910-6488
www.qmadvance.com

EXECUTIVE OFFICE CENTER
61- 43 186th Street, Fresh Meadows, NY 11365

রুম ভাড়া

শুধুমাত্র একজন কর্মজীবী মহিলার জন্য জ্যামাইকায় বাংলাদেশি এলাকায় বাস ট্রেন গ্রোসারী সংলগ্ন সম্পূর্ণ আলাদা একটি রুম মার্চ এর ১ তারিখ থেকে ভাড়া দেয়া হবে। বিস্তারিত জানতে যোগাযোগ করুন : (718) 820-6054

রুম ভাড়া

জ্যাকসন হাইটস ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং-এ নভেম্বর মাসের ১ তারিখ থেকে একজন নামাজী, কর্মজীবী এবং অধুমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগ : ৭১৮-৫৫২-০৮০৭।

বাসা ভাড়া

ব্রঙ্কসের পার্কচেস্টারে এক বেড, লিভিং, কিচেন, বাথসহ বেইজমেন্ট ভাড়া দেয়া হবে। ফোন : 347-575-9936

রুম ম্যাট আবশ্যক

একটি রুম ভাড়া দেওয়া হবে। (মহিলা ভাড়টে) শেয়ার বাথরুম ও কিচেন। (বেসমেন্ট) হিলসাইড এর উপরে। মানান শপিংমল এর পাশে। যোগাযোগ— মো: আসমান গনি, মোবাইল: ৯২৯-৬১৫-৫১১০

ন্যানি আবশ্যক

ভাল বেতনে জিস্ক হিল লং আইল্যান্ডে কাজ করার জন্য একজন ন্যানি আবশ্যক। 917-280-7656

পাত্র আবশ্যক

ধার্মিক পাত্রী বয়স ৩৮ এর জন্য পাত্র চাই। পাত্রীর পড়া লেখা B.S IN MATH-EMATICS (UMD) M.S IN PROJECT MANAGEMENT (UMD) ইউ এস সিটিজেন পাত্রীর জন্য মুসলিম পাত্র চাই। যোগাযোগ: 301-537-9885

পাত্রী চাই

নিউইয়র্কে হসপিটালে কর্মরত ৪১ বছর বয়স্ক একজন অবিবাহিত পাত্রের জন্য পাত্রী চাই। পাত্র ইউএসএ সিটিজেন। ফোন 347-615-6567

পাত্র চাই

শিক্ষিত সম্ভ্রান্ত পরিবারের ২৬ বছরের হিজাবী, সিটিজেন, গ্যাজেট, চাকুরিরত পাত্রীর জন্য ২৮ থেকে ৩২ বছরের নামাজি, অবিবাহিত শিক্ষিত পাত্র চাই। 929-408-7691

পাত্র চাই

নিউইয়র্কে জন্ম নেওয়া ফার্মাসিস্ট মেয়ের জন্য ডাক্তার, ইঞ্জিনিয়ার, ফার্মাসিস্ট বা এটর্নি পাত্র চাই। বয়স ২৯ থেকে ৩৩ এর ভেতরে এবং ইউএস সিটিজেন হতে হবে। একই সাথে নিউইয়র্কে জব থাকতে হবে 347-740-3872

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনাল গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন। যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

পাত্রী চাই

৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, , ডিভোর্সড সুদর্শন ডাক্তার পাত্রের জন্য ঘটক অথবা সরাসরি যোগাযোগ করুন।

hmurshedmd@gmail.com
Phone: 850-886-9012

পাত্র চাই

ঢাকায় বসবাসরত ৪১ বছর বয়সী পাত্রীর জন্য ৪০ থেকে ৫৫ বছর বয়সী ইউএস সিটিজেন অথবা গ্রিনকার্ড ধারী পাত্র পাই। পাত্রী ডিভোর্সড, ৯ বছর বয়সী কন্যা রয়েছে। পাত্রী শিক্ষিত এবং ভালো ফ্যামিলি থেকে আসা।

যোগাযোগ:

rbprinceton@yahoo.com
(732) 841- 2452

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।

যোগাযোগ: সাদ্দ-৯১৭-৮০৭-৪৮৫১

লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

পাত্র চাই

কান্টাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell : 917-497-9508

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email : jj1831847@gmail.com

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই। যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫”। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষিতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

আবশ্যক

কুইন্সের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিস্ট আবশ্যক। প্রার্থীকে উঁচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলার দক্ষ হতে হবে। ল' ফার্মে কাজের জন্য পরীক্ষা প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুই ইমেইল করুন: ravi@gehilaw.com

পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854. Email: amrsolarllc@yahoo.com



নিউইয়র্কে মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির ইফতার মাহফিল

শেখ শফিকুর রহমান, নিউইয়র্ক

পবিত্র রমজান উপলক্ষে মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএর উদ্যোগে

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৮ মার্চ) এস্টোরিয়ার ভেরাইটি বয়েজ এন্ড গার্লস ক্লাবের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সোহান আহমদ টুটুল।

সাধারণ সম্পাদক সৈয়দ রহুল আলীর পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জালালাবাদ

এসোসিয়েশন অব ইউএসএর সভাপতি মো. বদরুল হোসেনখান। বিশেষ অতিথি ছিলেন সাংবাদিক মো. আবু তাহের, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমাদ আহমেদ, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার সিরাজ উদ্দীনসোহাগ, জালালাবাদ এসোসিয়েশন অব ইউএসএর সাধারণ সম্পাদক রোকন হাকিম, সহসভাপতি শামীম আহমদ, ব্যবসায়ী বশির খান, বিয়ানীবাজার সমিতি ইউএসএর উপদেষ্টা গহর কিনু চৌধুরী, সাবেক কমিশনার মো. আকবর আলী, সাবেক সভাপতি মো. তোজাম্মল হোসেন, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট

সোসাইটির উপদেষ্টা মিয়া মোহাম্মদ আলতাফ হোসেন।

উপস্থিত ছিলেন সাংবাদিক শেখ শফিকুর রহমান, সংগঠনের সহসভাপতি মো. জাবেদ আহমদ, যুগ্ম সাধারণ সম্পাদক এমাদ তরাফদার, সদস্য রিটন সরকার।

দোয়া মুনাজাত পরিচালনা করেন মো. জালাল চৌধুরী। ইফতার মাহফিলে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন।

সোহান আহমদ টুটুল সকলকে রমজানের ইফতার ও দোয়া মাহফিলে অংশগ্রহন করার জন্য ধন্যবাদ জানান।

ইসরায়েলের বিরুদ্ধে ‘যৌন সহিংসতা’ ও ‘গণহত্যা’ প্রমাণ পেয়েছে জাতিসংঘ

উত্তর আমেরিকা ডেস্ক

গাজায় চলমান যুদ্ধে ইসরায়েলের বিরুদ্ধে ‘যৌন, প্রজনন ও অন্যান্য লিঙ্গভিত্তিক সহিংসতার’ পদ্ধতিগত ব্যবহার এবং গণহত্যার প্রমাণ পেয়েছে জাতিসংঘসমর্থিত মানবাধিকার বিশেষজ্ঞরা। বৃহস্পতিবার জাতিসংঘের মানবাধিকার পরিষদ (ইউএনএইচআরসি) এক প্রতিবেদনে এসব তথ্য প্রকাশ করে।

বার্তা সংস্থা এপির প্রতিবেদন থেকে জানা গেছে, ইউএনএইচআরসি ‘কমিশন অব ইনকোয়ারি অন দ্য অকুপাইড প্যালেস্টিনিয়ান টেরিটরি’র সহায়তায় এ প্রতিবেদন তৈরি করেছে। ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলে হামাসের হামলার পর গাজায় সংঘটিত সহিংসতা নিয়ে এটি অন্যতম বিস্তৃত একটি প্রতিবেদন।

তবে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ্ জাতিসংঘ মানবাধিকার পরিষদকে ‘ইসরায়েলবিরোধী সার্কাস’ আখ্যা দিয়েছেন। তিনি বলেছেন, এটি ‘অ্যান্টিসেমিটিক, সন্ত্রাসবাদ সমর্থনকারী ও অপ্রাসঙ্গিক’। কিন্তু তিনি প্রতিবেদনটিতে ইসরায়েলের বিরুদ্ধে আনা নির্দিষ্ট কোনো অভিযোগের ব্যাপারে মন্তব্য করেননি।

জাতিসংঘ মানবাধিকার কমিশনের প্রতিবেদনে বলা হয়েছে, গাজায় ব্যাপক ধ্বংসাত্মক, বেসামরিক এলাকায় ভারী বিস্ফোরক ব্যবহার এবং হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলোতে হামলা নারী ও শিশুদের বিরুদ্ধে ভয়াবহ সহিংসতার ইঙ্গিত দেয়।

ফিলিস্তিনিদের গাজা থেকে উৎখাত করছে না কেউ

ট্রাম্পের ঘোষণা

উত্তর আমেরিকা ডেস্ক

গাজা থেকে ‘ফিলিস্তিনিদের কেউ উৎখাত করছে না’ বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গতকাল বুধবার ওভাল অফিসে আয়ারল্যান্ডের প্রধানমন্ত্রী মাইকেল মার্টিনের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। এই বক্তব্যে গাজা নিয়ে ট্রাম্পের পরিকল্পনা নিয়ে ধোঁয়াশা সৃষ্টি হয়েছে।

গত মাসে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ্‌র যুক্তরাষ্ট্র সফরের সময় তাঁর সঙ্গে বৈঠকের পর ট্রাম্প বলেছিলেন, গাজার দখল নেবে যুক্তরাষ্ট্র। প্রায় ২০ লাখ বাসিন্দাকে ‘স্থায়ীভাবে’ সরিয়ে নেওয়া হবে।

আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলোকে একাধিকবার এ কথা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট। সেই পরিকল্পনা বাস্তবায়নে তিনি মিসর ও জর্ডানের ওপর অনবরত চাপ সৃষ্টি করে যাচ্ছিলেন, যেন তারা গাজার বাসিন্দাদের নিজ দেশে আশ্রয় দেয়।

গাজাকে মধ্যপ্রাচ্যে বিলাসবহুল পর্যটনকেন্দ্র রিভেরা বানানোর খ্যায়ে মার্কিন প্রেসিডেন্টের। এআই দিয়ে বানানো এর ভিডিও নিজের সামাজিক যোগাযোগমাধ্যম প্রকাশ করেন তিনি। কোন ক্ষমতাবলে গাজার দখল নিতে চান, জানতে চাইলে ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্রের আলাদা কোনো ক্ষমতার প্রয়োজন নেই। ট্রাম্পের এমন বক্তব্যে ক্ষোভে ফেটে পড়েন উপত্যকার বাসিন্দারা।

সেই কটর অবস্থান থেকে সরে এসে ট্রাম্প গাজা ইস্যুতে যে মন্তব্য করেছেন, তাকে সাধুবাদ জানিয়েছে ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাস। হামাসের মুখপাত্র হাজেম কাশেমের বরাতে দিয়ে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা জানিয়েছে এ তথ্য।

গতকাল বুধবার কাতারে আরব দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের গাজার পুনর্গঠন ইস্যুতে আলোচনা করেন যুক্তরাষ্ট্রের মধ্যপ্রাচ্যবিষয়ক দূত স্টিভ উইটকফ। তারপরই এ ইস্যুতে নিজের অবস্থান পরিবর্তন করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

এর আগে গত সপ্তাহেই গাজার পুনর্গঠনের একটি পরিকল্পনা উপস্থাপন করে মিসর, যা কায়রোতে একটি শীর্ষ সম্মেলনে অনুমোদন দেয় আরব লিগও।

পরিকল্পনা অনুযায়ী, ৬ মাস গাজার পরিকল্পনা করবে বিশেষজ্ঞদের নিয়ে গঠিত এক অস্থায়ী প্রশাসন। প্রাথমিক পুনর্গঠন সম্পন্ন হলে তারা ফিলিস্তিনি কর্তৃপক্ষের হাতে গাজা পরিচালনার ভার হস্তান্তর করবেন। প্রস্তাবে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের এক সিদ্ধান্তের মাধ্যমে আন্তর্জাতিক শান্তিরক্ষী বাহিনী গাজায় মোতায়েন করার কথা বলা হয়েছে। এর পাশাপাশি মিসর ও জর্ডান ফিলিস্তিনি কর্তৃপক্ষের পুলিশ বাহিনীকে প্রশিক্ষণ দেবে, যাতে তারা গাজায় আইনশৃঙ্খলা বজায় রাখতে সক্ষম হয়।

পরিকল্পনা অনুযায়ী গাজাকে সাতটি ভিন্ন অঞ্চলে ভাগ করে চলবে পুনর্গঠনের কাজ। ওই সাত অঞ্চলে পর্যায়ক্রমে কাজ করা হবে, যাতে গাজার বাসিন্দাদের আশ্রয়ের জন্য উপত্যকার বাইরে যাওয়ার প্রয়োজন না হয়।

রমজান উপলক্ষে বাংলাদেশ এসোসিয়েশন সাউথ জার্সির খাদ্যসামগ্রী বিতরণ

সুব্রত চৌধুরী

রমজান উপলক্ষে যুক্তরাষ্ট্রের নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে বিনামূল্যে খাদ্যসামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি।

শনিবার (৮ মার্চ) বিকালে আটলান্টিক এভিনিউর মসজিদ আল হেরার সামনে কমিউনিটি ফুড ব্যাংক অব নিউ জার্সির সহযোগিতায় এ কর্মসূচি পালন করা হয়।

রমজানের খাদ্য সামগ্রী বিতরণ প্রসঙ্গে সংগঠনের সভাপতি জহিরুল ইসলাম বাবুল বলেন, ‘রমজান হচ্ছে আত্মশুদ্ধির মাস, পবিত্র মাস। এই মাসে মানুষ সিয়াম সাধনা করে। এই সিয়াম সাধনার মাসে কমিউনিটির পাশে থাকার লক্ষ্যেই আমাদের এই প্রয়াস। আশা করি, আগামীতেও আমাদের এই কর্মকাণ্ড অব্যাহত থাকবে।’

তিনি আরো বলেন, ‘করোনাকালীন থেকে আমরা কমিউনিটিতে খাদ্য সহায়তা দিয়ে আসছি। তারই ধারাবাহিকতায় আজকে রমজান উপলক্ষে খাদ্যসামগ্রী বিতরণ করছি।’

খাদ্য সামগ্রী বিতরণের সময় সংগঠনের ট্রাস্টি বোর্ডের সভাপতি আব্দুর



রফিক, ফেরদৌস ইসলাম, গিয়াস উদ্দীন পাঠান, মো. দিদার, শাহরিয়ার আহমদ, সিরাজুল ইসলাম, আটলান্টিক সিটি স্কুলের বোর্ডের সদস্য সুব্রত চৌধুরী, রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

বিভিন্ন কমিউনিটির লোকজন এই খাদ্য সহায়তা নিয়েছেন। রমজান উপলক্ষে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির বিনামূল্যে খাদ্যসামগ্রী বিতরণ কমিউনিটিতে সাড়া ফেলেছে।

মার্কিন অভিবাসী আটককেন্দ্রে ৪৭ হাজার বন্দি

উত্তর আমেরিকা ডেস্ক

মার্কিন অভিবাসী আটককেন্দ্রে আর বন্দি ধারণক্ষমতা নেই। অভিবাসন ও শুল্ক প্রয়োগ বা আইসের এক জ্যেষ্ঠ কর্মকর্তা বুধবার (১২ মার্চ) জানিয়েছেন, এখন সবমিলিয়ে ৪৭ হাজার ৬০০ মানুষকে আটকে রাখা হয়েছে। ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্স এ খবর জানিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা জানিয়েছেন, উদ্ভূত পরিস্থিতিতে আরও বন্দি রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে ট্রাম্প প্রশাসন। এ বিষয়ে মার্কিন প্রতিরক্ষা বিভাগ, মার্কিন মার্শাল সার্ভিস এবং করা কর্তৃপক্ষের সহায়তা চাওয়া হয়েছে।

তিনি আরও বলেছেন, মার্কিন আইনজীবীদের সহায়তায় বাড়তি বন্দিদের জন্য অর্থ আদায়ের চেষ্টা করা হচ্ছে। বর্তমানে গড়পড়তা ৪১ হাজার ৫০০ বন্দিকে আটক রাখার মতো অর্থ পেয়ে থাকে আইস।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্বাচনি অঙ্গীকারের গুরুত্বপূর্ণ একটি পয়েন্ট ছিল যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাসকারী সবাইকে দেশ থেকে বের করে দেওয়া। ট্রাম্প প্রশাসনের সীমান্ত সম্রাট হিসেবে পরিচিত টম হোমান বলেছেন, ব্যাপক বহিস্কার কর্মসূচি বাস্তবায়ন করতে তাদের প্রায় এক লাখ বন্দিকে রাখার মতো ব্যবস্থা থাকা প্রয়োজন।

লন্ডন অফিস

মহান মুক্তিযুদ্ধের বীর সন্তান, ৪ নম্বর সেক্টরের ‘ক’ সাব সেক্টর কমান্ডার মেজর জেনারেল (অব.)

মোহাম্মদ আব্দুর রব (পিএসসি)-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে গ্রেটার সিলেট কমিউনিটি ইউকে।

সংগঠনের কেন্দ্রীয় কনভেনর ও সিনিয়র সাংবাদিক মোহাম্মদ মকিস মনসুর, কো-কনভেনর মসুদ আহমদ, সদস্য সচিব ড. মুজিবুর রহমান এবং অর্থ সচিব এম আসরাফ মিয়াসহ সংগঠনের ১২টি রিজিওনাল ও বিভিন্ন শাখা কমিটির নেতৃবৃন্দ এক যৌথ শোকবার্তায় মরহুমের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, তাঁর মৃত্যুতে দেশ ও জাতি এক কুতি সন্তানকে হারালো, যার অভাব সহজে পূরণ হওয়ার নয়।

মোহাম্মদ মকিস মনসুর বলেন, মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার মুন্সুরিয়া গ্রামের এই গর্বিত সন্তান মুক্তিযুদ্ধের সময়ে অন্য বীরত্ব দেখিয়েছেন। স্বাধীনতার পরও তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন—খুলনার জাহানাবাদ ক্যান্টনমেন্টের কমান্ড্যান্ট, ডিজিএফআই-এর পরিচালক, মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের চেয়ারম্যানসহ নানা দায়িত্বে তিনি নিজেকে দেশসেবায়

নিয়োজিত রেখেছেন।

গত ২ মার্চ (শনিবার) ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৮১ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন জেনারেল আব্দুর রব। ৫ মার্চ রাষ্ট্রীয় মর্যাদায় বনানী কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়। বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয় এবং মরহুমের কবরের ওপর সেনাবাহিনীর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন শোকপ্রকাশকারী অফিসার নাসির আফজাল।

জেনারেল আব্দুর রব একজন সংগ্রামী ও নিবেদিতপ্রাণ মানুষ ছিলেন। তাঁর বর্ণাঢ্য কর্মজীবনের অংশ হিসেবে তিনি মহাখালীতে তাঁর মাজার নামে “আয়েশা মোমোরিয়াল হাসপাতাল” প্রতিষ্ঠা করেন। এছাড়াও টঙ্গীতে তিনি ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ ও ইন্টারন্যাশনাল নার্সিং কলেজ প্রতিষ্ঠার মাধ্যমে দেশের স্বাস্থ্যসেবা উন্নয়নে ভূমিকা রাখেন।

গ্রেটার সিলেট কমিউনিটি ইউকে তাঁর রুহের মাগফিরাত কামনা করে বলেন, তিনি মানবতার সেবায় যে অবদান রেখে গেছেন, তা প্রজন্মের পর প্রজন্ম অনুপ্রেরণা হয়ে থাকবে। মরহুমের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে সংগঠনটির নেতারা সবাইকে তাঁর জন্য দোয়া করার আহ্বান জানান।

দেশপ্রেম আর মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত এই বীর সেনানীর অবদান জাতি চিরদিন শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে।

SECURITY CAMERA

আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন



কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।
আমরা সবসময় ফোন রিসিভ করি

কম্পিউটার রিপায়ার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্কিং এর কাজ করি।

PH-929-257-2015

JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাস্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনারদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্মক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিক প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাহাজা প্রফেশনাল রিক্রুটিং, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)

সাকসেস মাস্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসাল্টিং ফর্ম (প্রতিষ্ঠাতা)
সাকসেস হাইড বিজনেস ক্যারিয়ার প্লান টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবসিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইপ

এরিক অ্যাডামসের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ বাতিলের সিদ্ধান্ত স্থগিত

উত্তর আমেরিকা ডেস্ক

নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামসের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ বাতিল করা হবে কিনা, সে বিষয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নেননি মার্কিন জেলা বিচারক ডেল ই. হো। শুক্রবার (৭ মার্চ) এই বিষয়ে লিখিত যুক্তি উপস্থাপনের শেষ সময়সীমা থাকলেও বিচারক কোনো তাৎক্ষণিক সিদ্ধান্ত দেননি।

এরিক অ্যাডামসের বিরুদ্ধে অভিযোগ, তিনি ব্রুকলিন বরো প্রেসিডেন্ট থাকাকালীন সময়ে তুরস্কের এক সরকারি কর্মকর্তা এবং ব্যবসায়ীদের কাছ থেকে ১ লাখ ডলারের বেশি অবৈধ নির্বাচনী অনুদান ও ভ্রমণ সুবিধা গ্রহণ করেছিলেন। অ্যাডামস এই অভিযোগ অস্বীকার করেছেন এবং নিজেকে নির্দোষ বলে দাবি করেছেন।

বিচারক হো নিরপেক্ষ সিদ্ধান্ত গ্রহণের জন্য সাবেক মার্কিন সলিসিটর জেনারেল পল ক্লিমেন্টকে মামলাটির যুক্তি উপস্থাপনের জন্য নিয়োগ করেছেন। বিচারক মামলাটি বাতিলের বিষয়ে বিচার বিভাগ ও অ্যাডামসের আইনজীবীদের লিখিত বক্তব্য পর্যালোচনা করবেন এবং পরবর্তীতে মৌখিক শুনানির সম্ভাবনা রয়েছে।

মার্কিন বিচার বিভাগ মামলাটি বাতিলের অনুরোধ জানিয়েছে, কারণ তারা মনে করে এই মামলা অ্যাডামসের প্রশাসনিক কার্যক্রম, বিশেষ করে ট্রান্সপ্রেন্সিটির জাতীয় নিরাপত্তা ও অভিবাসন নীতি বাস্তবায়নে তার ভূমিকা বাধাগ্রস্ত করতে পারে। তবে, বিচার বিভাগের এই সিদ্ধান্তের ফলে সংস্থাটির কয়েকজন উচ্চপদস্থ কর্মকর্তা পদত্যাগ করেছেন। তাদের অভিযোগ, এটি ট্রান্সপ্রেন্সিটির পক্ষ থেকে অ্যাডামসের সহযোগিতা পাওয়ার জন্য একটি রাজনৈতিক কৌশল হতে পারে।

এদিকে, নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোচল মেয়র অ্যাডামসকে দায়িত্ব থেকে অপসারণের বিষয়টি বিবেচনা করেছেন, কারণ মামলার পাশাপাশি তার চারজন শীর্ষ সহযোগীও সম্প্রতি পদত্যাগ করেছেন।

অ্যাডামসের বিচার আগামী ২১ এপ্রিল শুরু হওয়ার কথা রয়েছে, তবে বিচারক হো'র চূড়ান্ত সিদ্ধান্ত না আসা পর্যন্ত মামলাটি স্থগিত থাকবে।



বাংলাদেশ অ্যাসোসিয়েশনের ইফতার ও ডিনার

মিশিগান

পার্থ সারথী দেব

মিশিগান অঙ্গরাজ্যের ওয়ারেন সিটিতে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ মিশিগানের বার্ষিক ইফতার ও ডিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল ৯ মার্চ ওয়ারেন সিটির আইওনা ব্যালুয়েট হলে এই আয়োজন সম্পন্ন হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিশিগান স্টেট রিপ্রেজেন্টেটিভ আব্দুল্লাহ হামুদ। তিনি সম্প্রদায়ের একা ও সম্প্রীতির প্রশংসা করেন এবং এ ধরনের আয়োজনকে সামাজিক বন্ধন দৃঢ় করার গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে উল্লেখ করেন।

এছাড়া, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি সিটির কাউন্সিলম্যান স্কট বেনসন এবং হ্যামট্রামেক সিটির মেয়র আমির গাজি। যারা বাংলাদেশি-আমেরিকানদের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে তাদের অবদানের কথা তুলে ধরেন।

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ মিশিগানের সভাপতি মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন, রমজানের এই আয়োজন শুধু ধর্মীয় অনুষ্ঠান নয়, বরং এটি আমাদের সম্প্রদায়ের মধ্যে একা ও সহানুভূতি গড়ে তোলার এক অনন্য সুযোগ। আমরা কৃতজ্ঞ সকল অতিথি, স্পন্সর এবং স্বেচ্ছাসেবকদের প্রতি, যাঁরা এই আয়োজনকে সফল করেছেন।

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ মিশিগানের পক্ষ থেকে ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে এমন আয়োজনের প্রতিশ্রুতি দেওয়া হয়, যাতে বাংলাদেশি-আমেরিকান সম্প্রদায় আরও সুসংহত হতে পারে এবং স্থানীয় প্রশাসনের সঙ্গে সম্পর্ক আরও দৃঢ় হয়।

অনুষ্ঠানে বাংলাদেশি সংস্কৃতি ও ঐতিহ্যের বিশেষ দিক তুলে ধরা হয় এবং অংশগ্রহণকারীদের জন্য ইফতার পরিবেশন করা হয়। এছাড়া, কমিউনিটির কল্যাণে ভবিষ্যতে কীভাবে আরও কার্যকর উদ্যোগ নেওয়া যায়, সে বিষয়ে মতবিনিময় করা হয়।

অনুষ্ঠানের অন্যতম আয়োজক মাহমুদুল হাসান জুয়েল বলেন, আমাদের মূল লক্ষ্য ছিল একত্রিত হওয়া, পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধি করা এবং সম্প্রদায়ের জন্য ইতিবাচক পরিবর্তন আনার প্রতিশ্রুতি পূর্ণাঙ্গ করা। ভবিষ্যতেও এমন আয়োজন অব্যাহত থাকবে।

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ মিশিগানের পক্ষ থেকে ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে এমন আয়োজনের প্রতিশ্রুতি দেওয়া হয়, যাতে বাংলাদেশি-আমেরিকান সম্প্রদায় আরও সুসংহত হতে পারে এবং স্থানীয় প্রশাসনের সঙ্গে সম্পর্ক আরও দৃঢ় হয়।

CHAUDRI CPA P.C.
 FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
 অহেতুক ঝামেলা এড়াতে
 অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
 ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
 অডিট, ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
 অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পেরোল
 আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
 সমস্যা সমাধানে অভিজ্ঞ

Individual and Business Tax
 Audit, Financial Statement
 Bookkeeping, Non-Profit
 Business Setup, Licensing & Payroll
 Specialized in IRS &
 NYS Tax problem resolution

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
 (Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
 74-09 37th Ave, Bruson Building, Suite # 203
 Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
 Fax: 718-865-0874, Cell: 347-415-4546
 E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
 1595 Westchester Avenue
 Bronx, NY 10472
 Cell: 347-415-4546 / 347-771-5041
 E-mail: chaudricpa@gmail.com

Nizamul Wahed Shahir, EA
 Licensed Real Estate Agent
 M.Com (Accounting)

Mob : 347-498-5117
 Tel : 917-775-6329
 Fax : 716-780-8225
 Email: ustaxbazaar@gmail.com

Save Yourself This Tax Season

প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে
 আমরা যত্নবান ও আন্তরিক।

Tax Immigration Real Estate
 Income Tax and Accounting Services For:
 Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
 Sales and Payroll Tax Business Licenses and Setup FBAR and FATCA Filing
 Notary Public Immigration Form Fill-Up Services
 Credit Repair, Real State and much more...

Member of

184-02 Hillside Ave, Jamaica, NY-11432
 162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

হোম কেয়ার

আপনার আত্মীয় স্বজন, আপনজন ও অন্যান্যদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

Mamun Ur Rashid
 President
 917-476-8914

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই।
 এবং আমরা কোন ফি চার্জ করি না।

বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেয়ে
 পাবার জন্য আজই কল করুন

PROHEALTH HOMECARE
 (Ordinary People, Extra Ordinary Care)

375 McDonald Ave, Brooklyn, NY 11218
 Tel: 718-633-1112, Fax : 718-633-1117

পুলিশে শৈথিল্য, বাড়ছে বিশৃঙ্খলা

শেষ পৃষ্ঠার পর

থেকে নেপথ্যে ইন্ধন জোগাচ্ছে কিভাবে সরকারকে বেকায়দায় ফেলা যায়। সম্প্রতি দেশে অপরাধপ্রবণতা বেড়ে যাওয়ায় এ বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা হচ্ছে। তবে আশার কথা হলো, পুলিশে সংস্কার অন্তর্বর্তী সরকার যে ‘পুলিশ সংস্কার কমিশন’গঠন করেছে এরই মধ্যে তারা প্রতিবেদন জমা দিয়েছে। কমিশনের প্রস্তাব কার্যকর হলে পুলিশ বাহিনী অনেকটাই সংশোধন হবে বলে আশা করা যাচ্ছে।

গত বছর ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে কর্তৃত্ববাহী শেখ হাসিনা সরকারের দীর্ঘ শাসনের অবসান ঘটে। ঐতিহাসিক এ গণ-অভ্যুত্থানের পর অত্যন্ত ভঙ্গুর পরিস্থিতিতে নোবেল শান্তি পুরস্কার বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার দেশের দায়িত্ব গ্রহণ করে। এরপর সাত মাস পেরিয়ে গেলেও এখনো থিতুে হয়নি চলমান অস্থিরতা।

এ অস্থিতিশীলতার নেপথ্যে আওয়ামী দোসর হিসেবে চিহ্নিত কর্মকর্তাদের ভূমিকা রয়েছে বলে অভিযোগ উঠেছে। বিদেশে পালিয়ে যাওয়া পতিত সরকারের সাবেক কর্মকর্তারাও নানাভাবে উসকানি দিয়ে যাচ্ছেন, যা কার্যকর করার চেষ্টা করছে দেশে অবস্থানরত দোসররা।

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ সায়েন্স বিভাগের অধ্যাপক ড. উমর ফারুক কালের কণ্ঠকে বলেন, ‘অধিকাংশ পুলিশ যেহেতু ওই সরকারের সময় নিয়োগ পেয়েছে, ফলে অধিকাংশ পুলিশ দমন-পীড়নে সক্রিয় ছিল। ফলে তারা পারস্পরিক এবং নিজের ওপর নিজেদের আত্মবিশ্বাস নিয়ে সন্দেহ, হামলা, মামলা, বদলি এবং ওএসডির মতো আতঙ্কে আছেন। তারা নিজেরা নিজেদের নিয়ে শঙ্কায় রয়েছে।’

এই শঙ্কা নিয়ে তারা একটি বাহিনী চলতে পারে না। তাই পুলিশে সংস্কার করে পরিস্থিতির উত্তরণ করা উচিত বলে মনে করি। এখানে যার যতটুকু অপরাধ, তাকে চিহ্নিত করে সেভাবে শাস্তির আওতায় আনা উচিত এবং নিরপরাধীকে সামনে কাজের সুযোগ করে দেওয়া উচিত।’

তিনি আরো বলেন, ‘উদ্ভূত পরিস্থিতিতে সক্ষমতা নিয়ে ঘুরে দাঁড়াতে পারছে না পুলিশ বাহিনী। এর অন্যতম কারণ আত্মমনোবল ও বিশ্বাস দুর্বল হয়ে পড়া। অনেক পুলিশ সদস্য মনে করছেন, যদি তাঁরা উৎসাহী হয়ে কাজ করেন, তাহলে পূর্ববর্তী সময়ে যাঁরা কাজ করেছেন তাদের মতো অবস্থা হবে। এই আত্মনিয়ন্ত্রণের জায়গা থেকে তাঁরা সঠিক দায়িত্ব পালনে দূরে সরে সরেয়েছেন বলে মনে করি। তাঁরা এই যু্হতে কোনো ঝুঁকি নিতে চাচ্ছেন না। ফলে তাঁরা সক্রিয়ভাবে কোনো ভূমিকা পালন করতে স্বাচ্ছন্দ্যবোধ করছেন না।’

এক প্রশ্নের জবাবে ড. উমর বলেন, ‘বিগত সরকারের মতাদর্শী কিবাে রাজনৈতিকভাবে যেসব পুলিশ সদস্যকে ব্যবহার করা হয়েছে, তাঁরা আসলে মানসিকভাবে এখন খুবই বিধ্বস্ত আছেন। এখনো পর্যন্ত তাঁদের শান্তি কিবাে আইনের আওতায় আনা হয়নি। কিন্তু তাঁরা নিজেরা এখন শঙ্কা ও উদ্ভিগ্নতা নিয়ে দিন কাটাচ্ছেন। এ ধরনের উদ্ভিগ্ন এবং শঙ্কা নিয়ে পেশাগত দায়িত্ব পালন করা কঠিন। একই সঙ্গে তারা নার্ভাস অবস্থায় আছেন, যেকোনো সময় তাদের

অস্থিতিশীলতার নেপথ্যে আওয়ামী দোসর হিসেবে চিহ্নিত কর্মকর্তাদের ভূমিকা রয়েছে বলে অভিযোগ উঠেছে। বিদেশে পালিয়ে যাওয়া পতিত সরকারের সাবেক কর্মকর্তারাও নানাভাবে উসকানি দিয়ে যাচ্ছেন, যা কার্যকর করার চেষ্টা করছে দেশে অবস্থানরত দোসররা।

ওপর যেকোনো ধরনের আইনগত বিষয় চলে আসতে পারে।’

পতিত আওয়ামী সরকারের আমলে রাজনৈতিভাবে ব্যবহৃত হওয়া ও জুলাই আন্দোলনসহ বিভিন্ন আন্দোলনে বলপ্রয়োগকারী অন্তত চারজন কর্মকর্তার (বর্তমানে পুলিশের বিশেষায়িত ইউনিট ও চট্টগ্রাম রেঞ্জে কর্মরত) সঙ্গে আলাপকালে তাঁরা জানান, ভয় ও আতঙ্কের মধ্যে বর্তমান পরিস্থিতিতে তাঁরা কোনো রকমে সময় পার করছেন। নির্বাচিত সরকার না আসা পর্যন্ত তাঁরা কার্যকরভাবে ভূমিকা রাখতে পারছেন না। কারণ এখন তাঁরা কাজ করতে গিয়ে কোনো কারণে আলোচনায় এলে আগের সময়ের চিত্র (আওয়ামী আমলের অতি উৎসাহী হয়ে দমন-পীড়ন) ওঠে আসবে। তাই তাঁরা কোনো রকমে সময় পার করছেন।

গত বছরের জুলাই মাসে শুরু হওয়া কোটা সংস্কার আন্দোলন শেষ পর্যন্ত সরকার পতনের এক দফা দাবিতে রক্তক্ষয়ী আন্দোলনে রূপ নেয়। যার পরিণতি হিসেবে ৫ আগস্ট ক্ষমতা ছেড়ে দেশ থেকে পালিয়ে যান শেখ হাসিনা। এই আন্দোলনে সহস্রাধিক ছাত্র-জনতা প্রাণ হারান। অভ্যুত্থানে পুলিশ বাহিনীর নেতিবাচক ভূমিকা ছিল। আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর অতিরিক্ত বলপ্রয়োগের কারণে প্রাণ হারিয়েছে অসংখ্য মানুষ। যে কারণে সরকারের প্রতি জনগণের ক্ষোভ ও অনাস্থা চরম আকার ধারণ করে।

অন্যদিকে গণ-অভ্যুত্থানে সরকার পতন-পরবর্তী পরিস্থিতিতে অনেক পুলিশ সদস্যও প্রাণ হারান। উদ্ভূত পরিস্থিতিতে পুলিশের মনোবল সম্পূর্ণ ভেঙে পড়ে। আগস্টে সরকার পতনের পর পুলিশ বাহিনীর পক্ষে দেওয়া ১১ দফা দাবিতেও এ বিষয়টি উঠে আসে। এ অবস্থায় পুলিশে ব্যাপক সংস্কার প্রয়োজন বলে মনে করছেন সর্বশ্লিষ্টরা।

গত বছর ৩ অক্টোবর সাবেক সচিব সফর রাজ হোসেনের নেতৃত্বে ‘পুলিশ সংস্কার কমিশন’ গঠিত হয়। এরই মধ্যে এ কমিশনের প্রতিবেদনও প্রকাশিত হয়েছে। অতিরিক্ত বলপ্রয়োগ, আটক, গ্রেপ্তার, তল্লাশি, জিজ্ঞাসাবাদ, মানবাধিকারসহ বিভিন্ন বিষয়ে সুপারিশ করেছে কমিশন।

নাম প্রকাশে আনদ্রুক পুলিশের সাবেক উচ্চপদস্থ একজন কর্মকর্তা কালের কণ্ঠকে বলেন, বিরোধী মত দমনের মতো আচরণ পুলিশের ক্ষেত্রে নতুন কিছু নয়। বহু বছর ধরেই বাংলাদেশের পুলিশ বাহিনীকে জনগণের সেবাদানকারী প্রতিষ্ঠান নয়; বরং রাজনৈতিক নিপীড়নের হাতিয়ার হিসেবে ব্যবহার করা হচ্ছিল। এ অবস্থার অবসান ঘটা প্রয়োজন ছিল। ছাত্র-জনতার অভ্যুত্থান সেই সুযোগ সৃষ্টি করে দিয়েছে। কমিশনের প্রস্তাবনা কার্যকর হলে পুলিশ বাহিনী অনেকটাই সংশোধন হবে।

যুক্তরাষ্ট্রে পোশাক রফতানিতে প্রবৃদ্ধির

শেষ পৃষ্ঠার পর

করেছেন। গত বছরের জানুয়ারিতে তারা আমদানি করেছিলেন ৬০৩ কোটি ডলারের পোশাক। তার মানে চলতি বছরের জানুয়ারিতে যুক্তরাষ্ট্রের তৈরি পোশাক আমদানি বেড়েছে সাড়ে ১৯ শতাংশ।

বাংলাদেশি তৈরি পোশাকের সবচেয়ে বড় বাজার যুক্তরাষ্ট্র। এ বাজারে গত বছর তৈরি পোশাক রফতানিতে ঘুরে দাঁড়াতে শুরু করে বাংলাদেশ। ২০২৪ সালের শেষে বড় প্রবৃদ্ধি না হলেও ইতিবাচক ধারায় ফেরে। সব মিলিয়ে গত বছর বাংলাদেশ থেকে ৭৩৪ কোটি ডলারের তৈরি পোশাক রফতানি হয়েছে। এই রফতানি ২০২৩ সালের তুলনায় শূন্য দশমিক ৭৫ শতাংশ বেশি। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে ২০২৩ সালে যুক্তরাষ্ট্রের বাজারে রফতানি ২৫ শতাংশ কমে ৭২৯ কোটি ডলারে নেমেছিল।

এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দায়িত্ব নেওয়ার দুই সপ্তাহের মাধ্যয় কানাডা, মেক্সিকো ও চীন থেকে পণ্য আমদানিতে বাড়তি শুল্ক আরোপ করায় বাজারটি নিয়ে নতুন করে সম্ভাবনার কথা বলেন বাংলাদেশে তৈরি পোশাক শিল্পের উদ্যোক্তারা। তারা বলছেন, চীনা পণ্যে অতিরিক্ত ১০ শতাংশ শুল্ক বসানো হয়েছে। এতে চীন থেকে যুক্তরাষ্ট্রের ক্ষেত্রা প্রতিষ্ঠানগুলো ক্রয়াদেশ সরাবে। ফলে বাড়তি ক্রয়াদেশ বা অর্ডার পাওয়ার সুযোগ তৈরি হবে বাংলাদেশের

গত বছরের নভেম্বরে

পোশাক রফতানি প্রবৃদ্ধি ছিল বছরের অন্য যেকোনও মাসের চেয়ে বেশি। ২০২৪ সালে যুক্তরাষ্ট্রে মোট পোশাক রফতানিতে প্রবৃদ্ধির পরও ২০২৩ সালের বেশিরভাগ মাসের তুলনায়ই তা কম ছিল।

জন্য। এমনকি বিনিয়োগকারীরা চীন থেকে কারখানা সরিয়ে এখন অন্য দেশে নিতে আগ্রহী হতে পারেন। বিনিয়োগের সেই সুযোগ বাংলাদেশও নিতে পারে। অবশ্য বর্তমানে পোশাক রফতানিতে যে প্রবৃদ্ধি, তা মূলত দেশটির অর্থনীতি ঘুরে দাঁড়ানোর বাড়তি ক্রয়াদেশের প্রভাব।

অক্টোবর তথ্যানুযায়ী, চলতি বছরের জানুয়ারিতে যুক্তরাষ্ট্রের বাজারে ১৬০ কোটি ডলারের তৈরি পোশাক রফতানি করে চীন। এ রফতানি গত বছরের একই সময়ের তুলনায় ১৩ দশমিক ৭২ শতাংশ বেশি। অপরদিকে চলতি বছরের জানুয়ারিতে ভিয়েতনাম রফতানি করেছে ১৪৪ কোটি ডলারের তৈরি পোশাক। এ রফতানি গত বছরের একই সময়ের তুলনায় ১৯ দশমিক ৯০ শতাংশ বেশি।

অক্টোবর তথ্য মতে, গত বছরের শুরুতেই রফতানিতে দক্ষা খায় বাংলাদেশের

বিশেষজ্ঞরা বলছেন, প্রতিটি সংকট একই সঙ্গে কোনো না কোনো সুযোগের জন্ম দেয়। সাম্প্রতিক সময়ে পুলিশ সংস্কার কমিশন গঠন বর্তমান সরকারের একটি গুরুত্বপূর্ণ প্রাথমিক পদক্ষেপ। তবে এখানেই থামলে চলবে না। দীর্ঘস্থায়ী, রূপান্তরমূলক পরিবর্তনের জন্য সামনে আরো পথ পাড়ি দিতে হবে। সে ক্ষেত্রে পুলিশিংয়ে এমন পরিবর্তন ত্বরান্বিত করতে হবে, যাতে বাহিনীর সংস্কৃতি, আচরণ, কাঠামো এবং আইনেও বদল আসে। পুলিশ বাহিনীর বর্তমান অবস্থা আর চলতে পারে না।

এদিকে পতিত সরকারের দোসররা নেপথ্যে ইন্ধন জুগিয়ে যড়যন্ত্র অব্যাহত রাখলেও আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর অনেকে জীবনবাজি রেখে মাঠপর্যায়ে কাজ করছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে দিন-রাত সক্রিয় ভূমিকায় দেখা যাচ্ছে তাঁদের। সাধারণ দাবিদাওয়ার নামে রাজপথ উত্তপ্ত করা সরকারবিরোধী যড়যন্ত্রমূলক বিক্ষোভ হটিয়ে দিয়েছেন তাঁরা।

জানা গেছে, অন্তর্বর্তী সরকারের প্রশাসনে ঘাপটি মেরে থাকা ওই চক্রটি দেশকে অস্থিতিশীল করে ব্যর্থ করতে চায়। অতি সম্প্রতি ওই চক্রের সঙ্গে যড়যন্ত্রমূলক এক ভাড়াহীন কনফারেন্সে অংশ নিয়েছেন পুলিশ বাহিনীর ইতিহাসে দুর্নীতির নজির গড়া সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদ। সেখানে তিনি পুলিশ ও প্রশাসনের ৯০ শতাংশই আওয়ামী লীগের সমর্থক এবং তাদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রয়েছে বলে বক্তব্য দেন। তাঁর মতো অন্য সাতেরকরাও জেরেশোরে সরকারবিরোধী ভূমিকায় অবতীর্ণ।

সংশ্লিষ্টরা বলেন, পতিত আওয়ামী সরকারের অনুগত অনেক কর্মকর্তা ৫ আগস্টের পর সামাজিক যোগাযোগমাধ্যমে নিজেদের ‘বঞ্চিত’ বলে জাহির করারও চেষ্টা করেন। জনা গেছে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে গত জুলাই-আগস্টে শিক্ষার্থীসহ সাধারণ মানুষের ওপর নির্বিচারে গুলি চালিয়েছিল পুলিশ। এসব গুলির ঘটনায় শিক্ষার্থীসহ বিভিন্ন জেপি-পেশার সহস্রাধিক মানুষ নিহত হয়েছেন। আহত হয়েছেন কয়েক হাজার। আন্দোলনে গুলি চালিয়ে লাশ ফেলার মাস্টারমাইন্ড হিসেবে কাজ করেছেন শতাধিক পুলিশ সদস্য। একটি সংস্থার প্রতিবেদনেও এসব তথ্য উঠে এসেছে।

অনুসন্ধানে জানা গেছে, আওয়ামী লীগ সরকারের শাসনামলে সর্বোচ্চ সুবিধাভোগী শীর্ষপর্যায়ের অনেক কর্মকর্তা এখনো বহাল তবিয়তে আছেন। তাঁরা সাময়িক সময়ের জন্য মুখোশ বদলে অন্তর্বর্তী সরকারের আস্থাভাজন হওয়ায় ভান ধরেছেন। বাস্তবে পরিবর্তিত পরিস্থিতিতে জায়গা ও পদ বদলের পর ফের পুরনো রূপেই ফিরছেন তাঁরা। মাঠপর্যায়ে সক্রিয় না হলেও সরকারকে বেকায়দায় ফেলতে ভেতরে ভেতরে গুটিবাজি চালিয়ে যাচ্ছেন। সংস্থারি প্রতিবেদনে এসব তথ্যও উঠে এসেছে। অনুসন্ধানে আরো জানা যায়, জুলাই-আগস্টে ছাত্র-জনতার ওপর নির্বিচারে গুলি চালানো পুলিশ কর্মকর্তাদের মতো একইভাবে র‍্যাবের কিছু কর্মকর্তাও নেপথ্যে বসে কলকাতাি নাচ্ছেন। শুধু তা-ই নয়, ঘৃষ-দুর্নীতিতে নিমজ্জিত কর্মকর্তাদেরও সরানো হয়নি। দুর্নীতির টাকায় সম্পদে পাহাড় গড়ে তোলার একই কর্মকর্তা কোনো পিছুটানও নেই। ফলে তাঁরা ইচ্ছামতো নিজেদের ফায়দা হাসিলের চেষ্টা করে যাচ্ছেন।

সূত্র: কালের কণ্ঠ

শেষ পৃষ্ঠার পর

খলিলের স্ত্রী একজন আমেরিকান নাগরিক। তিনি ৮ মাসের গর্ভবতী।

জানা যায়, গত বছর গাজা যুদ্ধে ইসরাইলের প্রতি মার্কিন সমর্থনের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রজুড়ে শিক্ষার্থীদের যে বিক্ষোভ হয় সেখানে বেশ শক্ত ভূমিকা নিয়েছিল কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়। এসময় আন্দোলনে প্রধান সমন্বয়ক ছিলেন মাহমুদ খলিল। এ কারণেই তাকে আটক করেছেন কর্মকর্তারা।

এ বিষয়ে খলিলের আইনজীবীরা জানান, গ্রেপ্তারের সময় তারা কর্তৃপক্ষকে জানান যে খলিল গ্রীন কার্ডধারী এবং তাকে আটক করার কোনো বৈধ কারণ নেই। তবে অভিবাসন কর্মকর্তারা গ্রেপ্তার করে এবং তাকে লুইজিয়ানায় স্থানান্তরিত করে।

মঙ্গলবার ম্যানহাটনের ফেডারেল আদালত একটি রুল জারি করেছেন। সেখানে বলা হয়েছে, যতক্ষণ না খলিলকে আটকানোর বৈধতা পর্যালোচনা করা হয়, ততক্ষণ যেন তাকে যুক্তরাষ্ট্রে থেকে বহিষ্কার না করা হয়। খলিলের আইনজীবীরা দাবি করেছেন, তার গ্রীন কার্ড রয়েছে।

তীব্র সমালোচনা ও ট্রাম্প প্রশাসনের প্রতিক্রিয়া
এই গ্রেপ্তারটি ট্রাম্প প্রশাসনের ক্রমবর্ধমান কঠোর অভিবাসন নীতির অংশ হিসেবে দেখা হচ্ছে। ট্রাম্প প্রশাসন, বিশেষ করে ইয়ারায়েলবিরোধী ছাত্র বিক্ষোভের কারণে বিশ্ববিদ্যালয়গুলিতে চাপ সৃষ্টি করার ক্ষেত্রে শক্ত অবস্থান নিয়েছে। ট্রাম্প সামাজিক মাধ্যমে বলেন, “এটি অনেকের মধ্যে প্রথম গ্রেপ্তার, এবং

পৃথিবীতে একটাই দেশ ভাষা থেকে

শেষ পৃষ্ঠার পর

এসব ঘরোয়া অনুষ্ঠানের জনপ্রিয়তা বহু বেড়ে যায়। এই আয়োজনের আরেকটা উদ্দেশ্য হচ্ছে- আমাদের নতুন প্রজন্মকে বাঙালি সংস্কৃতির সাথে পরিচয় করিয়ে দেয়া। প্রবাসে এই আয়োজনে সবাই একসাথে কাজ করার ফলে নিজেদের মধ্যে হৃদয়তা বাড়ছে। একটা ছোট অনুষ্ঠান করলেও সবার যোগদানের কারণে তা একটা বড় মিলনমেলায় পরিণত হয়।’

প্রবাসী বাংলাদেশিদের মধ্যে দেশের সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণ ও প্রচারের উদ্যোগ সম্পর্কে সাইফুল আজম বলেন, ‘সম্প্রতি আমরা কিছু বাঙালি অভিভাবক বাংলা ভাষা শেখার স্কুল খোলার চিন্তা করছি। এ ব্যাপারে লাইব্রেরির সাথে কথা বলেছি। এক দিনের জন্য কোন লাইব্রেরির রুম ফ্রি পাই তাহলে স্কুল শুরু করতে পারবো। আমাদের বাচ্চারা অল্প-সল্প বাংলা বলতে পারলেও অক্ষর চেনে না, লিখতে বা পড়তে পারে না। আরো কিছু উৎসাহী অভিভাবক এবং লাইব্রেরির সাহায্য পেলে আমি আশা করছি একটা বাংলা স্কুল শুরু করতে পারবো।’

‘আমাদের অনেকেই নতুন প্রজন্মের মধ্যে বাংলা ভাষাকে ধরে রাখার উদ্যোগ নিয়েছেন। কিন্তু অনেক সময় অভিভাবকদের ইংরেজির দজ্ঞতা কম থাকার কারণে তারা বাচ্চাদের স্কুলজড়িত বিষয়গুলো সঠিকভাবে মূল্যায়ন করতে পারে না। এক্ষেত্রে সেইসব অভিভাবকদের জন্যে আপনাদের সামাজিকভাবে উন্নয়নমূলক কি কি কর্মকাণ্ড আছে? এইচবি রিতার এম প্রশ্নে তিনি নিশ্চিত করে জানান, মিশিগানে কয়েকটা সংগঠন এই ব্যাপারের সাথে জড়িত। এখানে সিটির মেয়র এবং কাউন্সিলররাও যুক্ত আছেন। ভাষাগত বাধার কারণে অনেক কমিউনিটির বাইরে কাজ করতে ভয় পান। নাগরিকত্বের পরীক্ষায় এখন আর আগের মতো

আরও অনেক আসছে।”

তিনি আরও বলেছেন, “যারা সন্তানদের পক্ষে সমর্থন জানায়, তারা আমাদের জাতীয় এবং বৈদেশিক নীতির পরিপন্থী। তাদের এখানে থাকা উচিত নয়। আমরা আশা করি আমেরিকার সব বিশ্ববিদ্যালয় এবং কলেজ এই বিষয়টি মেনে চলবে।”

এদিকে, খলিলের বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে, তা হলো তার নেতৃত্বে ইসরায়েল বিরোধী প্রতিবাদগুলি আন্টি-সেমিটিক ছিল এবং এতে ইহুদি ছাত্রদের জন্য এক শত্রুতাপূর্ণ পরিবেশ তৈরি হয়েছিল। প্রশাসন দাবি করছে যে, খলিলের কার্যক্রম যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির জন্য হুমকি হতে পারে।

এটি এমন একটি সময়ের মধ্যে ঘটছে যখন ট্রাম্প প্রশাসন ইসরায়েল-বিরোধী প্রতিবাদের প্রতি তার কঠোর মনোভাব প্রকাশ করেছে। সম্প্রতি কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে ইসরায়েল বিরোধী প্রতিবাদের কারণে ছাত্রদের উপর চলতে থাকা হয়রানির বিষয়টি সামনে আসে, যার জন্য ৪০০ মিলিয়ন ডলারের গ্রান্ট বাতিল করা হয়েছে।

আইনি চ্যালেঞ্জ এবং সংবিধানিক বিতর্ক
এদিকে, খলিলের আইনজীবীরা তার বিরুদ্ধে নেওয়া পদক্ষেপের আইনি বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন। তারা বলছেন, গ্রীন কার্ডধারী নাগরিকদের সংবিধানিক অধিকার রয়েছে, বিশেষ করে প্রথম সংশোধনী (স্বাধীন মত প্রকাশ) এবং পঞ্চম সংশোধনী (যথাযথ আইনি প্রক্রিয়া) অধিকার। এই গ্রেপ্তারটি যুক্তরাষ্ট্রের আইনের অধীনে একটি বড়

সাংবিধানিক চ্যালেঞ্জ তৈরি করতে পারে, বিশেষ করে যখন একজন স্থায়ী বাসিন্দাকে বহিষ্কারের চেষ্টা করা হচ্ছে।

আইন বিশেষজ্ঞরা বলছেন, এমন একটি আইনি ধারার প্রয়োগ অত্যন্ত বিরল এবং এটি প্রশাসনের বিরোধী মতামত বা বক্তব্যের উপর অত্যধিক হস্তক্ষেপের পরিচায়ক হতে পারে। নিউইয়র্ক সিভিল লিবার্টিস ইউনিয়নের আইনজীবী এ্যামি বেলশার বলেন, “এটি একটি বড় সন্ধট, কারণ এই আইনি ধারাটি অতীতে খুব কমই প্রয়োগ হয়েছে এবং এটি অত্যন্ত অস্পষ্ট। এর মাধ্যমে প্রশাসন তাদের রাজনৈতিক বিরোধী মতামতকে লক্ষ্যবস্তু করতে পারে।”

বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদ এবং সরকারের নীতির বাস্তবায়ন
খলিলকে গ্রেপ্তারের ঘটনা এমন সময়ে ঘটেছে, যখন ট্রাম্প প্রশাসন ইসরায়েল বিরোধী প্রতিবাদ ও মুসলিম ছাত্রদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার প্রস্তুতি নিচ্ছিল। ২০২৪ সালের নির্বাচনী প্রচারণার অংশ হিসেবে তিনি বিদেশি ছাত্রদের ভিসা বাতিল করার কথা বলেছিলেন যারা ইসরায়েল-বিরোধী প্রতিবাদে অংশ নিয়েছেন। তবে, খলিলের ক্ষেত্রে, তিনি গ্রীন কার্ডধারী নাগরিক, যাকে সরাসরি বহিষ্কারের চেষ্টা করা হচ্ছে, যা এই নীতির সঙ্গে অসঙ্গতিপূর্ণ হতে পারে।

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে ২০২৩ সালের অক্টোবর মাসে হামাসের হামলার পর খলিল এবং তার সহযোগীরা ব্যাপকভাবে ইসরায়েল বিরোধী প্রতিবাদে অংশ নেন, যা দেশব্যাপী বিতর্কের সৃষ্টি করেছিল।

হয়নি। বর্তমানে আমি স্টেলান্টিস কোম্পানিতে চাকরি করছি। ইউনিভারসিটি অফ মিশিগানে পড়াশোনার সময়টা খুব একটা সহজ ছিল না। দেশ থেকে নতুন এসেছিলাম, পরিবারের সদস্যদের আমি নিজেই পরিচাল্য করছি। তবে সেটা একটা সাহসী সিদ্ধান্ত ছিল। আমার এই প্রবাসী জীবনের সংগ্রামী গল্প এদেশে নতুন আসা অনেকের কাছেই অনুপ্রেরণার হয়ে উঠেছে। এ কারণেই এখানের বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশি ছাত্র সংগঠনগুলো আমার সাথে নিয়মিত যোগাযোগ রাখে।’

অনুষ্ঠানের মাঝখানে সাইফুল আজম দর্শকদের উদ্দেশ্যে দুইটি কবিতা আবৃত্তি করে শোনান। সৈয়দ শামসুল হকের ‘নূরলদীনের সারাজীবন’ ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ‘ক্ষমা করো হজরত’ তিনি আবৃত্তি করেন।

শিল্প সাহিত্য অঙ্গনে জড়িত থাকার দরুন ভালো মন্দ অভিজ্ঞতা সম্পর্কে তিনি বলেন, ‘যে কোন অনুষ্ঠান করতে গেলে যেমন নতুন বন্ধু পাওয়া যায়, তেমনি কাছের কোন বন্ধুও খোয়া যায়। অনেক সময় মনমালিন্য হয়, বিষয়গুলো আমি স্বাভাবিকভাবেই নেই। আমি নিজে নিজেই কবিতা আবৃত্তির চর্চা করি, ইউটিউবে-ফেসবুকে রেকর্ডকৃত কবিতা পোস্ট করি। কবিতাগুলো বাংলাদেশের বাইরেও দূরদূরান্ত থেকে অনেক মানুষ শোনে। মাঝেমাঝে মন খারাপ হয়, তবে আমেরিকায় আসলে মন খারাপ হওয়াটাও কঠিন ব্যাপার। এতো বেশি ব্যস্ততা থাকে যে, অনোর কারণের জন্য আমার কিছু থেমে থাকে না।’

এভাবেই সাইফুল আজম সিদ্দিকী সেদিনের ‘টক শোতে প্রবাস জীবনের সংগ্রাম, নানা উদ্যোগ ও প্রাপ্তির কথা তুলে ধরেন।

প্রথম আলো উত্তর আমেরিকার ‘টক অফ দ্য উইক’ অনুষ্ঠানটি প্রতি বৃহস্পতিবার নিউইয়র্ক সময় রাত নয়টায় ফেসবুক লাইভে সম্প্রচারিত হয়ে থাকে।



ARMAN CHOWDHURY, CPA

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

718-475-5686

7 DAYS OPEN

AUTHORIZED e-file PROVIDER

87-54 160TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

নাগরিকত্ব ফিরে পেলেন বাংলাদেশি

শেষ পৃষ্ঠার পর

ইউকে হিউম্যান রাইটস ব্লগ এক বিবৃতিতে বিষয়টি জানিয়েছে।

এন ও জেডএ বনাম যুক্তরাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী (২০২৫) ইউকেএসসি-৬ মামলায় শামীমার পক্ষে রায় দেন আদালত। এই মামলাটি ছিল মূলত—জাতীয় নিরাপত্তা বিবেচনায় এ দুই ব্রিটিশ নাগরিকের নাগরিকত্ব বাতিল সম্পর্কিত আদেশ নিয়ে। বিবাদীপক্ষ যুক্তি দিয়েছিল যে, এই সিদ্ধান্ত (নাগরিকত্ব বাতিল) তাদের রাষ্ট্রহীন করে তুলবে না। কারণ, তাঁরা ব্রিটিশ ও বাংলাদেশি দ্বৈত নাগরিকত্বধারী।

এই মামলায় পরে নাগরিকত্ব বাতিলের আদেশ প্রত্যাহার করা হয়। সুপ্রিম কোর্ট রায় দিয়েছে যে, এই আদেশ প্রত্যাহারের ফলে আপিলকারীদের পুরো সময়জুড়ে ব্রিটিশ নাগরিক হিসেবেই গণ্য করতে হবে। অর্থাৎ, শামীমা অতীতে ব্রিটিশ নাগরিক ছিলেন, এখনো আছেন এবং ভবিষ্যতেও থাকবেন।

৬০ কোটি টাকায় মার্কিন নাগরিকত্ব ‘বিক্রি’ করবেন ট্রাম্প ৬০ কোটি টাকায় মার্কিন নাগরিকত্ব ‘বিক্রি’ করবেন ট্রাম্প বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ

নাগরিক শামীমা বেগম ২০১৫ সালে ইসলামিক স্টেটে (আইএস) যোগ দিতে যখন যুক্তরাজ্য ছাড়েন, তখন তাঁর বয়স ছিল মাত্র ১৫ বছর। সিরিয়ায় যাওয়ার পর তিনি ইসলামিক স্টেটের ডাচ সদস্য ইয়াগো রিয়েডিকে বিয়ে করেন। সেখানে তাঁর তিনটি সন্তান হয়, যাদের সবাই মারা যায়। এরপর স্বামী রিয়েডিও এক কুর্দি বাহিনীর কাছে আত্মসমর্পণ করেন বলে জানা যায়।

সেই ঘটনাগ্রবাহের পর শামীমা যুক্তরাজ্যে ফিরতে চান। কিন্তু ২০১৯ সালে যুক্তরাজ্যের তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী সাজিদ জাভিদ শামীমার ব্রিটিশ নাগরিকত্ব বাতিল করেন। ওই সময় যুক্তরাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রণালয় যুক্তি দিয়েছিল, শামীমার নাগরিকত্ব বাতিলের মূল কারণ ছিল জাতীয় নিরাপত্তা।

শামীমার ব্রিটিশ নাগরিকত্ব ফিরে পাওয়ার দ্বিতীয় চেষ্টাও ব্যর্থশামীমার ব্রিটিশ নাগরিকত্ব ফিরে পাওয়ার দ্বিতীয় চেষ্টাও ব্যর্থ

নাগরিকত্ব প্রত্যাহারের সেই সিদ্ধান্ত বাতিলের জন্য ২০২৩ সালে ২৪ বছর বয়সী শামীমার আইনজীবীরা আপিল বিভাগে একটি আবেদন করেছিলেন।

আপিল আদালতের তিনজন বিচারক সর্বসম্মতিক্রমে তাঁর নাগরিকত্ব পুনরুদ্ধারের আবেদন খারিজ করে দেন।

২০১৯ সালে আইএস পরাজিত হওয়ার পর সিরিয়ার উত্তরাঞ্চলে আল-রোজ শিবিরে শামীমার সন্ধান পাওয়া যায়। তিনি এখনো সেখানেই আছেন। শামীমার আইনজীবীরা বলছেন, সেই শিবিরের অবস্থা করুণ! সেখানে অনাহারে দিন কাটাচ্ছে মানুষ। রোগব্যাধি নিত্যকার ঘটনা। সেখানে শামীমাকে অন্য ব্রিটিশ নারী ও শিশুদের সঙ্গে নির্বিচারে আটকে রাখা হয়েছে। অমানুষিক নির্যাতন চালানো হচ্ছে সেখানে।

অস্তিত্ব টিকিয়ে রাখতে নাগরিকত্ব বিক্রি করছে ছোট্ট এক দ্বীপদেশঅস্তিত্ব টিকিয়ে রাখতে নাগরিকত্ব বিক্রি করছে ছোট্ট এক দ্বীপদেশ

শামীমা বেগম জেনেশুনে একটি নিষিদ্ধ সংগঠনে যোগদানের কথা স্বীকার করেছেন। তিনি বলেছেন, এই কাজের জন্য লজ্জিত ও অনুতপ্ত। তবে যুক্তরাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র বলেছেন, ‘আমাদের অগ্রাধিকার যুক্তরাজ্যের সুরক্ষা এবং তা বজায় রাখা। দেশের নিরাপত্তার স্বার্থে এমন যেকোনো সিদ্ধান্ত রক্ষার্থে আমরা অটল থাকব।’



মিশিগানে ফেডারেল ভবনের সামনে বিক্ষোভ

ইশতিয়াক রুপু

ইউক্রেনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেওয়া সামরিক সহায়তা বন্ধের সিদ্ধান্তের প্রতিবাদে যুক্তরাষ্ট্রের মিশিগান রাজ্যের এনা আরবার শহরের ফেডারেল ভবনের সামনে বিক্ষোভ করেছেন কয়েক ডজন ইউক্রেনিয়ান।

গত মঙ্গলবার (৪ মার্চ) এ বিক্ষোভ কর্মসূচিতে ইউক্রেনিয়ানদের সঙ্গে উল্লেখযোগ্য সংখ্যক রাশিয়ান অভিবাসী যোগ দেন।

ট্রাম্প প্রশাসনের নেওয়া সিদ্ধান্তের বিরুদ্ধে বিক্ষোভকারীদের একজন বারবারা মেলেনিক বলেন, ‘আমি বড়

হয়েছি আমেরিকায়। তবে ইউক্রেন দেশটি সব সময় আমার হৃদয়ে।’

এনা নাটস নামের বিক্ষোভকারী বলেন, ‘আমেরিকা সরকারের এই সিদ্ধান্তের বিপক্ষে আমাকে প্রতিবাদ করতেই হবে।’

‘এই যুদ্ধের প্রয়োজন আছে। তা না হলে আমি আমার নিজ দেশে ফেরত যেতে পারব না। হানা এনশোয়াঙ্কা নামের এক তরুণী বলেন।

মিশিগানের সিনেটর এলিজা সল্টকিন ট্রাম্পের সাংস্রতিক বিবৃতির সমালোচনা করেন। বিক্ষোভকারীরা সম্মিলিতভাবে ইউক্রেনের জাতীয় সঙ্গীত গেয়ে বিক্ষোভ শেষ করেন।

সুখবর! সুখবর!!

আমেরিকান সিটিজেনদের জন্য
সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল
ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড
দারীদের জন্য উমরাহ ভিসা পেতে
আজই যোগাযোগ করুন।
571-830-9213
Email: rashid.ozonepark@gmail.com

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্

ট্যাক্স
পারসনাল ট্যাক্স
বিজনেস ট্যাক্স
সেল্ফ ট্যাক্স
বিজনেস সেটআপ

AUTHORIZED
IRS
e-file
PROVIDER

ইমিগ্রেশন
ফ্যামিলি পিটিশন
সিটিজেনশীপ আবেদন
গ্রীনকার্ড নবায়ন
সব ধরনের এফিডেভিট

আলম টুর এন্ড ট্রাভেলস

AIR TICKET

• Emirates • Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamtravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider Department of Health, State of New York
নিউইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিটিজেনশীপ/হোম কেয়ার প্রোগ্রামের
অনুমতি অনুযায়ী হোম কেয়ার সেবা প্রদান করা হয়। স্বাস্থ্য, খাদ্য, পরিচর্যা, পরিবহন,
কম্পিউটার ও ইন্টারনেটের সেবা দিয়ে রাত্রে বাড়িতে স্বাচ্ছন্দ্যে ঘুমিয়ে পড়তে পারেন।
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে
প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং
আমরা কোন ফি চার্জ করি না।
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

**ভিজিট (B1B2), ষ্টুডেন্ট (F1), ট্রানজিট (C1) বা অন্য যে-কোন ভিসায়
কিংম্বা বর্ডার (EWI) দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ**

এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি

নিউ ইয়র্কে সম্পূর্ণ বিনাখরচে (ভিজিটরসহ অন্য যে-কোন আনডকুমেন্টেডদের) চিকিৎসা সুবিধে পেতে মেডিকেল ইন্সুরেন্স

E2 EB3 L1A EB5 SIJS VAWA POLITICAL ASYLUM

আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে।
আমরা গ্রীনকার্ড এবং সিটিজেনশীপ এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতার পরও ২ বছরের ‘কন্ডিশনাল গ্রীনকার্ড’ থেকে ‘কন্ডিশন’ রিমোভ করে গ্রীনকার্ড পেতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে- নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।

এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ

ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি’তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।

**আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে**

Old Club Man Corporation
www.oldclubman.com

(212) 814-4068
16222 87th Road, JAMAICA, NY 11432



পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা

দোয়া ও ইফতার মাহফিল

JOYA HALL

63-108 Woodhaven Blvd, Rego Park, NY 11374

5PM

ব্রক্স বরো

১৪ মার্চ, মঙ্গলবার

Golden Palace

1451 Unionport Rd, Bronx, NY 10462

ব্রুকলিন বরো

২০ মার্চ, বৃহস্পতিবার

Radhuni Restaurant

483 McDonald Ave, Brooklyn, NY 11218



আসসালামু আলাইকুম

সম্মানিত সুধী পবিত্র মাহে রমজান উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবারও বাংলাদেশ সোসাইটির আয়োজনে প্রবাসের নতুন প্রজন্মের ছেলে-মেয়েদের জন্য ৯ম পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল, ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

ইফতার ও দোয়া মাহফিলে আপনারা সপরিবারে আমন্ত্রিত।

উপ-কমিটি

মোঃ কামরুজ্জামান কামরুল

আহ্বায়ক

৭১৮-৯৭১-৪৭৬৯

মোঃ সিদ্দিক পাটওয়ারী

প্রধান সমন্বয়কারী

৭১৮-২১৯-৭৯৭৭

জামিল আনসারী

সদস্য সচিব

৩৪৭-৮৩৩-১০২৮

মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)

যুগ্ম-আহ্বায়ক

৩৪৭-৮৯৬-২৮০২

মুনসুর আহমেদ

সমন্বয়কারী

৯২৯-৯২০-৬০৫৬

আশ্রাব আলী খান লিটন

যুগ্ম-সদস্য সচিব

৯১৭-৪৯৭-২৮৩৯

আমন্ত্রণে

আতাউর রহমান সেলিম

সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

মোহাম্মদ আলী

সাধারণ সম্পাদক, ৯১৭-৩০২-০৪৪৩

কার্যকরী পরিষদ

মো: মহিউদ্দীন দেওয়ান (সিনিয়র সহ-সভাপতি) ৯১৭-৫২৩-১৩৪৪, মো: কামরুজ্জামান কামরুল (সহ-সভাপতি) ৭১৮-৯৭১-৪৭৬৯, আবুল কালাম ভূইয়া (সহ-সাধারণ সম্পাদক) ৯১৭-৮৯২-৭১৯৯, মফিজুল ইসলাম ভূইয়া (রুমি) (কোষাধ্যক্ষ), ৩৪৭-৮৯৬-২৮০২, ডিউক খান (সাংগঠনিক সম্পাদক) ৯১৭-৭৮৩-৫৪৯৯, অনিক রাজ (সাংস্কৃতিক সম্পাদক) ৯৩৪-৪৪৪-১৮৬৩, রিজু মোহাম্মদ (প্রচার ও গণসংযোগ সম্পাদক) ৭১৮-৫৮১-৬৬৩৭, জামিল আনসারী (সমাজকল্যাণ সম্পাদক) ৩৪৭-৮৩৩-১০২৮, মো: আখতার বাবুল (সাহিত্য সম্পাদক) ৬৪৬-৫৭৫-৭০৫৩, আশ্রাব আলী খান লিটন (ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক) ৯১৭-৪৯৭-২৮৩৯, মোহাম্মদ হাসান (জিলানী) (কুল ও শিক্ষা সম্পাদক) ৯১৭-৯৭১-৭৭৯৩, কার্যকরী সদস্য: হারুন উর রশিদ ৯১৭-৪৪৩-৭৮৩৮, জোহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী ৭১৮-৭৩৭-২৭৪৮, মোঃ সিদ্দিক পাটওয়ারী ৭১৮-২১৯-৭৯৭৭, আবুল কাশেম চৌধুরী ৬৪৬-৫১০-৬২৪৫, মুনসুর আহমেদ ৯২৯-৯২০-৬০৫৬ ও হাছান খান ৩১৩-৩২৭-৯৪১৮

BANGLADESH SOCIETY, INC

বাংলাদেশ সোসাইটি, ইনক

এবিএম মুসা: বস্তুনিষ্ঠ ও আপসহীন সাংবাদিকতার বাতিঘর

ইমরান ইমন

এবিএম মুসা বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের সাংবাদিক সমাজের কাছে অনন্ত প্রেরণার বাতিঘর। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন ও সুসাংবাদিকতার মাধ্যমে এ দেশের গণমাধ্যমকে অন্য উচ্চতায় নিয়ে গেছেন এবিএম মুসা। তিনি ছিলেন একাধারে সাংবাদিক, সম্পাদক ও কলামিস্ট। বরেন্দ্র সাংবাদিক ও কলামিস্ট এবিএম মুসা ১৯৩১ সালের ২৮ ফেব্রুয়ারি ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলার ধর্মপুর গ্রামে নানার বাড়িতে জন্মগ্রহণ করেন। তার পৈত্রিক বাড়ি একই জেলার পাশের উপজেলা ফুলগাজীর কুতুবপুর গ্রামে। এবিএম মুসার পৈতৃক বাড়ির পাশেই আমার বাড়ি। কিছুদিন আগেও তার বাড়িতে গিয়েছি তাকে নিয়ে গবেষণার উদ্দেশ্যে।

এ বছর এবিএম মুসার ৯৪তম জন্ম বার্ষিকী। জন্মদিনে শুভেচ্ছা ও শ্রদ্ধাভরে স্মরণ করছি সাংবাদিকতার এই বাতিঘরকে। এবিএম মুসার শিক্ষাজীবন কেটেছে চট্টগ্রামের সরকারি মুসলিম হাইস্কুল, নোয়াখালী জিলা স্কুল, ফেনী সরকারি কলেজ ও কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে। বিএ প্রাইভেট পরীক্ষা দিয়েছেন চৌমুহনী কলেজ থেকে।

প্রখ্যাত সাংবাদিক ও কলামিস্ট এবিএম মুসার সাংবাদিকতার হাতেখড়ি খুব অল্প বয়সেই। কলেজে থাকাকালীন ১৯৫০ সালে মাত্র ১৯ বছর বয়সে দৈনিক ইনসাফের মাধ্যমে সাংবাদিকতার জগতে প্রবেশ করেন তিনি। একই বছর তিনি ইংরেজি দৈনিক পাকিস্তান অবজারভারে যোগ দেন। ১৯৭১ সাল পর্যন্ত তিনি পাকিস্তান অবজারভারে রিপোর্টার, স্পোর্টস রিপোর্টার, বার্তা সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন।

১৯৫২ সালে ভাষা আন্দোলনের সময় তৎকালীন পাকিস্তান সরকার পাকিস্তান অবজারভার বন্ধ করে দিলে তিনি দৈনিক সংবাদে যোগ দেন। ১৯৫৪ সালে তিনি আবার দৈনিক অবজারভারে ফিরে আসেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বিবিসি, সানডে টাইমস প্রভৃতি পত্রিকার সংবাদদাতা হিসেবে এবিএম মুসা রণাঙ্গন থেকে সংবাদ পাঠানোর কাজ করেছেন। স্বাধীনতার পর তিনি বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) মহাব্যবস্থাপক, দ্য মনিং নিউজের সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন।

স্বাধীন বাংলাদেশের প্রথম জাতীয় নির্বাচনে এবিএম মুসা নিজ জেলা ফেনী থেকে সাংসদ নির্বাচিত হন। ১৯৭৮ সালে ব্যাংককে অবস্থিত জাতিসংঘের পরিবেশ কার্যক্রমের (এসকাপ) এশিয়া প্যাসেফিক অঞ্চলে আঞ্চলিক পরিচালক পদে যোগ দেন। এরপর দেশে ফিরে এসে ১৯৮১-১৯৮৫ সাল পর্যন্ত তিনি বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মহাপরিচালক এবং ১৯৮৫-১৯৮৭ সাল পর্যন্ত বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) মহাব্যবস্থাপক ও প্রধান সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৪ সালে তিনি কিছু দিনের জন্য দৈনিক যুগান্তরের সম্পাদকের দায়িত্ব পালন করেন।

কিংবদন্তি সাংবাদিক এবিএম মুসা জাতীয় প্রেস ক্লাবের অন্যতম প্রতিষ্ঠা সদস্য ও আজীবন সদস্য। তিনি জাতীয় প্রেস ক্লাবের চার বার সভাপতি এবং তিন বার সাধারণ সম্পাদক নির্বাচিত হন। তিনি পাকিস্তান সাংবাদিক ইউনিয়নের অন্যতম প্রতিষ্ঠাতা ও পূর্ব-পাকিস্তান সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক ছিলেন।

সাংবাদিকতার জগতে এবিএম মুসার পদাঙ্গণ প্রসঙ্গে



সাংবাদিক আবু হাসান শাহরিয়ার উল্লেখ করেন, ‘প্রাতিষ্ঠানিক সাংবাদিকতা শুরুর আগেই গান্ধিদর্শনের মধ্য দিয়ে তার সংবাদে হাতেখড়ি। সাম্প্রদায়িক দাঙ্গা ঠেকাতে গান্ধি যখন নোয়াখালী আসেন, দশ মাইল পথ হেঁটে তাকে এক নজর দেখতে গিয়েছিলেন এবিএম মুসা। তখন তিনি স্কুলের ছাত্র। গান্ধিকে দেখার পর আবারও দশ মাইল পথ হেঁটে বাড়িফেরা। ফিরে এসে কৌতূহলী পাড়াপ্রতিবেশীদের কাছে গান্ধির খবর-পরিবেশন থেকেই তার সাংবাদিকতার হাতেখড়ি।’

স্বাধীন বাংলাদেশের সাংবাদিকতার জগতে এবিএম মুসা ছিলেন গুরুজনতুল্য। তার নিউজ সেল ছিল সব নিউজ এডিটরের মধ্যে সেরা। এ প্রসঙ্গে তার আত্মজীবনী ‘আমার বেলা যে যায়’ গ্রন্থ থেকে একটা ঘটনা উল্লেখ করা যেতে পারে। ‘সামরিক শাসনামলে ১৯৫৯-এ একুশে ফেব্রুয়ারিতে শহীদ দিবস পালনে নিষেধাজ্ঞা জারি হয়। সে আদেশ অমান্য করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা নগ্নপদে মিছিল বের করে, মিছিলে পুলিশ লাঠিচার্জ করে, ১০-১২ জন আহত হয়। সামরিক কর্তৃপক্ষের আদেশ আসে সংবাদপত্রে- এ ঘটনার বিবরণ প্রকাশে শহীদ দিবস কথাটি বলা যাবে না, লাঠিচার্জের কথাও নয়। পাকিস্তান অবজারভারে পর দিন বিশাল শিরোনাম দেন এবিএম মুসা: ‘টোয়েন্টিফার্ষ্ট ফেব্রুয়ারি অবজার্ড। স্টুডেন্টস ট্রাই টু ব্রিং আউট প্রসেশন।’ এরপর কর্তাব্যক্তি মুসাকে ফোন করে জিজ্ঞেস করলেন, এ কী করেছেন? এবিএম মুসার জবাব, কেন, আপনার আদেশ যথারীতি পালন করেছি। বরং লাঠিচার্জ হয়েছে বলে যে গুজব রটেছে, তাও খব্দন করেছি।’ এ থেকে বোঝা যায়, এবিএম মুসা কতটুকু নির্মোহ আর বিচক্ষণ সাংবাদিক ছিলেন, তার নিউজ সেল কত উঁচুতে ছিল। পত্রিকার পেইজ মেকআপ করার সময়ে এবিএম মুসা বলে দিতেন কোন

নিউজটা লিড হবে, কোনটা সেকেন্ড, কোনটা থার্ড লিড, কোথায় কোন ছবি ব্যবহার করতে হবে।

এবিএম মুসা শুধু সাংবাদিক ছিলেন না, ছিলেন একজন দক্ষ সংগঠকও। পঞ্চাশের দশকে এদেশে যুবসমাজের প্রথম প্রগতিশীল সংগঠন ‘গণতান্ত্রিক যুবলীগ’, যেটিতে ছিল বামপন্থীদের সক্রিয় সমর্থন, যেটির প্রতিষ্ঠার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিলেন এবিএম মুসা। দেশের ক্রীড়া সাংবাদিকতায় তিনি নতুন মাত্রা যুক্ত করেছেন। দক্ষ ক্রীড়া সংগঠক হিসেবে ক্রীড়া সংস্থা ‘ব্রাদার্স ইউনিয়ন’ গড়ে ওঠেছে তার হাত ধরেই।

প্রথম দিকে রাজনীতি করার প্রতি এবিএম মুসা ইচ্ছে পোষণ করেননি। পাকিস্তান আমলে ১৯৭০’-এর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যখন তাকে বলা হয়েছিল তখন তিনি বলেছিলেন, ‘যদি কোনো দিন দেশ স্বাধীন হয়, তবেই নির্বাচনে দাঁড়াব- এখন নয়।’ এরপর দেশ স্বাধীন হওয়ার পর তিনি রাজনীতিতে আসেন। দেশ স্বাধীন হওয়ার পর তিনি ১৯৭৩’-এর সাধারণ নির্বাচনে নিজ জেলা ফেনী আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করেন এবং বাংলাদেশের প্রথম জাতীয় সংসদের একজন সদস্য তথা আইন প্রণেতা নির্বাচিত হন। মুক্তিযুদ্ধে সাংবাদিক হিসেবে পেশাগত দায়িত্ব পালনে তিনি যেমন সততা ও নিষ্ঠার পরিচয় দিয়েছেন, তেমনি দেশ স্বাধীনের পর একজন সাংসদ হিসেবে তার ভূমিকা ছিল সমুজ্জ্বল। আবার ১৯৭৫ সালে রাজনৈতিক রূপরেখা পরিবর্তনের পর তিনি আর রাজনীতিতে সক্রিয় হননি।

এবিএম মুসা জীবদ্দশায় কিছু অসাধারণ কাজ করে গেছেন। এর মধ্যে হলো গাড়িতে নম্বর প্লেট বসানোর রীতি ও সংবাদপত্রের আধুনিকায়ন। এ দেশে গাড়িতে যে নম্বর প্লেট

এটি এবিএম মুসাই প্রচলন করেছিলেন। আর এটি ছিল দেশে সর্বস্তরে বাংলার প্রচলিত প্রথম সূচনা। সংবাদপত্রের বর্তমান যে গেটআপ-মেকআপের পরিবর্তন, আধিক্যতা, সৌন্দর্য ও কারুকার্য এসেছে- এ সবই তিনিই চালু করেছিলেন।

আপসহীনকণ্ঠে সরকারের নির্মোহ সমালোচনায় এবিএম মুসা ছিলেন নিষ্ঠাক্রম ও সোচ্চার। তার লেখনী ছিল ক্ষুরধার। তিনি আমৃত্যু সাধারণ মানুষের অধিকারের কথা বলেছেন। মৃত্যুর পূর্ববর্তী বছরগুলোতে বুড়ো বয়সেও তিনি টেলিভিশন টক শোতে গণতান্ত্রিক অধিকার নিয়ে নির্মোহচিত্তে কথা বলেছেন, সাধারণ মানুষের অধিকার নিয়ে কথা বলেছেন। এর জন্য তিনি শেষ বয়সে ক্ষমতাসীন অনেকের বিরাগভাজনও হয়েছেন। যা বর্তমানে সাংবাদিকদের মধ্যে দেখা যায় না। বর্তমানে তথাকথিত সাংবাদিকদের বেশিরভাগই ক্ষমতাবান ও বিভ্রাবানদের পা চাটাচাটি, তেলবাজি আর ব্যক্তিগত সুবিধা আদায়ে নিমগ্ন।

সুসাংবাদিকতা, আপসহীনতা ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনা এবিএম মুসাকে অন্যতম উচ্চতায় আসীন করেছে। সাংবাদিকতায় জাতীয় পর্যায়ে ওঠে আসা একজন সফল মানুষ এবিএম মুসা। খুব কম মানুষই এ অবস্থানে যেতে পারেন। এ পেশায় সত্য কথা বলতে অনেকেই ভয় পান, কিন্তু তিনি ভয় পাননি। তিনি সাহসের সঙ্গে অকপটে সত্যকে তুলে ধরার ক্ষমতা রাখতেন। সাহসিকতার পাশাপাশি তার কথা, কাজ ও লেখনীতে মানবিক দিকও ফুটে ওঠতো। পেশাগত দায়িত্ব পালনে তিনি আদর্শচ্যুত হননি, নীতির প্রশ্নে তিনি ছিলেন অটল।

এবিএম মুসা দীর্ঘ ৬৩ বছর ধরে এদেশের সাংবাদিকতার বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছেন। সাংবাদিকতায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় এবিএম মুসা বিভিন্ন পুরস্কারে ভূষিত হয়েছেন। এর মধ্যে রয়েছে একুশে পদক (১৯৯৯), জেফারসন ফেলোশিপ (১৯৭০), কমনওয়েলথ প্রেস ইউনিয়ন ফেলোশিপ (১৯৬১)। দীর্ঘ সংগ্রামী জীবন অতিবাহিত করার পর ২০১৪ সালের ৯ এপ্রিল ৮৩ বছর বয়সে এবিএম মুসার জীবনাবসান ঘটে। তার মৃত্যু পরবর্তী সংবাদ প্রতিবেদনে বলা হয় ‘এবিএম মুসা ছিলেন আমাদের সাংবাদিক সমাজের জ্যেষ্ঠতম সদস্য ও অভিব্যক্ত।’

এবিএম মুসা বাংলাদেশের সাংবাদিকতায় এক প্রেরণার নাম- এক উজ্জ্বল নক্ষত্র। জাতির সংকটকালে তিনি জাতিকে পথ দেখিয়েছিলেন। তিনি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে দেশের সাংবাদিকতাকে অন্য উচ্চতায় নিয়ে গিয়েছিলেন। আপসহীন সাংবাদিকতার মূলমন্ত্র তিনি ধারণ করেছিলেন।

গণমাধ্যম বা সংবাদপত্র হলো রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ, জাতির বিবেক। একটি রাষ্ট্রের উন্নতি অগ্রগতিতে গণমাধ্যমের অবদান অপরিমিত। আর এর জন্য গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে। পাশাপাশি সাংবাদিকদের সং, সাহসী ও আদর্শবান হতে হবে। সাংবাদিকতার সাইনবোর্ড বিকিয়ে চাঁদাবাজি, দালালি, তদবিরবাণিজ্য ও কোনো দল-মতের পক্ষপাতিত্ব করা যাবে না। আপসহীন থাকতে হবে, বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে হবে। যা আমাদের এবিএম মুসা পারতেন। তাই, বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের সাংবাদিকদের এবিএম মুসা সম্পর্কে জানতে হবে, পাঠ করতে হবে তার সংগ্রামমুখর কর্মজীবন।

লেখক: গবেষক, সাংবাদিক।



SECI

Sonali Exchange Co. Inc.

Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইটস ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট

আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না

আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি

আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান

আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে

আপনার মোবাইল থেকে

Sonali Exchange App.

ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন

যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক

SONALI EXCHANGE CO. INC.

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&NJ, DFS MI, DB&F GA, OCCFR MD AND FLOFR FL

NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন



গিটার একটি ঐতিহ্যবাহী ও বহুমুখী জনপ্রিয় বাদ্যযন্ত্র, যা বিশ্বের বিভিন্ন সংগীত ধারায় ব্যবহৃত হয়। শাস্ত্রীয় সংগীত থেকে রক, জ্যাজ থেকে ফোক—গিটার তার অনন্য শব্দ ও সুরের জাদুতে যুগে যুগে শ্রোতাদের মুগ্ধ করে আসছে। গিটার, তার ছয়টি তারের সুরে, সংগীত জগতে সৃষ্টি করেছে এক অনন্য মেলোডি। এই বাদ্যযন্ত্রের মাধুর্য আমাদের উপহার দিয়েছে জিমি হেন্ড্রিক্স, এরিক ক্ল্যাপটন, গ্ল্যাশ, কার্ক হ্যামেট, জন পেট্রুচি, স্টিভেন ভাই, জো স্যাড্রিয়ানি এবং পল গিলবার্টের মতো কিংবদন্তি গিটারিস্টদের, যারা তাদের সৃষ্টিতে সংগীতপ্রেমীদের মন জয় করেছেন। মূলত গিটারিস্টের স্পর্শেই গিটার জীবন্ত হয়ে ওঠে, প্রতিটি তারের ঝংকারে প্রকাশ পায় আবেগ, অনুভূতি ও সৃষ্টিশীলতা। গিটারিস্টের দক্ষতা ও সৃজনশীলতা গিটারের সুরকে নতুন মাত্রা দেয়, যা শ্রোতাদের মনকে স্পর্শ করে এবং সংগীতের জগতে এক অনন্য অভিজ্ঞতা দেয়। আজ ‘শিল্পঘর’ এ দুজন আধুনিক জনপ্রিয় গিটার শিল্পীর কথা থাকছে পাঠকদের জন্য। আশাকরি আমাদের এই গিটার শিল্পীদের অভিজ্ঞতা আপনাদের ভালো লাগবে। ধন্যবাদান্তে—**রোকেয়া দীপা**

শোভন রহমানের গিটার শিল্পের যাত্রা



সংগীতের প্রতি ভালোবাসা থেকেই শোভন রহমানের যাত্রা, তাঁর সংগীতচর্চা শুধুমাত্র কোনো নির্দিষ্ট ঘরানার মধ্যে সীমাবদ্ধ নয়। তিনি শাস্ত্রীয় সংগীতের সঙ্গে রক ও আধুনিক গানের সংমিশ্রণ তৈরি করে এক অনন্য পরিচিতি গড়ে তুলেছেন। শোভনের মতে, প্রতিটি সংগীত ঘরানা শিল্পীকে নতুন কিছু শেখার সুযোগ দেয়। এই অনুভূতি তাকে আরও পরিপূর্ণ করে তোলেছে। গিটারে স্বতন্ত্র সুর সৃষ্টি করা এবং শ্রোতার আবেগকে স্পর্শ করা শোভন রহমানের মূল লক্ষ্য। চাকায় জন্ম ও তিন বড় ভাইয়ের ছায়ায় বেড়ে উঠা শোভন রহমান, ওদের হাত ধরেই প্রাচ্য-পশ্চাত্যের গানের সাথে পরিচয় ছোট বেলাতো। গিটার শেখার ইচ্ছে হয় নিজের ভাই নিরুপম আর কাজিন পিয়ালকে বাজাতে দেখে। ভাইয়ের সহযোগিতা আর উৎসাহে লিটন অধিকারী রিন্টুর কাছে মাস তিনেক তালিম নেওয়ার পর মোটা মুঠি স্বশিক্ষিত গিটারিস্ট হিসেবে গড়ে উঠেন। ক্লাস ১০-এ বন্ধুদের সাথে গড়ে তোলেন ব্যান্ড ‘ফ্রেন্ডস’- কিছু গানের রেকর্ডিং হলেও ওগুলো আর কখনো প্রকাশ করেননি। নটর ডেম কলেজে পড়ার সময় যোগ দেন বিখ্যাত ব্যান্ড অর্থহীন-এ, কঠ দেন কালজয়ী ‘অদ্ভুত সেই ছেলেটি’ গানের, ‘জোছনায় অজানা পথে চলা’ পণ্ডতিগুলোতে। ত্রিমাত্রিক এলবাম প্রকাশ হবার আগেই উচ্চ শিক্ষার জন্য চলে আসেন আমেরিকাতে। বর্তমানে একটি প্রযুক্তি সংস্থায় প্রধান কর্মকর্তা (সি আই ও) হিসাবে কর্মরত আছেন তিনি।

শোভন সংগীতের জগতে নিজেকে স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত করেছেন, যেখানে পূর্ব ও পশ্চিমের সংগীতের মিশ্রণে তিনি এক নতুন ধারা তৈরি করেছেন। বাংলাদেশের সংগীত জগতে গিটারিস্ট হিসেবে শোভন রহমানের নাম সম্মানের সঙ্গে উচ্চারিত হয়। আয়ুব বাচ্চু, কামাল ভাই, জুয়েল ভাই ও সামির হাফিজের মতো কিংবদন্তিদের অনুপ্রেরণায় তিনি সংগীতের পথচলা শুরু করেন। পাশ্চাত্যের জো সাদ্রিয়ানি, জেসন বেকার ও উলি জন রথের গিটার শৈলী তাকে গভীরভাবে প্রভাবিত করেছে, বলে জানান। ষ্টুডিও রেকর্ডিংয়ে নিখুঁত সুর তৈরি করার প্রতি যত্নবান হলেও, শোভন মনে করেন লাইভ

পারফরম্যান্সই প্রকৃত শিল্পীর আসল পরীক্ষা। তিনি বিভিন্ন কনসার্ট ও ব্যান্ড ফেস্টিভ্যালে অংশ নিয়েছেন, যেখানে দর্শকদের সঙ্গে সরাসরি সংযোগ স্থাপন করেছেন। ইয়র্ক কলেজ ব্যান্ড ফেস্টিভ্যালে একবার ড্রামারের উত্তেজনায় ‘পাহাড়ি মেয়ে’ গানটি দ্রুততর বিটে শুরু হলে, শোভন গিটারের গতিও বাড়িয়ে সেটিকে সামঞ্জস্যপূর্ণ করেন, যা দর্শকদের কাছে অনন্য অভিজ্ঞতা হয়ে উঠে।

শোভনের অনুশীলনের ধরন সময়ের সঙ্গে পরিবর্তিত হয়েছে। তিনি জানান, একসময় প্রতিদিন এক ঘণ্টা করে অনুশীলন করলেও, এখন তিনি দিনে কয়েকবার ১৫ মিনিটের ‘পাওয়ার সেশন’ করেন। তাঁর মতে, ‘গতি স্বাভাবিকভাবে আসে, তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো স্বচ্ছ শব্দ সৃষ্টি করা এবং সঠিক তাল বজায় রাখা।’ তিনি বলেন, ‘অনুশীলন শুধু দক্ষতা বাড়ায় না, আত্মবিশ্বাসও জাগায়।’

মাত্র ১৬ বছর বয়সে অর্থহীনের ‘অদ্ভুত সেই ছেলেটি’ গানের একক অংশ তৈরি ও পরিবেশন করা ছিল তাঁর ক্যারিয়ারের অন্যতম কঠিন চ্যালেঞ্জ। তিনি জানান, এটি রেকর্ড করতে তিনি বেশ কয়েকবার ব্যর্থ হন, তবে শেষ পর্যন্ত ব্যান্ডের অন্যান্য সদস্যদের মুগ্ধ করতে সক্ষম হন।

‘একটি স্মরণীয় মুহূর্ত ছিল যখন আমি ৩০ জন শিক্ষার্থীর সঙ্গে পিঙ্ক ফ্লয়েডের ‘The Wall’ এবং স্ক্রপিয়নসের ‘Wind of Change’ পরিবেশন করি। এটি ছিল সংগীত জীবনের অন্যতম বড় পাওয়া’, বলেন তিনি।

শোভন গিটারের সেটআপে সরলতা পছন্দ করেন। তিনি আইবানেজ প্রেস্টিজ, লাইন ৬ হেলিক্স এবং হেডরাশ মনিটর ব্যবহার করেন। অর্থহীনের সময় থেকে তিনি জ্যাকসন পিএস-ফোর ব্যবহার করে আসছেন, যাতে গিটার সিঙ্ক পিকআপ ও জিআর-৫৫ প্রেসেসিং ইউনিট সংযুক্ত রয়েছে। তাঁর মতে, ‘যন্ত্রপাতির সংখ্যা কম হলে মনোযোগ মূল সুরে দেওয়া সহজ হয়।’

লাইভ পারফরম্যান্সের আগে নতুন গান থাকলে তিনি লিরিকস বারবার চেক করেন। মধ্যে ভুল হলে দর্শকদের সঙ্গে হাস্যরসের মাধ্যমে সেটি কাটিয়ে ওঠার দক্ষতা তাঁর রয়েছে। অন্যান্য ব্যান্ড সদস্যদের ভুল হলে চোখের ইশারায় তিনি বোঝাপড়া করেন। তিনি বিশ্বাস করেন, এসব

ছোটখাটো ভুল পরিবেশনাকে আরও প্রাণবন্ত করে তোলে।

দীর্ঘসময় গিটার বাজানোর ফলে কাঁধ ও মেরুদণ্ডে সমস্যা দেখা দিতে পারে। তাই শোভন নিয়মিত স্ট্রেচিং করেন ও গিটারের ওজন সঠিকভাবে সামলানোর কৌশল রপ্ত করেছেন। একবার পিঠে গুরুতর আঘাত পাওয়ার পর তিনি প্রায় চার-পাঁচ বছর গিটার বাজাতে পারেননি। তবে ধীরে ধীরে ব্যথা নিয়ন্ত্রণের উপায় শিখে তিনি সংগীতে ফিরে আসেন।

শোভনের ভবিষ্যৎ পরিকল্পনা খুব সহজ— সংগীতের মধ্যেই থাকা। তিনি সংগীতকে পেশা হিসেবে নয়, আত্মার খোরাক হিসেবে দেখেন। নতুন সংগীত ধারার সঙ্গে পরিচিত হওয়া, নতুন গিটার টেকনিক আয়ত্ত করা ও নিজের দক্ষতা উন্নত করা তাঁর মূল লক্ষ্য। তিনি বলেন, ‘সংগীত আমার কাছে শুধুই সুর নয়, এটি আমার অস্তিত্বের অংশ।’

জীবনের একটা মজার অভিজ্ঞতা সম্পর্কে তিনি বলেন,

‘একবার এক ব্যক্তি অনলাইনে দাবি করেন, তার ব্যান্ডের নাম ‘Jolly Good Fellows’, এবং তিনি বিখ্যাত শিল্পীদের ধাঁচে নিও-ক্লাসিক্যাল রক তৈরি করেন। শোভন তার সংগীত শুনে মুগ্ধ হয়ে গিটারের সেটআপ সম্পর্কে জানতে চান। পরবর্তীতে চাকায় তাদের দেখা হলে শোভনই খাবারের বিল পরিশোধ করেন। কিন্তু বছরখানেক পর শোভন আবিষ্কার করেন, ওই সংগীত আসলে দারি আলকানার ‘Rock the Bach’ অ্যালবামের অংশ। আর ‘Jolly Good Fellows’ নামে কোনো ব্যান্ডের অস্তিত্বই নেই!’

এই অভিজ্ঞতা তাঁকে নতুন ধারার সংগীতের সঙ্গে পরিচিত করায়, যা ছিল তাঁর জন্য সতিহাঁ অমূল্য।

শোভন রহমান শুধুমাত্র একজন দক্ষ গিটারিস্ট নন, বরং সংগীতের মাধ্যমে আগে প্রকাশের শিল্প রপ্ত করেছেন। সংগীতের প্রতি ভালোবাসা, বিভিন্ন ঘরানার প্রতি আগ্রহ ও কঠোর অনুশীলনের মাধ্যমে তিনি নিজেকে সংগীতজগতে অনন্য উচ্চতায় নিয়ে গেছেন। তাঁর যাত্রা শুধুমাত্র গিটারের সুরেই থেমে থাকবে না, বরং নতুন সংগীতের সন্ধানে তিনি চিরকাল থাকবেন—এটাই তাঁর বিশ্বাস।

সংগীত যখন উপাসনা হয়ে ওঠে, তখন তা শিল্পীর অস্তিত্বের সার্থকতা খুঁজে পায়’, -এমনটাই মনে করেন সংগীতপ্রেমী, প্রতিভাবান, সংগীতের আরাধ্য যাত্রী আব্দুল্লাহ আল আমীন পিয়াল। তিনি মনে করেন, সঙ্গীত শুধু ধ্বনির সৃজন নয়, বরং তা আত্মার সঙ্গে সৃষ্টিকর্তার একাত্মতার এক বিশুদ্ধ প্রকাশ। তাঁর জন্মই সংগীতের জন্য-এমনটাই জানান তিনি।

চাকায় জন্ম নেওয়া আব্দুল্লাহ আল আমীন পিয়ালের, সংগীতের প্রতি আগ্রহ জমেছিল বাংলাদেশ টেলিভিশনের জনপ্রিয় শিশুতোষ অনুষ্ঠান কলকাকলীতে অংশগ্রহণের মাধ্যমে। বাদ্যযন্ত্রের অর্কেস্ট্রা দেখে গিটারের প্রতি আকৃষ্ট হন তিনি। এরপর জাতীয় শিশু একাডেমির পাঠ শেষে সুযোগ পান কিংবদন্তি খান আতাউর রহমানের ‘শ্রুতি’ স্টুডিওতে যাওয়ার, যেখানে তৈরি হয় তার স্বপ্নের ভিত্তি।

গিটারের প্রতি পিয়ালের ভালোবাসা একসময় রূপ নেয় পাগলামিতে। কৈশোরে নিজের ক্রাশকে মুগ্ধ করার ব্যর্থ চেষ্টায় গিটার হাতে তুলে নিলেও সংগীতের প্রতি নিবেদন তাকে পৌঁছে দেয় এক নতুন জগতে। স্বনামধন্য সুরকার আজাদ রহমানের উৎসাহে তিনি গঠন করেন প্রথম ব্যান্ড ‘মিলেনিয়াম’। এরপর স্টুডিওতে নিরলস পরিশ্রমের মাধ্যমে সংগীতে নিজেকে প্রতিষ্ঠিত করার যাত্রা শুরু করেন। এরপর দেশ ছেড়ে আন্তর্জাতিক পরিসরে উচ্চশিক্ষার জন্য পিয়াল পাড়ি জমান অস্ট্রেলিয়ায়। সেখানে একের পর এক সংগীতানুষ্ঠানে অংশ নেন। কর্মজীবন শুরু করেন সিঙ্গাপুরে, কিন্তু সংগীত ছাড়াইনি। মেলবোর্নে ফিরে গড়ে তোলেন নিজস্ব সংগীত প্ল্যাটফর্ম ‘শ্রোতার আসর’। এরপর আমেরিকায় স্থায়ী হওয়া এবং টেক্সাসের অস্টিন শহরে সংগীতচর্চার নতুন অধ্যায় শুরু করেন।

পিয়াল জানান, অস্টিনে তিনি গড়ে তোলেন নতুন ব্যান্ড ‘শ্রোত’, যেখানে নিয়মিত সংগীত পরিবেশনার পাশাপাশি বাড়িতে রবীন্দ্রজয়ন্তী উদযাপন করেন। কোভিডকালে নিউ জার্সির সংগীতশিল্পী রাসেলের সঙ্গে পরিচয়ের মাধ্যমে যুক্ত হন অনলাইন সংগীত আয়োজনে। পরবর্তীতে নিউ জার্সির ‘আর্টস্‌ক্লাব’-এর স্প্রিং কনসার্টে নিয়মিত অংশ নেওয়া শুরু করেন।

সংগীতের পাশাপাশি পিয়াল একজন সফল পেশাজীবীও। পিয়াল বর্তমানে আমেরিকার শীর্ষস্থানীয় হেলথকেয়ার ফার্ম R1 RCM-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসেবে গ্লোবাল ইঞ্জিনিয়ারিং ডিভিশনের নেতৃত্ব দিচ্ছেন। কর্মব্যস্ত জীবনের মাঝেও গিটার কখনোই তাকে ছেড়ে যায়নি। ব্যবসায়িক সফরেও তিনি গিটার সঙ্গে নিয়ে যান, হোটেলের ঘরে বসে প্র্যাকটিস করেন।

পিয়াল জানান, প্রথম দিকে তিনি গিটার বাজাতে পিক ব্যবহার করতেন, কিন্তু কিংবদন্তি

গিটারিস্ট আব্দুল্লাহ আল আমীন পিয়াল

গিটারিস্ট মার্ক নফলারের সহজ অথচ হৃদয়গ্রাহী সলো শুনে ফিঙ্গার পিকিং শেখা শুরু করেন। তার মতে, ফিঙ্গার পিকিং-ই তাঁর স্বতন্ত্র স্টাইল গড়ে দিয়েছে।

বাংলাদেশের সংগীতজগতে বাগ্না মজুমদারের গিটারের ক্লিন টোন ও আবেগপ্রবণ পরিবেশনা তাকে দারুণভাবে অনুপ্রাণিত করেছে বলে জানান। ক্লাসিক রক ও ব্লুজের প্রতি ঝোঁক থাকলেও বয়স বাড়ার সঙ্গে সঙ্গে উপমহাদেশীয় শাস্ত্রীয় সংগীতের প্রতি তার আকর্ষণও বাড়ছে। তিনি বলেন, ‘আমি বিশ্বাস করি, সংগীতশিল্পী হিসেবে শ্রোতাদের সঙ্গে সংযোগ স্থাপনই আমার আসল সাফল্য।’

পিয়ালের সংগীতজীবনের অন্যতম স্মরণীয় মুহূর্ত ছিল অস্টিনের এক মুভি থিয়েটারে মার্ক নফলারের পারফরম্যান্স দেখা। মাসখানেক পর, অফিসের ব্যান্ড ‘পি ওয়ান’ আমন্ত্রণ পেলে ‘Battle of the Tech Bands’-এ অংশ নেওয়ার জন্য। কাকতালীয়ভাবে সেই একই স্টেজে পারফর্ম করার সুযোগ পান তিনি, যেখানে কিছুদিন আগেই দাঁড়িয়ে ছিলেন তার প্রিয় গিটারিস্ট নফলার। সেদিনের পারফরম্যান্সে ‘বেস্ট সং’ অ্যাওয়ার্ড অর্জন করেন তিনি, যা পিয়ালের সংগীত জীবনের এক অবিস্মরণীয় মুহূর্ত হয়ে আছে।

তিনি বলেন, ‘লাইভ পারফরম্যান্সের সময় ভুল হলে কবীর সুমনের বিখ্যাত গান মনে পড়ে— “সহশিল্পীরা এসো, ভুল হয়ে গেলে হেসো। দিকে দিকে বলি, যন্ত্রকে আর যন্ত্রীকে ভালোবেসো।”



পিয়াল বিশ্বাস করেন, সহশিল্পীদের হাসিই যেকোনো ভুল মুহূর্তকে অপূর্ণ করে তোলে। পিয়াল একটি সাধারণ লাইন সিগ্ন প্রসেসর ব্যবহার করেন এবং সবচেয়ে পছন্দের সেটআপ হলো মার্ক নফলারের ক্লিন টোন। সংগীতের প্রতি তার এতটাই নিবেদন যে, আঙুলে কড়া পড়া কিংবা আঘাত লাগাও তার কাছে আনন্দের অংশ, যা শুধুমাত্র গিটারিস্টরাই বোঝেন।

তিনি একবার শিক্ষা পথটেনে গিয়েছিলেন

অস্ট্রেলিয়ার এক গ্রামের স্কুলে। সে অভিজ্ঞতা সম্পর্কে তিনি বলেন ‘সদ্য বিদেশে গিয়েছি, ভাঙা-ভাঙা ইংরেজি বলার চেষ্টায় আছি। কিন্তু ভাগ্যিস, সঙ্গে গিটার ছিলো!’

তিনি বলেন, ‘সেখানে থাকা শিশুদের শেখালাম আমাদের দেশের দুই জনপ্রিয় গান— ‘ধন ধন্য পুষ্প ভরা’ আর ‘ক-য়ে কলা খ-য়ে খাই’। শিশুরা খিলখিল করে হাসতে হাসতে গান গেয়ে উঠলো। সন্ধ্যার সাংস্কৃতিক অনুষ্ঠানে ওরা দারুণভাবে গান দুটি

পরিবেশন করলো, যেন পুরো স্কুল মেতে উঠল আনন্দে। অনুষ্ঠান শেষে যখন বিদায় নিচ্ছি, এক শিশু আমার হাতে একটা ছোট্ট উপহার দিলো— আমার আঁকা একটা ছবি। ছবিতে আমি, হাতে গিটার, আর নিচে লেখা— “Our Rockstar”-গিটারিস্ট হিসেবে এটাই আমার সবচেয়ে বড় প্রাপ্তি।’

মধ্যে সবচেয়ে মজার মুহূর্ত নিয়ে পিয়াল বলেন, ‘একবার তপন চৌধুরীর সঙ্গে ট্যুর করছিলেন কিন্তু সমস্যা হলো, লোকাল ড্রামার তাল বুঝতে পারছিলেন না। এমন সময় মুহূর্তের সিদ্ধান্তে কিবোর্ড থেকে একটা বিট স্টেট করেছিলেন। কাঁধে গিটার নিয়ে দৌড়াদৌড়ি করছিলেন— কিবোর্ডের কাছে গিয়ে কর্ড চাপছিলেন, আবার তপনদার পাশে গিয়ে গিটার বাজাছিলেন। প্রতিটি লাইনের পরে একবার কিবোর্ড, একবার গিটার— যেন পুরো পারফরম্যান্স এক অদ্ভুত ছন্দে এগিয়ে চলাছিল। তপনদা হঠাৎ জ্যাজ শিল্পীদের মতো কর্তে এক সুরের প্রশ্ন তুললেন, তখন তিনি গিটার দিয়ে তার উত্তর দিলেন। দর্শকরাও তাদের আনন্দে মেতে উঠলেন। হিউস্টনের সেই কনসার্টে কেউ বুঝতেই পারেননি যে ড্রামার শব্দটা কিবোর্ড থেকে আসছে, আর তিনি গিটার বাজানোর ফাঁকে ফাঁকে সেটা সামলে নিচ্ছিলেন।’

তাঁর কাছে প্রিয় মানুষের সঙ্গে গান করলে—

যেকোনো চাপের মুহূর্তও আনন্দময় হয়ে ওঠে।

পিয়াল, আরো একটি মজার ঘটনা উল্লেখ করেন, ‘একবার রাসেলের ‘আর্টস্‌ক্লাব’ কনসার্টে উদ্ভাদ রাশিদ খানের শিষ্য রনি খুব দরদ দিয়ে গান গাইছিলেন। প্রথম অন্তরায় শোভনের অনবদ্য গিটার সোলো, আর দ্বিতীয় অন্তরায় আমি গভীর মনোযোগ দিয়ে বাজাছিলাম। হঠাৎ একটা ভুল স্বর বাজিয়ে ফেললাম। মাথায় হাত! গান কিন্তু চলেছে... কী যেন মনে হলো, দ্বিতীয়বার ইচ্ছা করেই আবার সেই ভুল স্বরটা বাজালাম। এবার শুনতে মোটেও খারাপ লাগলো না!

সেদিন হাতে-কলমে শিখলাম একটি চিরন্তন সত্য—প্রথমবার ভুল করলে সেটা ভুল, দ্বিতীয়বার একই ভুল করলে সেটা জ্যাজ! শুধু শোভন-ই বুঝতে পেরেছিল আমার দুট্টমি!’

পিয়াল— ভালো কিছু রেখে যেতে চান তিনি। অন্যদের কাছ থেকে পাওয়া ফিডব্যাক খুব মনোযোগ দিয়ে শুনেন তিনি। যাচাই করেন তার দক্ষতার সীমা, তারপর অনুশীলনে লেগে থাকেন। তিনি বলেন, ‘গিটারিস্টদের নিয়ে অনেকের একটা সাধারণ ভুল ধারণা আছে— গিটারিস্টরা শুধুই মনোযোগ আকর্ষণের জন্য স্টেজে থাকে। আসলে, অনেক গিটারিস্ট নেপথ্যে থাকতে ভালোবাসেন। আমি নিজে মধ্যে নড়াচড়া করি ঠিকই, কিন্তু সেটা শুধুই সহশিল্পীদের সঙ্গে গানের আনন্দ ভাগ করে নেওয়ার জন্য, মনোযোগ আকর্ষণের জন্য নয়।’

মহান আল্লাহর অসংখ্য নিয়ামতের মাধ্যে রোজা একটি অন্যতম নেয়ামত। রোজা কেবল উম্মতে মুহাম্মাদ (স.) এর জন্য ফরজ নয়, বরং তা অতীত নবী-রাসুলদের উম্মতদের জন্যও ছিল। কিন্তু রোজার সময়, পদ্ধতি ও ধারা ভিন্ন ছিল। রোজা ফারসি শব্দ, অর্থ উপবাস থাকা। কোরআন ও হাদিসে এটিকে সিয়াম বলে। রোজা শব্দটিই প্রচলিত। সাওম বা সিয়াম শব্দের অর্থ বিরত থাকা। শরিয়তের পরিভাষায়, সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত খাওয়া, পানাহার ও ক্বী সহবাস থেকে বিরত থাকাকে সিয়াম বা রোজা বলে। শুধু পানাহার ত্যাগ ও ক্বীর সঙ্গে মেলামেশা থেকে বিরত থাকার নামই সিয়াম পালন নয়। বরং অসারতা ও অশ্লীলতা থেকে বিরত থাকার নামই হলো (প্রকৃত) সিয়াম বা রোজা। যদি তা-ই না হয় তবে আমরা কেন রোজা রাখব?

ইসলামী বিধান অনুসারে, প্রতিটি প্রাপ্তবয়স্ক মুসলমানের জন্য রমজান মাসের প্রতি দিন রোজা রাখা ফরজ। যার অর্থ অবশ্য পালনীয়।রমজান মাস ইবাদতের বিশেষ মৌসুম। রমজান রহমত, মাগফিরাত ও নাজাতের মাস। রমজানের প্রধান ইবাদত 'সিয়াম' বা রোজা পালন। রমজানের মূল প্রতিপাদ্য 'আল কোরআন'।

হজরত আদম আলাইহিস সালাম জন্মাত থেকে পৃথিবীতে আগমন করার পরে প্রত্যেক মাসে তিনটি রোজা রাখতেন। আইয়ামে বিজ বা প্রতি চান্দ্রমাসের ১৩, ১৪ ও ১৫ তারিখ রোজা রাখতে হতো। 'আইয়ামে বিজ' অর্থ শুভ্রতার দিনসমূহ। আদম ও হাওয়া (আ.) জন্মাতে থাকাকালে নিষিদ্ধ ফল খেয়ে ফেলায় তাঁদের গায়ের রং কালো হয়ে যায়। তাই ফেরেশতারা তাঁদের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং তাঁরাও তওবা করেন। ফলে তাঁদের গায়ের রং সাদা ও সুন্দর হয়। এরপর আল্লাহ আদম (আ.) ও তার উম্মতকে প্রতি মাসে তিনটি করে রোজা রাখার নির্দেশ দেন। ইবনে আব্বাস (রা.) বলেন, "মহানবী (সা.) আইয়ামে বিজের সিয়াম পালন করতেন।' (নাসায়ি)।

তাহলে বলা যায় , হজরত আদম আলাইহিস সালাম থেকে রোজার ধারাবাহিকতা শুরু হয়।তার পরবতী যুগে হজরত নূহ আলাইহিস সালাম এই রোজা রাখতেন। হজরত ইবরাহিম আলাইহিস সালামও রোজা রাখতেন। এ ব্যাপারে হাদিসে নববিত্তেও গুরুত্বপূর্ণ নির্দেশনা পাওয়া যায়। হজরত মুসা আলাইহিস সালাম যখন তুর পাহাড়ে আল্লাহ তাআলার সাথে কথাপকথনে মগ্নন করেন, তখন তিনি ৪০ দিন রোজা রাখেন। হজরত দাউদ আলাইহিস সালামকে আল্লাহ তাআলা দুনিয়ার রাজত্বও দিয়েছিলেন। আবার নরুতও দিয়েছিলেন। তিনি একদিন রোজা রাখতেন, একদিন ইফতার করতেন। বছরে ছয় মাস রোজা রাখতেন। হাদিসে নববীতে একে রোজা রাখার উত্তম পদ্ধতি বলা হয়েছে।

পবিত্র কোরআনে আছে, 'রমজান মাস, এতে মানুষের পথপ্রদর্শক ও সং পথের স্পষ্ট নিদর্শন। এবং ন্যায় ও অন্যায়ের মীমাংসাকরে কোরআন অবতীর্ণ হয়েছিল। অতএব, তোমাদের মধ্যে যে এই মাস পাবে, সে যেন এই মাসে অবশ্যই রোজা রাখে। আর যে রোগী বা মুসাফির তাকে অন্য দিনে এই সংখ্যা পূরণ করতে হবে। আল্লাহ তোমাদের জন্য সহজ করতে চান, তোমাদেরকে কষ্ট দিতে চান না, যাতে তোমরা নির্ধারিত দিন পূর্ণ করতে পার ও তোমাদেরকে সং পথে পরিচালিত করার জন্য আল্লাহর মহিমা ঘোষণা করতে পার, আর তোমরা কৃতজ্ঞ হলেও হতে পার।' (সূরা বাকারা, আয়াত : ১৮৫)

হজরত আবদুল্লাহ ইবনে আমর রাদিয়াল্লাহু আনহু বলেন, প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন, আল্লাহর নিকট সবচেয়ে পছন্দনীয় রোজা হলো হজরত দাউদ আলাইহিস সালামের নিয়মে রোজা পালন করা। তিনি একদিন সত্তম পালন করতেন, আরেক দিন বিরত থাকতেন। [সহিহ বুখারি, হাদিস : ১১৩১] হজরত জাকারিয়া ও ইয়াহুয়া আলাইহিমাস সালামও রোজা রেখেছেন। হজরত ঈসা আলাইহিস সালামও দুই মাসের রোজা রাখতেন।

ইনসাইক্লোপিডিয়া অব ব্রিটানিকায় Fasting (রোজা) শিরোনামের অধীনে লেখা হয়েছে, 'আমরা দুনিয়ার এমন কয়েকও ধর্ম পাইনি, যে ধর্মে রোজার ইবাদত নেই।' হিজরত করে মদিনায় আসার কিছু দিন পর থেকেই মুসলিমরা আশুরার রোজা পালন করতে শুরু করেন। এই সময় আশুরার রোজাই তাদের ওপর ওয়াজিব ছিল। হজরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেন, প্রিয়নবী



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদিনায় আসেন তখন দেখতে পান, ইহুদিরা আশুরার দিন রোজা রাখে। তাদের রোজা রাখার কারণ জিজ্ঞাসা করলে তারা বলল, এই দিনেই আল্লাহ তা'আলা মুসা ও বনি ইসরাইলকে ফিরাউনের ওপর বিজয় দিয়েছিলেন। তাই আমরা ওই দিনের সম্মানে রোজা পালন করি। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের চেয়ে আমরা মুসা আলাইহিস সালামের বেশি নিকটবর্তী। এরপর তিনি সবাইকে রোজা পালনের নির্দেশ দেন। [সহিহ বুখারি, হাদিস : ৩৯৪৩]

হজরত আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, জাহেলি যুগে কুরাইশরা আশুরার রোজা পালন করতো এবং প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও এই রোজা পালন করতেন। যখন তিনি মদিনায় আগমন করেন তখনও এই রোজা পালন করেন এবং তা পালনের নির্দেশ দেন। যখন রমজানের রোজা ফরজ করা হলো তখন আশুরার রোজা ছেড়ে দেওয়া হয়। যার ইচ্ছা সে পালন করবে আর যার ইচ্ছা পালন করবে না। [সহিহ বুখারি, হাদিস : ২০০২]

বেশিরভাগ ফকিহ ও মুহাদ্দিসের মতে, রমজানের রোজা ফরজ হওয়ার আগে আশুরার রোজা ওয়াজিব ছিল, যা পরবর্তী সময়ে নফলে পরিণত হয়। আর প্রতি মাসে তিন দিন রোজা রাখার বিধান সবসময় মুস্তাহাব ছিল। দ্বিতীয় হিজরিতে রমজানের রোজা ফরজ হয়। প্রথমে ইচ্ছাধিকার ছিল, রমজানের রোজা যখন প্রথম ফরজ হয়, তখন রোজা রাখা ও ফিদিয়া দেওয়ার ইচ্ছাধিকার দেওয়া হয়। এরশাদ হচ্ছে– (তোমাদের ফরজ করা হয়েছে) রোজা নির্দিষ্ট করাকে তোমারা। তোমাদের মধ্যে কেউ পীড়িত হলে বা সফরে থাকলে অন্য সময় এই সংখ্যা পূরণ করে নিতে হবে। এটা যাদের মারাত্মক কষ্ট দেয় তাদের কর্তব্য হলো, এর পরিবর্তে ফিদিয়া— একজন অভাবগ্রস্তকে খাদ্য দান করা। যদি কেউ স্বতঃস্ফূর্তভাবে সংকাজ করে তবে তা তার পক্ষে অধিক কল্যাণকর। অবশ্য রোজা পালন করাই তোমাদের জন্য অধিকতর কল্যাণকর, যদি তোমরা জানতে। [সূরা বাকারা, আয়াত : ১৮৪]

ফরজ বিধান : এরপর কোনও প্রকার অবকাশ না রেখেই রোজা ফরজ করা হয়। কোরআনে আছে, 'হে বিশ্বাসীগণ, তোমাদের জন্য সিয়ামের (রোজা) বিধান দেওয়া হলো। যেমন বিধান তোমাদের পূর্ববর্তীদের দেওয়া হয়েছিল, যাতে তোমরা সাবধান হয়ে চলতে পার। (সূরা বাকারা , আয়াত : ১৮৩) এতে মানুষের দিশারী এবং সংপথের স্পষ্ট নিদর্শন ও সত্যাসত্যের পার্থক্যকারীরূপে কোরআন অবতীর্ণ হয়েছে। সুতরাং তোমাদের মধ্যে যারা এই মাস পাবে তারা যেন এই মাসে রোজা পালন করে। তোমাদের মধ্যে কেউ পীড়িত হলে বা সফরে থাকলে অন্য সময় এই সংখ্যা পূরণ করে নিতে হবে। [সূরা বাকারা,

আয়াত : ১৮৫]

রাসুলুল্লাহ (সা.) বলেন, 'জন্মাতে রায়ান নামক একটি বিশেষ তোরণ আছে। এ তোরণ দিয়ে কিয়ামতের দিন শুধু রোজাদাররাই প্রবেশ করবেন। তাদের প্রবেশের পরে এই দরজাটি বন্ধ করে দেওয়া হবে, তাঁরা ছাড়া আর কেউ এই দরজা দিয়ে প্রবেশ করতে পারবে না।' রোজা রাখলে কিউনীতে সঞ্চিত পাথর কণা ও চুন দূরীভূত হয়। স্বাস্থ্য বিজ্ঞানীদের মতে, এর উপকারিতা হলো, সারা বছর অতিভোজ, অখাদ্য, কুখাদ্য, ভেজাল খাদ্য খাওয়ার ফলে আমাদের শরীরে যে জৈব বিষ জমা হয় তা দেহের জন্য মারাত্মক ক্ষতিকর। এক মাস রোজা পালনের ফলে তা সহজেই দূরীভূত হয়ে যায়। ইসলামের বিধানগুলো মানবজীবনে কল্যাণ বয়ে আনে—এটি মুসলমানদের বিশ্বাস। আধুনিক বিজ্ঞানও প্রমাণ করছে যে ইসলামের বিভিন্ন বিধান, যেমন রোজা, শুধু আধ্যাত্মিক ক্ষেত্রেই নয়, শারীরিক স্বাস্থ্যের জন্যও অত্যন্ত উপকারী। নিচে রোজা রাখার বৈজ্ঞানিক উপকারিতা তুলে ধরা হলো।

জাপানের চিকিৎসাবিজ্ঞানী ইয়াশিনোরি ওহশামির গবেষণায় উঠে এসেছে যে, রোজা কোষের অটোফেজ প্রক্রিয়া সক্রিয় করে। অটোফেজ কোষের ক্ষতিগ্রস্ত অংশগুলো মেরামত করে, যা দেহে তারুণ্য ধরে রাখতে সহায়তা করে। এটি আলঝেইমার্স ও পারকিনসন্সের মতো রোগের ঝুঁকিও কমায়। রোজা শরীরের মেটাবলিক সুইচকে সক্রিয় করে, যা চিনি থেকে চর্বিতে শক্তির উৎস স্থানান্তরিত করে। এতে দেহে জমে থাকা চর্বি পুড়ে এবং হার্ট, ব্লাডপ্রেসার ও সুগারের নিয়ন্ত্রণে উন্নতি হয়। রোজা নাড়ি-ভূঁড়িতে উপকারী জীবাণুর সংখ্যা বৃদ্ধি করে, যা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সহায়তা করে। ৩৫টি গবেষণায় প্রমাণিত হয়েছে যে রোজা গড়ে ১ থেকে ১.৫ কেজি ওজন কমাতে পারে। এটি দেহের অতিরিক্ত চর্বি হ্রাসে সহায়ক। রমজানের রোজা রক্তে সুগারের মাত্রা নিয়ন্ত্রণে সহায়তা করে এবং ডায়াবেটিস ঝুঁকি কমায়। গবেষণায় প্রমাণিত হয়েছে যে, রোজা ডায়াবেটিক রোগীদের জন্যও উপকারী হতে পারে, তবে সেক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ নেওয়া আবশ্যিক। রোজা রক্তে কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণ করে, যা হার্ট অ্যাটাক ও স্ট্রোকের ঝুঁকি হ্রাসে সহায়তা করে। ২০১৯ সালের 'লন্ডন রমজান স্টাডি' দেখিয়েছে যে রোজা সিস্টোলিক ও ডায়াস্টোলিক ব্লাড প্রেসার কমাতে সহায়ক। ফলমূলের পরিমাণ বাড়িয়ে রোজার খাদ্যতালিকা আরও স্বাস্থ্যসম্মত করা সম্ভব।রোজার বৈজ্ঞানিক উপকারিতাগুলো শুধু শারীরিক স্বাস্থ্যের জন্যই নয় বরং মানসিক ও আধ্যাত্মিক কল্যাণের ক্ষেত্রেও তাৎপর্যপূর্ণ। সঠিক নিয়মে রোজা পালন করলে এটি আল্লাহর সন্তুষ্টির পাশাপাশি শরীরের জন্য আশীর্বাদস্বরূপ হয়ে ওঠে।

আবু হুরাইরাহ্ (রা.) হতে বর্ণিত, রাসূলুল্লাহ

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "ঈমানের সাথে ছাওয়াবের আশায় যে ব্যক্তি রোযা পালন করে তার পূর্ববর্তী গুনাহ মাফ হয়ে যায়।"

আবু হুরাইরাহ্ (রা.) হতে বর্ণিত আরও আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "শয়তান ও দুষ্ট জিনদেরকে রামাযান মাসের প্রথম রাতেই শৃঙ্খলাবদ্ধ করা হয়, জাহান্নামের দরজাগুলো বন্ধ করা হয় এবং এর দরজাও তখন আর খোলা হয় না, খুলে দেওয়া হয় জাহ্নাতের দরজাগুলো এবং এর একটি দরজাও তখন আর বন্ধ করা হয় না। (এ মাসে) একজন ঘোষণাকারী ঘোষণা দিতে থাকেন, হে কল্যাণ অন্বেষণকারী! অগ্রসর হও। হে পাপাসক্ত! বিরত হও। আর বহু লোককে আল্লাহ তা'আলার পক্ষ হতে এ মাসে জাহান্নাম থেকে মুক্ত করে দেওয়া হয় এবং প্রত্যেক রাতেই এরূপ হতে থাকে।"

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আল্লাহর মজি' হলে আদম সন্তানের প্রতিটি সংকাজের প্রতিদান দশ গুণ থেকে সাত শত গুণ পর্যন্ত বর্ধিত করা হয়। আল্লাহ বলেন, তবে রোযা ব্যতীত, তা আমার জন্যই (রাখা হয়) এবং আমিই তার প্রতিদান দিবো। সে তার প্রবৃত্তি ও পানাহার আমার জন্যই ত্যাগ করে। রোযাদারের জন্য দু'টি আনন্দ- একটি আনন্দ তার ইফতারের সময় এবং আরেকটি আনন্দ রয়েছে তার প্রভু আল্লাহর সাথে তার ব্যাপারে এখন আরো শাফা'আত করুল করবে।" এবং প্রবৃত্তির তাড়না মিটাতে বাধা দিয়েছি। অতএব তাঁর ব্যাপারে এখন আরো শাফা'আত করুল করো। কোরআন বলবে, হে রব! আমি তাকে রাতে ঘুম থেকে বিরত রেখেছি। অতএব তার ব্যাপারে এখন আমার সুপারিশ গ্রহণ করো। অতঃপর উভয়ের সুপারিশই কবিল করা হবে।"

আবদুল্লাহ ইবনু 'উমার হতে বর্ণিত, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন "সিয়াম এবং কুরআন বান্দার জন্য শাফা'আত করবে। সিয়াম বলবে, হে রব! আমি তাকে দিনে খাবার গ্রহণ করতে ও প্রবৃত্তির তাড়না মিটাতে বাধা দিয়েছি। অতএব তাঁর ব্যাপারে এখন আরো শাফা'আত করুল করো। কোরআন বলবে, হে রব! আমি তাকে রাতে ঘুম থেকে বিরত রেখেছি। অতএব তার ব্যাপারে এখন আমার সুপারিশ গ্রহণ করো। অতঃপর উভয়ের সুপারিশই কবিল করা হবে।"

রোজা ভঙ্গের কারণসমূহ : কিছু কিছু কারণে রোজা ভঙ্গ হতে পারে। তাই রোজা ভঙ্গের কারণসমূহ সকল মুসলমানের জন্য উচিত বলে বিজ্ঞজন মনে করেন। আসুন কি করলে রোজা ভঙ্গ হয় তা আমরা জেনে নেই।

১. ইচ্ছা করে বমি করা
২. বমির বেশির ভাগ মুখে আসার পর তা গিলে ফেলা
৩. মেয়েদের মাসিক ও সন্তান প্রসবের পর ঋতুস্রাব
৪. ইসলাম ত্যাগ করলে
৫. গ্লুকোজ বা শক্তিবর্ধক ইনজেকশন বা সেলাইন দিলে
৬. প্রস্রাব-পায়খানার রাস্তা দিয়ে ওষুধ বা অন্য কিছু শরীরে প্রবেশ করালে
৭.

রোজাদারকে জোর করে কেউ কিছু খাওয়ালে
৮. ইফতারের সময় হয়েছে ভেবে সূর্যাস্তের আগে ইফতার করলে
৯. মুখ ভরে বমি করলে
১০. ভুলবশত কোনো কিছু খেয়ে, রোজা ভেঙে গেছে ভেবে ইচ্ছা করে আরও কিছু খেলে
১১. বৃষ্টির পানি মুখে পড়ার পর তা খেয়ে ফেললে
১২. কান বা নাক দিয়ে ওষুধ প্রবেশ করালে
১৩. জিহ্বা দিয়ে দাঁতের ফাঁক থেকে ছোলা পরিমাণ কোনো কিছু বের করে খেয়ে ফেললে
১৪. অল্প বমি মুখে আসার পর ইচ্ছাকৃতভাবে তা গিলে ফেললে
১৫. রোজা স্মরণ থাকা অবস্থায় অজুতে কুলি বা নাকে পানি দেয়ার সময় ভেতরে পানি চলে গেলে। (ফাতাওয়ায়ে শামি ও ফাতাওয়ায়ে আলমগিরি)। রোজা মাকরুহ ও কিছু কারণে হতে পারে।

যেসব কারণে রোজা মাকরুহ হয়: আসুন জেনে নেই যেসব কারণে রোজা মাকরুহ হয়- * বিনা ওজরে কোনো জিনিস মুখে দিয়ে চিবানো। * গরমের কারণে বারবার কুলি করা। * টুথ পাউডার, পেস্ট, কয়লা বা অন্য কোনো মাজন দ্বারা রোজার দিনে দাঁত পরিষ্কার করা।* * বিনা ওজরে জিহ্বা দ্বারা কোনো বস্তুর স্বাদ গ্রহণ করা। তবে বদমেজাজি স্বামীর জন্য ক্বীর তরকারির স্বাদ গ্রহণ করার অনুমতি আছে।* * রোজাদার অবস্থায় কারও গিবত (পরচর্চা, পরনিন্দা) করা। * মিথ্যা বলা ও মিথ্যা সাক্ষ্য দেয়া। * অশ্লীল বাক্য উচ্চারণ করা কিংবা পাঠ করা।* - ঝগড়া-বিবাদ করা। কোন কারণে যদি রোজা ভঙ্গ হয় তবে একজন মুসলমান হিসেবে আপনার করনীয় কি? সে বিষয়ে আলোচনা করছি এখন। বিনা কারণে রোজা ভঙ্গ করলে তাকে অবশ্যই কাজা-কাফফারা উভয়ই আদায় করা ওয়াজিব। যতটি রোজা ভঙ্গ হবে, ততটি রোজা আদায় করতে হবে। কাজা রোজা একটির পরিবর্তে একটি অর্থাৎ রোজার কাজা হিসেবে শুধু একটি রোজাই যথেষ্ট। কাফফারা আদায় করার তিনটি বিধান রয়েছে। একটি রোজা ভঙ্গের জন্য অধিকারে ৬০টি রোজা রাখতে হবে। কাফফারা ধারাবাহিকভাবে ৬০টি রোজার মাঝে কোনো একটি ভঙ্গ হলে আবার নতুন করে শুরু করতে হবে। যদি কারও জন্য ৬০টি রোজা পালন সম্ভব না হয়, তবে ৬০ জন মিসকিনকে দুই বেলো খাওয়াতে হবে। কেউ অসুস্থতাজনিত কারণে রোজা রাখার ক্ষমতা না থাকলে ৬০ জন ফকির, মিসকিন, গারিব বা অসহায়কে প্রতিদিন দুই বেলো করে পেটিভরে খাওয়াতে হবে। গোলাম বা দাসী আজাদ করে দিতে হবে। যেসব কারণে রমজান মাসে রোজা ভঙ্গ করা যাবে কিন্তু পরে কাজা করতে হয় তা হচ্ছে মুসাফির অবস্থায়, রোগ-ব্যাধি বৃদ্ধির বেশি আশঙ্কা থাকলে, মাতৃগর্ভে সন্তানের ক্ষতির আশঙ্কা থাকলে, এমন ক্ষুধা বা তৃষ্ণা হয়, যাতে মৃত্যুর আশঙ্কা থাকতে পারে, শক্তিজীন বৃদ্ধ হলে, কোনো রোজাদারকে সাপে দংশন করলে। মহিলাদের মাসিক হয়েজ-নেকাফসকালীন রোজা ভঙ্গ করা যায়। রমজানের একটি বিশেষ ফজিলত বা মাফিয়া হচ্ছে, এই পবিত্র রমজান মাসে আল কোরআন অবতীর্ণ হয়েছে। রমজান মাসের রোজা মানুষকে পাপ-পঙ্খিলতা থেকে মুক্তি দেয়,মানুষের কুপ্রবৃত্তি ধুয়ে মুছে দেয় এবং আত্মাকে দহন করে ঈমানের শাখা প্রশাখা সজীবত করে। সর্বোপরি আল্লাহ রাব্বুল আলামিনের নৈকট্য ও সন্তুষ্টি লাভ করা যায়। রমজান মাসের উপহার তারাবির নামাজ। আর বিশেষ উপহার 'শবে কদর'। এই রাতের ফজিলত পবিত্র কুরআনুল কারীমে বর্ণিত হয়েছে, 'কদরের এরাতিটি এক হাজার মাসের (ইবাদতের) চেয়ে উত্তম।' এক হাজার মাসে তিরাশি বছর চার মাস হয়ে থাকে। ওই ব্যক্তি ভাগ্যবান, যে এই রাতটি ইবাদত বন্দেগীর মধ্যে কাটিয়ে দিতে পারে। কেননা, এর মাধ্যমে সে তিরাশি বছর চার মাসের চেয়েও বেশি সময় ইবাদতে লিপ্ত থাকার সৌভাগ্য অর্জন করে। রমজান মাসে প্রতিটি নেক আমলের ফজিলত ৭০ গুণ বৃদ্ধি করা হয়। একেটিটি নফল ইবাদতের সওয়াব অন্য মাসের ফরজ ইবাদতের সমান। তাই প্রত্যেক মুসলমানের উচিত রমজান মাসের পবিত্রতা রক্ষা করা এবং আল্লাহর ইবাদতে নিজদের মশগুল রাখা। আর রমজানের সব নেক আমল নিজেদের মধ্যে প্রতিষ্ঠিত করা।	
কলাম লেখক ও গবেষক। azizul.ambya@yahoo.co.uk.	


কবিতা পাঠকের হৃদয়ে ঢেউ তোলে, কখনো স্পর্শ করে মৃদু বাতাসের মতো, কখনো বা জাগিয়ে তোলে এক গভীর বিষয়। পলের কাব্যগ্রন্থ "জলভৈরবী" সেই বিশ্বয়েরই এক অনন্য দৃষ্টান্ত। ৬২টি কবিতা নিয়ে রচিত এই গ্রন্থটি কবির চিন্তার গভীরতা, অনুভূতির প্রাবল্য ও ভাষার নবীন প্রকাশের এক শক্তিশালী উপস্থাপনা। প্রকাশনী হরিৎপাত্র, প্রচ্ছদ করেছেন আল লোমান। ২০২৩-এ প্রকাশ হয় তার কাব্যগ্রন্থটি।

"জলভৈরবী" প্রথাগত ছন্দের বাঁধনে আবদ্ধ নয়। কবি মুক্তহৃন্দ ও গদ্য কবিতার মাধ্যমে সৃষ্টি করেছেন এক অনন্য ভাষাশৈলী, যা পাঠককে চিন্তার নতুন জগতে নিয়ে যায়। গদ্য কবিতাগুলো এক ধরনের চিন্তার স্রোত রয়েছে, যেখানে ভাষার বাঁধন আলগা করে কবি নিজের অনুভূতিকে মেলে ধরেছেন। গদ্যের কিছু কবিতা বেশ দীর্ঘ।

যেমন-পৃষ্ঠা ১২-তে "তুমি প্রত্যাশা" কবিতাটি। "সূর্যের আলোর সাথে সাথে তোমারে রূপের পরিবর্তন

সূর্যাস্তের শেষ গোখুলিবেলায়
কিশোরী থেকে নারীতে রূপায়ন

আহা! আশুনরূপে বলসে যায় মন
মগজ আমার প্রেমের পথে নিয়ে যায়..."
৫৫ লাইনের দীর্ঘ কবিতার শেষে কবি লিখেছেন,
"না পাওয়ার আকাঙ্ক্ষায় পেয়েছি
অনুভবের এক মহাউল্লাসের মন
কবিতা লিখি ভালোবেসে তোমার জন্য
বরফের মত শুষ্ক শীতল হৃদয় নিয়ে..!"
"তুমি প্রত্যাশা" কবিতায় কবি প্রেমের



রূপান্তর, না পাওয়ার আকাঙ্ক্ষা, এবং অনুভূতির গভীরতাকে তুলে ধরেছেন। প্রেম শুধু প্রাপ্তি নয়, বরং তা অনুভবেরও বিষয়। না পাওয়া সত্ত্বেও ভালোবাসার অনুভূতি তাকে কবিতার দিকে ঠেলে দিয়েছে। শেষ পঙ্ক্তিতে "বরফের মত শুষ্ক শীতল হৃদয়" বলেই কবি প্রেমের এক দ্বন্দ্বময় বাস্তবতা তুলে ধরেছেন—যেখানে আবেগ ও নিরাসক্ততা পাশাপাশি অবস্থান করে।

মুক্তছন্দের কবিতাগুলোতে প্রথাগত ছন্দের

অনুশাসন না থাকলেও, প্রতিটি শব্দের বুনে এক ধরনের সংগীতধর্মিতা স্পষ্ট। পৃষ্ঠা ২১- এর একটি কবিতা "বোকার স্বর্ণ।"

"অতি ক্ষুদ্র সাধারণ আমি
সবাই মহান জ্ঞানী
সত্য চোরের দখলে চেয়ারে বসে
ভালো করা নাটকের ডায়লগ ও ফন্দি
জানিনা আমরা -কে সে বন্দি
কথায় কথায় নিম্পুকের মূল্যবান বাণী

সত্যা, বিনয় ও ভালোর স্বীকৃতি দেয়া ছাড়া
সুখী মানুষের জীবন হয় কী?"

"বোকার স্বর্ণ" কবিতায় ক্ষোভ ও প্রতিবাদের স্পষ্ট প্রকাশ রয়েছে। কবি সমাজের ভণ্ডামি, ক্ষমতার অপব্যবহার, এবং সত্যতার অবমূল্যায়নের বিরুদ্ধে কটাক্ষ করেছেন। ক্ষমতাবানরা নাটকের মতো সাজানো কথা বলে, অথচ সত্যিকারের গুণের স্বীকৃতি মেনে না। কবির বার্তা হলো—এই সমাজে সৎ ও নিন্মী মানুষের মূল্যায়ন কম, আর ক্ষমতা ও চাতুর্ঘ্যই বেশি প্রাধান্য পায়।

কবি পল সবসময়ই সৃষ্টির রহস্য নিয়ে ভাবেন, খুঁজে ফেরেন উত্তর। তাঁর কবিতাগুলোতেও এই প্রবণতা প্রকট। জীবন, সময়, প্রকৃতি এবং অস্তিত্বের প্রশ্নগুলো তাঁর কবিতার সার্বক্ষণিক অনুষঙ্গ। কখনো সরল ভাষায়, কখনো বিমূর্ত চিত্রকল্পে তিনি উপস্থাপন করেন অনুভূতির এক নতুন ব্যাখ্যা।

পৃষ্ঠা ৫৩-এর একটি কবিতা "মৃত্যু অবধি চলবে।"

"দর্পণের প্রতিবিম্বে প্রতিক্ষণ
ভিন্ন রূপে মানুষের অস্তিত্ব
পশ্চাতে হাসি আর সম্মুখে ছল
ভুবন এক মহানাটকের মহাস্থান।"
শেষে লিখেছেন,
"দীপ্তরের প্রতিকূলে পৃথিবীতে এসে
পবিত্র প্রার্থনায় কী সন্তুষ্টি মিলে? "

"মৃত্যু অবধি চলবে" কবিতায় কবি পল মানব অস্তিত্বের দ্বৈততা, সমাজের ভণ্ডামি, এবং আত্মপরিচয়ের রহস্য নিয়ে প্রশ্ন তুলেছেন। দর্পণের

দাঁড়ানোর মুদ্রা

হরিং বন্দ্যোপাধ্যায়

গাছ মনে করলেই গাছ
তুমি মাছও হতে পারো
নাচ হলেও বাঁকা চোখের চাহনিতে
তোমার কিছু আসবে যাবে না

আসলে সবকিছুর মূলে
তোমার দাঁড়ানোর মুদ্রা

তুমি হাঁটবে
হাওয়ায় হাওয়ায় শুধুই হেঁটে যাবে
নাকি উত্তরের বরফ বরফ বারান্দায়
উঁকি মেরে বলবে —
হাঁটাই যায় তবে
কেউ দাঁড়িয়ে না থাকলে
যেকোনো হাঁটাই অর্থহীন।



মগজে বারুদের গন্ধ

রফিকুল নাজিম

তোমার মগজে বারুদের গন্ধ! তোমার বোধের সড়কে
চলছে মৃত্যুর হোলিপাঠ
সযতনে তোমার আঙুল রেখেছ রাইফেলের ট্রিগারে
গোলাগুলির শব্দ শুনে পাখিরা উড়ে যাচ্ছে
অন্য পৃথিবীতে, টর্পেডোর উষঃ স্পর্শে তছনছ হয়ে যাচ্ছে ফুলের বাগান,
কামানের গোলায় ভস্মীভূত হচ্ছে কেন্দ্রীয় লাইব্রেরির বই-
ধ্বংসস্তূপের নিচে মানুষের মুখ ও মন পৌঁতলে যাচ্ছে।
তুমি গুঁড়িয়ে দিচ্ছো শিক্ষালয়, উপাসনালয়, সিনেমা হল,
নাটকের মঞ্চ, যাদুঘর, কফিশপ, কবিতা পড়ার নিশ্চতিরাত।
মিসাইলের দুর্ধর্ষ চুমোতে ভূ-লুপ্তিত হচ্ছে মানবিক সভ্যতা
প্রিন্টেড গ্লোব থেকেও পৃথিবীকে মুছে দিতে তুমি উদ্যত
তুমি চতুর্দিকে তাক করে রেখেছো পারমাণবিক অস্ত্র;
হিরোশিমা ও নাগাসাকির যুদ্ধ যুদ্ধ খেলা; বিকলাঙ্গ প্রজন্ম!

বারুদে পোড়ে গেলে পৃথিবী
মানুষ, তুমি পালাবে কোথায়?

নাগরিকপত্র

সাকিব জামাল

হে রাষ্ট্র আমার, তোমার চোখে তাকিয়ে-
শব্দহীন কত কথা বলে যাই আমি!
তুমি বুঝে নিও বাতাসের কম্পন।
বুঝে নিও ডপলার ইফেক্ট।
যদি তুমি চাও, আমার চুপকথরা
মুখর হবে স্বাধীনতার গানে
ভালোবাসার রাজপথে!
পাশাপাশি হেঁটে যাব আমরা বহুদূর
সুশাসনের কাঙ্ক্ষিত সড়কে!

রাষ্ট্র তোমাকে বলছি

এম এ ওয়াজেদ

মাগুরার ধর্মিতা শিশুটি আমার মেয়ে
প্রস্তুটিত গোলাপের কুঁড়ি এক
হাসপাতালের বিছানায় শুয়ে শুয়ে কাতরায়

রাস্তার কুকুরেরা নির্দিষ্ট মৌসুম ছাড়া সহবাস করেনা
অবশ্যই তার প্রেমিকা যৌবনপ্রাপ্ত
মধুর মিলনে তারা যৌনকাম পূরণ করে
ভাষাহীন প্রাণীরাও সঙ্গমে তৃপ্ত হয়
কী অবাধ-পৃথিবীর কোনো গবেষণায় প্রাণীরা
শিশু প্রাণীর সাথে মিলিত হয়নি

হিটু শেখ-মানে নি ধর্মের নীতি, নীতিবিদ্যার
সরল পাঠ; তার যৌবন ধ্বংস করেছে ক্ষুধার্ত
নষ্টালজিয়ার বেয়াড়া লাম্পাট্য
রাষ্ট্র তোমাকে বলছি-
আত্মপক্ষ সমর্থনের সুযোগ নেই
প্রমাণিত ঘটনায় ফাঁসির রশি তার প্রাপ্য
অতএব হে রাষ্ট্র তুমি কঠোর হও।

ডিসকোর্সের আগে

সুবাইতা প্রিয়তি

দাঙের দাহ করা দাঁত থেকে নরকের যে শাখানদী
উধাও করে দিচ্ছে প্রাচীন কবর,
সেখান থেকেও জেগে উঠছে একে একে নাভি।
প্রত্যেকে মুখস্থ শব্দ লিখতে উৎসুক তবে
স্বাপদের মুখে গড়িয়ে চলেছে,
এবং ঘটনাপ্রবাহের অভিলম্বে।
ধীর হয়ে যাচ্ছে আওয়াজের বেগ, শুধু যুদ্ধে বুদ্ধ!

কোটি শব্দ গুণোত্তর সম্ভাবনা নিয়ে আমার ভাবনায়
টেক্সটের সংগ্রাম, যেনবা ডিসকোর্সের আগে।

অসুখের কবিতা

শম্পা ঘোষ

নিঃসঙ্গ পথে উড়ছে ছায়ার ভাষারা
চাঁদ ভেসে আছে আলিঙ্গনে আর উদ্দীপনে;
দেওয়াল ফাটলে একটা চারা গাছ
অনেকটা প্রত্যক্ষ জীবনদর্শীর মত,
অজান্তে স্নিগ্ধতা গতিময় হয়
অকারণ অতিশয় ভেবে হয়তো
পেরিয়ে যেতে পারি বালিয়াড়ি,
ভালোবাসায় পোড়ার দক্ষতা নিয়ে দগদগে ঘা-
সব ঘায়ে মলম লাগাতে নেই
গুমোট ভেঙ্গে বারে পড়তে দাও কামাকে,
হাত বাড়লে অনেকগুলো ছবি
কিন্তু আমি খুঁজি অসুখের কবিতা।

চিঠি

পলাশ পোড়েল

হৃদয়ে জমানো এতো রঙিন শব্দমালা
তোমাকে ছুঁতে যায়
সযত্নে তুলে রাখি ভালোবাসার টাপুর টুপুর স্মৃতি
কিশোরী মন গোপনে তুলে রাখে হলুদ চিঠি ।

স্তুরে স্তুরে সাজানো প্রেমের রূপকথা
স্মৃতির আয়নায় ভেসে ওঠে তোমার মুখ
এখনও চিঠি আসে অপেক্ষায় অবুঝ মন
ভালোবাসার গদ্য কথা ; ছুঁয়ে থাকে সারাক্ষণ ।



সুশিক্ষার অভাব

গোলাম সরোয়ার

সকালে বাজারে গেলাম। কিছু কেনাকাটা বাকি ছিল। যে ই কিছু সবজি হাতে নিলাম, হঠাৎ দেখি একটা ছোট বাচ্চা, আমাকে এসে বলল, 'স্যার আমাকে কিছু খেতে দেবেন? আমি সকাল থেকে কিছু খাইনি, খুব খিদে পেয়েছে।' তার দিকে কয়েক সেকেন্ড তাকিয়ে রইলাম। বয়স আনুমানিক বছর দশেক হবে। আমাকে তাকিয়ে থাকতে দেখেই সে বলল, 'এমনি খাবো না আপনার বাজারের ব্যাগটা

আমি আপনার বাড়ি পর্যন্ত পৌঁছে দিয়ে আসবো।' আমি তখন ওকে দুটো বিস্কুটের প্যাকেট কিনে দিলাম। খুব খুশি হয়ে সে একটা প্যাকেটের সবটুকু খেয়ে নিল, আর আরেকটা বগলতলে রেখে দিল। বললাম, 'ওটা খাবে না?' 'বাড়ি নিয়ে যাব, মায়ের জন্য', বলেই ও আমার বাজারের ব্যাগটা হাতে তুলে নিল। বারণ করার পরেও শুনলো না, আমার সাথে হেঁটে বাজারের ব্যাগটা নিয়ে এলো বাড়ির সামনে। 'চলি স্যার....'। পকেট থেকে একশ টাকার একটা নোট বের করে ছেলেটাকে দিতে চাইলাম। কিন্তু সে নিল না। বলল, 'টাকা কেন দিচ্ছেন স্যার? আপনি খাইয়েছেন সেই জন্য আমি বাজারের ব্যাগটা আপনার বাড়িতে পৌঁছে দিয়ে গেলাম।' বললাম, 'এটা নাও কাজে লাগবে।' 'না স্যার! আমার মা বলেছে পরিশ্রম না করে যদি কোন জিনিস কারো কাছ থেকে নেই তাহলে সেটা ভিক্ষা, দয়া, পাপ। আমি এ টাকা নিতে পারব না।' বলেই সে বের হয়ে গেল। আমি ভাবতে থাকলাম, এত ছোট বয়সে ছেলেটা চিন্তার কত গভীরে ঢুকে গিয়েছে! ঘরে ঢুকলাম। দেখলাম আমার স্ত্রী ছেলের উপর চিৎকার করছে। কারণ জিজ্ঞাসা করতেই বলল, ছেলের এই বয়সে

নাকি বাইক চাই, তাই মায়ের সঙ্গে তর্ক করছে। ছেলের বয়স পনেরো। আমি ছেলেকে বললাম, 'দেখ বাবা তুই যখন কলেজে উঠবি, তখন তোকে বাইক কিনে দেবো কথা দিলাম। এখন নয়।' ছেলে বিরক্তি নিয়ে আমার দিকে তাকালো। বলল, 'না আমার এন্ফুনি চাই, আমাদের এত টাকা সম্পত্তি সবই তো আমার। তাহলে আমাকে দেওয়ার বেলো তোমাদের এত কষ্ট কেন? আগামীকালের মধ্যে আমাকে যদি বাইক কিনে না দাও তাহলে আমি বাড়ি ছেড়ে চলে যাব, আর কোনদিন ফিরে আসব না। না হলে আমি!' ছেলের মুখে এমন কথা শুনে কিছুটা ভয় পেলাম। রাগও হলো। কিন্তু কিছু বলতে পারলাম না যদি উল্টোপাল্টা কিছু করে ফেলে। তাই ছেলের কথা মতো বাইক কিনে দিলাম। কিছুদিন পর হঠাৎ থানা থেকে আমার কাছে একটা ফোন কল আসলো। 'আপনার ছেলেকে থানায় নিয়ে আসা হয়েছে আপনি তাড়াতাড়ি চলে আসুন।' আমি দৌড়ে গেলাম থানায়। জানলাম, ছেলে একজন বয়স্ক মানুষকে ধাক্কা মেরেছে, তিনি খুব আহত হয়েছেন। থানায় কর্মরত পুলিশ আমাকে বললেন, 'ছেলেকে এ বসয়েই হাতে বাইরে ধরিয়ে নিয়েছেন। বুঝলাম আপনার পয়সা খুব,তবে পয়সার গরম সব জায়গায় দেখানো যায় না। ছেলে কি করেছে লোকটাকে দেখুন। ঠিক করে মানুষ করুন

ছেলেকে, এই বয়সে এই অবস্থা।' সেদিন নিজেকে খুব ছোট মনে হচ্ছিল,কামা পাচ্ছিল আমার। তারপর সব মিটমিট করে বাড়ি নিয়ে এলাম ছেলেকে। আসলে আমাদের একটাই সম্ভান, বড় আদরের। ও যখন যেটা চেয়েছে তখন সেটা দিয়েছি, কখনো বারণ করিনি। কিন্তু সেদিন বুঝতে পারলাম, চাওয়া মাত্রই সব চাহিদা মেটানো ঠিক না। তাছাড়া, ইমোশোনাল ব্ল্যাকমেইলিং-ভবিষ্যতের জন্যও ভালো কিছু বহন করবে না। সেদিন আমি শুধু পথ শিশুটার কথা ভাবছিলাম! তার কাছে হয়তো দামি পোশাক নেই, পর্যাপ্ত ভালো খাবার, ঘরবাড়ি কিছুই নেই। কিন্তু তার কাছে যে দামি জিনিসটা আছে, সেটা হলো-সুশিক্ষা; যেটা আমি আমার ছেলেকে দিতে পারিনি। সেই অর্থে ওর মা আমার থেকেও বড়ো সম্পদের মালিক। আসলে আমরা অনেক মা-বাবা মনে করি আমাদের সামর্থ আছে তাই বাচ্চা যা চাইবে তাই দেব। বাচ্চাকে কোন কষ্ট পেতে দেব না। আর এই মনোভাবের ফলে সম্ভানদের শৃঙ্খলা ও দায়িত্ববোধ শেখানো কঠিন হয়ে পড়ে। সম্ভানদের জীবনের বিভিন্ন পরিস্থিতির সাথে মানিয়ে নিতে শেখাতে পারলে, তাদের মাঝে শৃঙ্খলা, দায়িত্ববোধ এবং কষ্ট সহ্য করার মতো মানসিকতাও গড়ে উঠে। বাচ্চাদের অভাব শেখাতে হয়, কষ্ট শেখাতে হয়, যাতে সে সব পরিস্থিতির সাথে মানিয়ে নিতে পারে।



GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency

সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী

হোম কেয়ার

HHA/PCA & CDPAP SERVICE



যারা হোম কেয়ার সার্ভিস পাচ্ছেন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে
প্রতিমাসে ৮০০ ডলার পেতে পারেন
আজই যোগাযোগ করুন

প্রশিক্ষণ ছাড়াই
ঘরে বসে আপনজনকে
সেবা দিয়ে অর্থ
উপার্জন করুন

জি অনলিমিটেড ইন্টারনেটসহ
স্যাংসাম গ্যালাক্সী ট্যাব
সম্পূর্ণ ফ্রি



সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা

CALL: (718) 775-7852

SHAH NAWAZ MBA

President & CEO

Cell: 646-591-8396



Email: info@goldenagehomecare.com

Jackson Hts Office

71-24 35th Avenue
Jackson Hts, NY 11372
Ph: 718-775-7852
Fax: 917-396-4115

Bronx Office

831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

Yonkers Office

558 E Kimball Ave
Yonkers, NY 10704
Ph: 718-844-4092
Fax: 917-396-4115

Jamaica Ave. Office

180-15 Jamaica Ave
Jamaica, NY 11432
Ph: 718-785-6883
Fax: 917-396-4115

www.goldenagehomecare.com



PARKCHESTER MEDICAL

TEL: 718-828-6610

Parkchester + Medical

1211 WHITE PLAINS ROAD,
BRONX, NY 10472

WE WELCOME WALK INS



পার্কচেস্টার মেডিক্যাল

INTERNAL MEDICINE

ASTHMA
DIABETES
CENTER

CARDIOLOGY

PHYSICAL
THERAPY

UROLOGY

GYNECOLOGY

PODIATRY

GASTRO-
ENTEROLOGY

ORTHO-
PEDICS

HEALTH CARE
FOR THE
ENTIRE FAMILY

WE ARE OPEN:

MONDAY & THURSDAY 8:30AM-8:00PM	TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM	SATURDAY 9:00AM-3:00PM
------------------------------------	---	---------------------------

WE ACCEPT ALL
MEDICAID / MEDICARE
MOST INSURANCES
ACCEPTED INCLUDING
WORKERS COMP.
NO-FAULT, SLIP AND FALL.



আমরা বাংলায় কথা বলি

মেডিক্যাল সময়সূচি:

সোমবার এবং বৃহস্পতিবার সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা	মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা	শনিবার সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা
---	--	---

তাৎক্ষণিক চিকিৎসা সেবায় স্বাগতম!

আমরা সকল প্রকার মেডিকেইড ও
মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপূরণ
• নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

শারীরিক অভ্যন্তরীণ সমস্যা
শ্বাসকষ্ট, ডায়াবেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র



M & N HOME CARE

Best pay rate in the industry

CDPAP
PCA
HHA

\$ 23.99



SNAP BENIFITS



HOUSING Assistance



CASH Assistance

Upto \$ 21.282.68

Phone : 866-688-6922

Cell : 646-280-5001



ABRAMS LAW GROUP আব্রামস আইন গ্রুপ



INJURED? WE CAN HELP!!

FREE
Accident
Consultation



Have you or a loved one been injured by a carelessly driven vehicle or 18-wheeler or by another's irresponsible conduct?

Let us protect your rights and recover the full amount due from the insurance companies and responsible parties.

ATTORNEY AT LAW

MELANIE ABRAMS, ESQ.

RECOVERED MILLIONS FOR OUR CLIENTS.

WE ALSO HANDLE

- ✓ CAR ACCIDENTS | গাড়ি দুর্ঘটনা
- ✓ TRUCK ACCIDENTS | ট্রাক দুর্ঘটনা
- ✓ TRIP AND FALL | ট্রিপ এবং পতন
- ✓ UBER/LYFT ACCIDENT | UBER/LYFT দুর্ঘটনা
- ✓ DEPORTATIONS | নির্বাসন
- ✓ ADJUSTMENT OF STATUS | স্থিতির সামঞ্জস্য
- ✓ ASYLUM APPLICATIONS | আশ্রয়ের আবেদনপত্র
- ✓ VAWA PETITIONS | তাদের পিটিশন আছে
- ✓ FIANCE VISA PETITIONS | বাগদত্তা ভিসা পিটিশন
- ✓ FAMILY PETITIONS | পারিবারিক পিটিশন
- ✓ EB1/E82 PETITIONS | EB1/E82 পিটিশন
- ✓ UNCONTESTED DIVORCE | অপ্রতিদ্বন্দ্বী বিবাহবিচ্ছেদ

GET HELP TODAY! 718-997-9797

104-70 QUEENS BOULEVARD, SUITE 403
FOREST HILLS, NY 11375

[abramslawgroupny.com](https://www.abramslawgroupny.com)

<https://g.co/kgs/iC36XA>

[abramslawgrouppe](#)

[abramslawgrouppe](#)

প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন



নারীর প্রতি সহিঃসতা, ধর্ষণের বিরুদ্ধে প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থীদের পরিবেশনা। গতকাল টিএসসির রাজু ভাস্কর্যের সামনে।

পুলিশে শৈথিল্য,
বাড়ছে বিশৃঙ্খলা

ডেস্ক রিপোর্ট

বিভিন্ন প্রেক্ষাপটে দেশে ক্রমে বাড়ছে অপরাধমূলক কর্মকাণ্ড। বিশেষ অভিযান পরিচালনা করেও এর রাশ টানা যাচ্ছে না। এ পরিস্থিতিতে অন্তর্বর্তী সরকারের সক্ষমতা নিয়ে প্রশ্ন তোলা হচ্ছে। দেশের আইন-শৃঙ্খলা পরিষ্কারে এই অবনতির নেপথ্যে ইন্সন জোগাচ্ছে পতিত আওয়ামী লীগ সরকারের দোসররা।

সূত্র বলছে, আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীতে কর্মরতদের বেশির ভাগই আওয়ামী শাসনামলে নিয়োগপ্রাপ্ত। ছাত্র-জনতার জুলাই অভ্যুত্থানে দেশে পটপরিবর্তন হলেও তারা ঘাপটি মেরে

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

যুক্তরাষ্ট্রে পোশাক রফতানিতে
প্রবৃদ্ধির শীর্ষে বাংলাদেশ

অটেক্সার তথ্য

ডেস্ক রিপোর্ট

যুক্তরাষ্ট্রের বাজারে পোশাক রফতানিতে রেকর্ড সৃষ্টি করেছে বাংলাদেশ। গত জানুয়ারিতে পোশাক রফতানির প্রবৃদ্ধিতে প্রতিযোগী সব দেশকে পেছনে ফেলেছে বাংলাদেশ। অর্থাৎ যুক্তরাষ্ট্রে তৈরি পোশাক রফতানির প্রবৃদ্ধিতে শীর্ষ অবস্থানে এখন বাংলাদেশ।

ইউএস ডিপার্টমেন্ট অব কমার্সের
আওতাধীন অফিস অব টেক্সটাইল অ্যান্ড
অ্যাপারেলের (অটেক্সা) হালনাগাদ

পরিসংখ্যান অনুযায়ী— যুক্তরাষ্ট্রের
বাজারে ৮০ কোটি ডলারের তৈরি পোশাক
রফতানি করেছেন বাংলাদেশের
উদ্যোক্তারা। এ রফতানি গত বছরের
(২০২৪) জানুয়ারির তুলনায় ৪৫ দশমিক
৯৩ শতাংশ বেশি। প্রবৃদ্ধির এই হার চীন,
ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, ভারতসহ শীর্ষ
পোশাক রফতানিকারক দেশের মধ্যে
সর্বোচ্চ।

অটোম্বাৰ তথা অনুযায়ী, বিশ্বের
বিভিন্ন দেশ থেকে গত জানুয়ারিতে
যুক্তরাষ্ট্রের আমদানিকারকেরা ৭২০ কোটি
ডলারের তৈরি পোশাক আমদানি

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

ইসরায়েলবিরোধী
আন্দোলন
কলম্বিয়া
বিশ্ববিদ্যালয়ের
শিক্ষার্থী আটক

উত্তর আমেরিকা ডেস্ক

ইসরায়েলবিরোধী আন্দোলনে নেতৃত্ব দেওয়ায় মাহমুদ খলিল নামের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে আটক করেছে ট্রান্স প্রশাসন। পাশাপাশি তাকে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কারের চেষ্টা করছে প্রশাসন। তিনি বর্তমানে গ্রীন কাডার্শার (স্বায়ী বাসিন্দা) এবং এ বিষয়ে তার আইনজীবীরা আদালতে মামলা করেছে।

মাহমুদ খলিল গত ডিসেম্বরে কলম্বিয়া বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক ও পাবলিক অ্যাফেয়ার্স বিষয়ে মাস্টার্স ডিগ্রি লাভ করেন। শনিবার নিউইয়র্কে অভিবাসন কর্মকর্তারা তাকে গ্রেপ্তার করে লুইজিয়ানার একটি ডিটেনশন সেন্টারে স্থানান্তরিত করে। ফিলিস্তিন বংশোদ্ভূত

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

নাগরিকত্ব ফিরে
পেলেন বাংলাদেশি
বংশোদ্ভূত শামীমা

উত্তর আমেরিকা ডেস্ক



শামীমা বেগম

অবশেষে ব্রিটিশ
নাগরিকত্ব ফিরে
পেয়েছেন বাংলাদেশি
বংশোদ্ভূত নারী শামীমা
বেগম। দুই ব্রিটিশ
নাগরিকের নাগরিকত্ব শামীমা বেগম
ফেরত পাওয়ার মামলার
আপিলের পরিত্রেক্ষিতে আজ ব্রিটিশ সুপ্রিম
কোর্ট শামীমা ও অন্য আবেদনকারীর পক্ষে
রায় দেন। ব্রিটিশ মানবাধিকার সংগঠন

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১



Shafi Chowdhury

Consultant

Cell: 646-403-6500

HILLSIDE ACCOUNTING SERVICES INC.

Tax, Travel, Payroll & Immigration

167-13 Hillside Ave. 2A, Jamaica NY 11432

Cell: 646-403-6500, Fax: 917-775-7357

E-mail: hillsideaccounting@gmail.com



69 St. Station (Al Hamrah 2nd Fl.)



অবিশ্বাস্য সেল!

718-721-2012

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ার

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

দেশে যাওয়ার পথে ওমরাহ পালনের সুযোগ

৭৭৫

25-78- 31ST., ASTORIA, NY 11102

Subway: R W 30 Avenue Station



Nazrul Islam

President & CEO



মুচুন কপিল খালি'স খবর বাংলাদেশি খাবারের আদারজন



খালি'স ফুড

১০০০ বর্গ ফুটের বিশাল স্টোর, ১১০০-৬০০০ পরিমিত স্টক, সব
 @ khali'sfood.com

Khali's Biryani House ☎ 718.609.4840

Khali's Halal Chinese ☎ 646.763.5073

Khali's Pizza & Grill ☎ 718.677.7997

Khali's Supermarket ☎ 718.621.9993

1457 Unionport Rd, Bronx, NY 10462



Home & Habitat Realty Corp.

নিউইয়র্কে বাড়ী ক্রয়
বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান

516-460-8260

Mohammed Islam

Branch Manager

646-724-6417



সুলভ
মূল্যে
বাড়ী
ক্রয়
বিক্রয়

71-20 35th Ave, Jackson Heights, NY 11372

বাক্সালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

(BANGLA TRAVELS)
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372

সুপার সেল
\$৫৪৯+

917-396-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

থ্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

TOLL FREE 1-866-MOIN-LAW

Cell: 917-282-9256

To Schedule Appointment Only.

- গাড়ী এক্সিডেন্ট
- বন্ডিং এ দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং



Moin Choudhury, Esq.

Attorney at Law

IMMIGRATION

TIMOTHY BOMPART, ESQ.

ATTORNEY AT LAW

Law offices of Timothy Bompert 37-11 74 St, Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan & Long Island Office By Appointment Only

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC. Timothy Bompert is admitted in NY only



Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার

Immigrant Elder Home Care LLC

বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

টক অব দ্যা উইকে সাইফুল আজম সিদ্দিকী

পৃথিবীতে একটাই দেশ ভাষা থেকে জন্মেছে, তা হল বাংলাদেশ

উত্তর আমেরিকা অফিস

‘আমরা চাইলেই আমাদের চামড়ার রঙ বদলাতে পারবো না। জন্মগত বাঙালি তাই আমার সন্তানদের অরিজিন জানতে চাইলে বাঙালিই বলতে হবে। এই অরিজিন জানানোর সময় আমাদের কিছু গর্বের বিষয় থাকা উচিত। বাংলাদেশ সম্পর্কে বাচ্চাদের কিছু জানাতে হলে প্রথমেই বাংলা ভাষা আসে। ভাষা থেকেই একটা দেশ বাংলাদেশের জন্ম হয়। এই গর্ববোধ বাচ্চাদের শেখাতে হবে। সেই জন্যেই প্রবাসে আমাদের সন্তানদের বাংলা ভাষা শেখানো দরকার।’

প্রবাসে নতুন প্রজন্মকে বাংলা শেখানোর বিষয়ে আশাবাদী হয়ে কথাগুলো বলেছেন সাইফুল আজম সিদ্দিকী।

গত বৃহস্পতিবার (৬ মার্চ) প্রথম আলো উত্তর আমেরিকার সাপ্তাহিক সম্প্রচার ‘টক অব দ্যা উইক’ অনুষ্ঠানে অতিথি ছিলেন তিনি। সাইফুল আজম সিদ্দিকী একাধারে সাংবাদিক, কলামিস্ট, প্রবাসী ক্রীড়া ও সাংস্কৃতিক সংগঠক ও আবৃত্তিকার। ‘ইউনিভার্সিটি অফ মিশিগান’ থেকে উচ্চ শিক্ষা লাভের পর বর্তমানে বহুজাতিক গাড়ি প্রস্তুতকারী কোম্পানি স্টেলান্টিসে প্রকৌশলী ম্যানেজার হিসেবে কর্মরত আছেন। বসবাস করছেন যুক্তরাষ্ট্রের মিশিগান স্টেটে।

অনুষ্ঠানটির উপস্থাপনায় ছিলেন ফরিদা ইয়াসমীন। পরিচালনায় এইচ বি রিতা।

ফরিদা ইয়াসমীন প্রথমেই জানতে চান, কবি ও আবৃত্তিকারের মাঝে সংযোগটা কোথায় বা কীভাবে হয়? সাইফুল আজম বলেন, ‘স্কুল জীবন থেকেই লেখালিখির শুরু, তারপর বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ থেকে পত্রিকাগুলোর সাথে জড়িত হই। ২০০১ সালে প্রথম আলোতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের একজন আয়োজক হিসাবে ছিলাম

আমি। পরবর্তী দৈনিক যুগান্তর পত্রিকায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসাবেও লেখালিখি করেছি। কবিতার ছাথে সেই সময়েই হৃদ্যতা। স্টেটবেলায় স্কুল কলেজের বার্ষিক অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করতাম। তবে কোভিড চলাকালীন কবিতা পাঠের চর্চা গভীরতার সৃষ্টি হয়। দেশের বাইরে থাকলেও শুদ্ধভাবে কথা বলার ও আবৃত্তি করার চেষ্টা করি।’

একজন সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠকের প্রেক্ষাপট থেকে তিনি বলেন, ‘সব সময়ই খেলাধুলার সাথে জড়িত ছিলাম। প্রফেশনালি কখনো বড় মঞ্চে খেলা হয়নি। কিন্তু বিশ্ববিদ্যালয়ে অধিনায়ক হিসাবে বিভিন্ন খেলায় খেলেছিলাম। পড়াশোনার চাপে পেশাদারিভেদে কাছাকাছি যাওয়া হয়নি। তবে নেশাটা মনের মধ্যে ছিল। প্রবাসে এসে ব্যস্ততা থাকা সত্ত্বেও শরীর ও মন-মানসিকতা সুস্থ রাখার জন্যে ক্লাব গঠন করি। ক্লাবের মাধ্যমে বাংলাদেশের বিশেষ দিনগুলো যেমন, একুশে ফেব্রুয়ারি, ১৬ ডিসেম্বর, ২৬ মার্চ, পহেলা বৈশাখ পালন করি। বিগত দশ বছরে মিশিগান স্টেটে বাঙালির সংখ্যা বেড়েছে। তাই,

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

ম্যারিন্যাডে বাড়ি ক্রয় বিক্রয় পছন্দযোগিতার জন্য কল করুন

"REALTOR, YOU CAN DEPEND ON"

RE/MAX
PROS




Hashan Chowdhury
Realtor

Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282

মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২
অফিস: ৩০১-৯১৬-১৪০০
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২

Realtorchowdhury@gmail.com
12810 Wisteria Dr, #300
Germantown, MD 20884



কর্ণফুলী ট্যাক্স

www.karnafullytax.com

TAX SERVICES INC.



ইনকাম ট্যাক্স

কর্পোরেট ট্যাক্স

সেলস ট্যাক্স

পেরোল

বিজনেস সেটআপ



**ENROLLED
AGENT**

ইমিগ্রেশন

নোটেরী পাবলিক

PH: 718-205-6040

37-20 74th Street, 2FI, Jackson Heights

Mohammed Haseem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

HILLSIDE TAX & MULTISERVICES INC.

file

- Income Tax
- Sales Tax
- Corporate Tax
- Partnership Tax
- Business setup
- Payroll (W2, 1099)
- All Immigration Services
- Accounting & Bookkeeping

MD SHORIF ISLAM
President & CEO

165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432
Tel: +1 (347) 251-9921, Email: HillsideTax21@gmail.com



ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services

আমাদের সেবা নকশা

- সফলতার ও ইতিবাচক প্রচেষ্টা
- আই ব্যাংক এবং ওয়াশিংটন স্টেট
- হারবার্ড এবং এফ.এস.বি. ডেভেলপ
- ইন্ডিয়ান স্টেট
- সেন্ট্রাল ইন্ডিয়ান
- ইন্ডিয়ান স্টেট
- ইন্ডিয়ান স্টেট
- ইন্ডিয়ান স্টেট

929-207-1516
2152B Westchester Ave,
Bronx, NY 10462



Zakir Choudhury, CPA
Founder & CEO

আমরা ইন্ডিয়ান এবং সিটিজেনশীপ এর আমদানি করে থাকি

www.zakircpa.com
info@zakircpa.com



IATA
Accredited
Agent

বাংলাদেশসহ সারা পৃথিবীর যেকোন দেশে
নিরাপদ ভ্রমণের অধীকার



Hajj & Umrah

RAHMANIA TRAVEL SERVICES

TICKETS: DOMESTIC & INTERNATIONAL



EMIRATES



KENYA AIRWAYS



TURKISH AIRLINES



QATAR



ETIHAD

এয়ার টিকেট, হজ্জ-ওমরাহ ও ভিসা প্রসেসিং

CALL: 718-205-3270, 646-322-1654

37-15, 73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372